আল-ফিরদাউস সংবাদ সমগ্র

মে, ২০২১ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

মে, ২০২১ঈসায়ী

সূচিপত্র

৩১শে মে, ২০২১

খোরাসান | তালিবানদের কাতারে শামিল হল আরো ৯০ কাবুল সৈন্য

আফগানিস্তানের বালখ ও কান্দাহার প্রদেশের বিভিন্ন এলাকা থেকে ৯০ জন কাবুল সরকারী সেনা ও পুলিশ সদস্য তালিবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছে।

তালেবান এক বিবৃতিতে বলেছে যে, আজ ৩১ মে সোমবার, আফগানিস্তানের বালখ প্রদেশের চারবোলাক, শুলগর, খাস-বালখ, শর্টা এবং দওলতাবাদ জেলা থেকে ৪৫ জন কাবুল সরকারী সেনা ও পুলিশ সদস্য তাদের সামরিক পদ থেকে পদত্যাগ করেছেন এবং সত্য ঘটনাগুলি উপলব্ধি করে মুজাহিদিনের কাতারে এসে যোগদান করেছেন।

তালিবানদের দাওয়াহ ও গাইডেন্স কমিশনের কর্মকর্তারা আত্মসমর্পনবারী এসব সামরিক সদস্যদের স্বাগত জানিয়েছেন।

এছাড়াও কান্দাহার প্রদেশের জেরাই জেলা থেকেও ৪৫ কাবুল সরকারী সেনা তালিবানদের কাছে এসে আত্মসমর্পণ করেছে।

তালিবানের সামরিক মুখপাত্র- ক্বারী ইউসুফ আহমদী হাফিজাহুল্লাহ্ বলেছেন, দাওয়াহ ও গাইডেন্স কমিশনের প্রচেষ্টায় এসব সৈন্যরা মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছিল। যারা দুর্নীতিবাজ কাবুল প্রশাসন থেকে বিচ্ছিন্ন হয়ে মুজাহিদিনের কাতারে এসে যোগ দিয়েছিল।

অনেক আত্মসমর্পণকারী কাবুল সেনা তালিবানদের হাতে প্রচুর অস্ত্র, গোলাবারুদ এবং ট্যাঙ্ক ও রেঞ্জার গাড়িও হস্তান্তর করেছে।

মালি | মুরতাদ বাহিনীর উপর আল-কায়েদার হামলা, ৬ সৈন্য ও ২টি গাড়ি নিষ্ক্রিয়

পশ্চিম আফ্রিকার দেশ মালির সিকাসো অঞ্চলে দেশটির মুরতাদ পুলিশ বাহিনীর একটি চেকপোস্টে সফল হামলা চালিয়েছেন আল-কায়েদার একদল (জিএনআইএম) জানবায মুজাহিদিন। এতে ৫ পুলিশ ও এক সেনা সদস্য নিহত এবং ২টি গাড়ি ধ্বংস হয়েছে।

বামাকো নিউজ ও মুজাহিদ সমর্থক স্থানীয় সূত্রে জানা গেছে, গত ৩০ মে রবিবার, পশ্চিম আফ্রিকার দেশ আইভোরি-কোষ্ট এবং গিনি সীমান্ত থেকে একশ কিলোমিটার দূরে এবং মালির বোগৌনি শহর থেকে ৬ কিলোমিটার দূরে তৃদেশীয় সীমান্ত এলাকায় অবস্থিত মালিয়ান মুরতাদ পুলিশ বাহিনীর একটি চেকপোস্টে সফল হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন।

আল-কায়েদা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের জানবায মুজাহিদদের উক্ত সফল হামলায় ক্রুসেডার ফ্রান্সের গোলাম ৫ পুলিশ ও এক সেনা সদস্য নিহত হয়েছে। ধ্বংস হয়ে গেছে মুরতাদ বাহিনীর চেকপোস্টটিও, এছাড়াও উক্ত অভিযানে চেকপোস্টে থাকা মুরতাদ বাহিনীর ২টি গাড়িও ধ্বংস হয়েছে।

উল্লেখ্য যে, সরকার পন্থি মিডিয়াগুলো এই হামলার বিষয়ে অপপ্রচার চালাচ্ছে যে, এতে ২ পুলিশ সদস্য ও ৪ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন। তাদের এমন দাবীকে মিথ্যা বলছেন স্থানীয় মুজাহিদগণ। তাদের দাবি, হামলার সময় ঘটনাস্থলে কোন বেসামরিক নাগরিক ছিলেন না, আর বেসামরিক নাগরিকরা কখনোই মুজাহিদদের টার্গেট না। মুজাহিদগণ খুবই দক্ষতার সাথে অল্প সময়ের মধ্যে এই অভিযানটি সম্পূর্ণ করেছিলেন।

কেনিয়া | ক্রুসেডার বাহিনীর ২টি সামরিক ঘাঁটি ধ্বংস করল আল-কায়েদা

পূর্ব আফ্রিকার দেশ কেনিয়ার উত্তর-পূর্বাঞ্চলে ক্রুসেডার বাহিনীর দুটি ভিন্ন ঘাঁটিতে হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

রিপোর্ট অনুযায়ী, গত ৩০ মে রবিবার রাতে, উত্তর-পূর্ব কেনিয়ার ওয়াজির কাউন্টিতে দেশটির ক্রুসেডার বাহিনীর ভিন্ন ২টি ঘাঁটিতে মুজাহিদিন কর্তৃক সফল আক্রমণ চালানো হয়েছে বলে দাবি করেছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

আরো দাবি করা হয়েছে যে, ওয়াজির কাউন্টির কারসু এবং ওরজাদুদ এলাকায় অবস্থিত ক্রুসেডার বাহিনীর ২টি ঘাঁটিই হারাকাতুশ শাবাব মুজাহিদিন জ্বালিয়ে দিয়েছেন। যার ফলে ক্রুসেডার বাহিনীর জান-মালের ব্যাপক ক্ষতি হয়েছে এবং ক্রুসেডার বাহিনী উভয় ঘাঁটি ছেড়েই পালিয়েছে।

উল্লেখ্য যে, গত ৮ দিনের মধ্যে কেনিয়ার ভিতরে দেশটির ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধ ৯টি আক্রমণ চালিয়েছেন শাবাব মুজাহিদিন। যার মধ্যে ম্যান্দেরায় ২টি, লামুতে ৩টি ওয়াজিরে ২টি আক্রমণন চালানো হয়েছিল।

সোমালিয়া | শাবাব মুজাহিদদের সফল হামলায় ১৮ মুরতাদ সৈন্য খতম

পূর্ব আফ্রিকার দেশ দক্ষিণ সোমালিয়ায় আল-কায়েদা যোদ্ধাদের বীরত্বপূর্ণ এক হামলায় ৫ সৈন্য নিহত এবং ১৩ সৈন্য আহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী গত ২৯ মে শনিবার, দক্ষিণ সোমালিয়ার কেন্দ্রীয় শাবেলী রাজ্যের জাওহার শহর ও রাজি আইলি জেলার মধ্যবর্তী এলাকায় সোমালিয় মুরতাদ মিলিশিয়া ও আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব

মুজাহিদিনের মধ্যে তীব্র একটি লড়াই সংঘটিত হয়। কয়েক ঘন্টা যাবৎ উভয় বাহিনীর মাঝে এই লড়াই চলতে থাকে।

যুদ্ধের ফলশ্রুতিতে, হারাকাতুশ শাবাবের তীব্র হামলায় সোমালিয় মুরতাদ বাহিনীর কমপক্ষে ৫ মিলিশিয়া নিহত এবং আরো ১৩ এরও বেশি মুরতাদ সৈন্য আহত হয়।

পাকিস্তান | তালিবানের আইইডি বিস্ফোরণে মুরতাদ বাহিনীর আইইডি বিশেষজ্ঞের একটি টিম নিষ্ক্রিয়

পাকিস্তানের ওয়াজিরিস্তানে মাইন নিষ্ক্রিয়কারী মুরতাদ বাহিনীর ১টি জামার গাড়ি ও পুরো একটি টিমকে আইইডি হামলার মাধ্যমে নিষ্ক্রিয় করে দিয়েছেন পাক-তালিবান মুজাহিদিন।

রিপোর্ট অনুযায়ী গত ৩০ মে রবিবার, ওয়াজিরিস্তানের গরিয়ম সীমান্ত এলাকায় পাকিস্তানী মুরতাদ বাহিনীর পুরো একটি টিমকে তাদের গাড়িসহ হত্যা করেছেন তেহরিক-ই-তালিবান পাকিস্তানের জানবায মুজাহিদিন

দলটির কেন্দ্রীয় মুখপাত্র- মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানান, তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মাইন মাস্টার মুজাহিদিনরা আল্লাহ তায়ালার বিশেষ সহায়তায় আইইডি বিস্ফোরণের মাধ্যমে নাপাক সেনাবাহিনীর একটি যানকে লক্ষ্য করে সফল হামলা চালিয়েছেন। আইইডি বিস্ফোরণে গাড়িটিতে থাকা সমস্ত সামরিক কর্মী নিহত ও আহত হয়েছে, এসময় মুরতাদ সৈন্যদের গাড়িটিও সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়।

জানা যায় যে, পাক-তালিবানের হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া দলটি ছিল পাকিস্তান মুরতাদ সামরিক বাহিনীর মাইন নিষ্ক্রিয়কারী দলের গুরুত্বপূর্ণ একটি টিম।

মোবাইল আসক্ত এসএসসি শিক্ষার্থীকে বকা দেয়ায় আত্মহত্যা

রাজধানীর তেজগাঁওয়ে বাবা ও মায়ের সঙ্গে অভিমান করে ফাতেমা আক্তার (১৭) নামের এক এসএসসি শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

শনিবার দুপুর ১২টার দিকে বেগুনবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

ফাতেমার বাবা আবদুস সালাম যুগান্তরকে জানান, মেয়ে প্রায় সময়ই মোবাইল নিয়ে থাকতো। ঠিকমতো লেখাপড়া করতো না। এ নিয়ে তার মা তাকে অনেক বকাবকি করতো। আজ আমি নিজেও তাকে বকা দিয়েছি।

'এরপর দুপুরে মেয়ের রুমের দরজা বন্ধ দেখতে পেয়ে ডাকাডাকি করি। কোনো সাড়াশব্দ না পেয়ে দরজা ভেঙে দেখি ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস দিয়েছে।'

পরে অচেতন অবস্থায় দুপুর ১টায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঢামেক পুলিশ ক্যাম্পের পরিদর্শক এসআই বাচ্চু মিয়া যুগান্তরকে জানান, মৃতদেহটি ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

ফাতেমা ভোলার বোরহানউদ্দিনের মাইনকারহাট গ্রামের গাড়িচালক আব্দুস সালামের মেয়ে। তেজগাঁও শিল্পাঞ্চল থানার বেগুনবাড়িতে একটি ভাড়া বাসায় পরিবারের সঙ্গে সে থাকতো।

দুই বোন এক ভাইয়ের মধ্যে সে ছিল ছোট। তেজগাঁও আইডিয়াল স্কুল থেকে এবার এসএসসি পরীক্ষা দেওয়ার কথা ছিল ফাতেমার।

ইমামকে পেটালেন আ'লীগ নেতা, হেফাজতের নেতা বানিয়ে মামলার হুমকি

সুনামগঞ্জের তাহিরপুরে আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য হাসান আলী ওরফে হাসান মেম্বার মাদকাসক্ত হয়ে প্রকাশ্যে সড়কের উপর গাড়ি থামিয়ে মসজিদের এক ইমামকে পিটিয়েছে।

রোববার সকাল সাড়ে ১০টার দিকে চাঁরাগাঁও সীমান্ত সড়কের উপর নিজ বাড়ির অদূরে হাসান মেম্বার মসজিদের ইমামকে পেটায়। হাসান উপজেলার উত্তর শ্রীপুর ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও ওই ইউনিয়নের ২নং ওয়ার্ডের ইউপি সদস্য।

শারীরিকভাবে মারধরের শিকার হয়েছেন উপজেলার উত্তর শ্রীপুর ইউনিয়নের সীমান্তবর্তী বাঁশতলা দারুল হেদায়েত হাফিজুল উলুম মাদ্রাসা ও এতিমখানার মুহতামিম এবং মসজিদের ইমাম মাওলানা ওমর ফারুক।

এ ঘটনার আগে একই দিন একটি সালিশ বৈঠকে মাদকাসক্ত হয়ে প্রবেশ ও কথা বলা অবস্থায় ওই ইউপি সদস্যের একটি ভিডিওচিত্র ভাইরাল করেন স্থানীয়রা। এরপর মসজিদের ইমামকে পেটানোর ঘটনায় বিচার চেয়ে সাধারণ লোকজন প্রতিবাদ সমাবেশ ও মিছিল করেন।

মারধরের শিকার মসজিদের ইমাম গণমাধ্যমকে জানান, উপজেলার সীমান্ত এলাকায় কথিত একটি মাজারে করোনাকালীন গান-বাজনার আয়োজন বন্ধে সাবেক ইউপি চেয়ারম্যান মুক্তিযোদ্ধা আমির উদ্দিনের সভাপতিত্বে জঙ্গলবাড়ি মোড়ে সালিশ বৈঠক বসে। মাদকাসক্ত হয়ে হাসান মেম্বার সালিশে আলোচনা চলাকালীন প্রবেশ করে বেসামাল কথাবার্তা বললে সালিশে থাকা লোকজন তাকে সালিশ বৈঠক থেকে বের করে দেন।

এদিকে সালিশ বৈঠকে থাকা মসজিদের ইমাম মাওলানা ওমর ফারুক ভগ্নিপতিকে সঙ্গে নিয়ে নিজ প্রতিষ্ঠান ও নিজ বাড়ি বাঁশতলায় ফেরার পথে সড়কে মোটরসাইকেল থামান হাসান মেম্বার। মাওলানা ওমর ফারুক বলেন, মাদকাসক্ত অবস্থায় প্রকাশ্যে সড়কের উপর আমাকে হাসান মেম্বার কিলঘুষি মারতে থাকেন। প্রতিরোধে এগিয়ে আসায় আমার ভগ্নিপতি জালালকেও মারধর করেন তিনি। হাসপাতালে গিয়ে চিকিৎসা সেবা নিলে কিংবা এ ব্যাপারে থানায় মামলা করতে গেলে হেফাজত নেতা বানিয়ে উল্টো আমাকে মামলায় ফাঁসিয়ে দেয়ার হুমকি দিচ্ছে ইউপি সদস্যের লোকজন।

মাস্ক পরে জনসমক্ষে ধর্ষণ ও খুনের পলাতক আসামি বসুন্ধরার এমডি আনভীর

দীর্ঘদিন লোকচক্ষুর আড়ালে থাকার পর হঠাৎ করেই জনসমক্ষে এল বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সায়েম সোবহান আনভীর। শনিবার (২৯ মে) শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেডের পরিচালনা পর্ষদের (২০২১-২৪) নির্বাচন শেষে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় করে।

এ বিষয়ে বসুন্ধরা গ্রুপের মালিকাধীন 'কালের কণ্ঠ' ও 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকা দুটিতে বিশেষ গুরুত্বের সঙ্গে খবরও প্রকাশিত হয়েছে। সেখানে আনভীরকে ছাইরঙা টুপি, কালো সানগ্লাস, কালো মাস্ক, কালো টি-শার্ট ও গাঢ় নীল প্যান্ট পরিহিত বসা অবস্থায় দেখা যায়, যা খবরটির সঙ্গে প্রকাশিত হয়েছে।

গত ১৯ এপ্রিল রাতে রাজধানীর গুলশানের অভিজাত ফ্ল্যাটে কলেজছাত্রী মোসারাত জাহান মুনিয়ার মৃত্যুর ঘটনায় 'আত্মহত্যার প্ররোচনা' মামলায় একমাত্র অভিযুক্ত আসামি সায়েম সোবহান আনভীর। ঘটনার পর সে দেশে আছে নাকি বিদেশে পালিয়ে গেছে, সেই বিষয়ে কোনো তথ্যই দিতে পারেনি আওয়ামী পেটুয়া বাহিনী। তবে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, মুনিয়ার ফ্ল্যাটে আনভীরের যাতায়াতের প্রমাণ তারা পেয়েছে। এ ঘটনায় আনভীরের কোনো বক্তব্য কোনো গণমাধ্যমই পায়নি। অন্যদিকে আলোচিত এই মামলায় আনভীরকে গ্রেপ্তারের দাবিতে দেশের বিভিন্ন স্থানে নানা কর্মসূচি পালন করে অনেকগুলো সামাজিক সংগঠন।

গত ২৬ এপ্রিল সোমবার সন্ধ্যার পর রাজধানীর গুলশানের ফ্ল্যাট থেকে মোসারাত জাহান মুনিয়ার লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় বসুন্ধরা গ্রুপের এমডি সায়েম সোবহান আনভীরকে আসামি করে মামলা করেন মুনিয়ার বোন নুসরাত জাহান। মামলার এজাহারে বাদী বলেন, মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী মোসারাত জাহান মুনিরা। দুই বছর আগে মুনিরা ও আনভীরের মধ্যে পরিচয় হয়। এরপর থেকে তারা বিভিন্ন রেস্তোরাঁয় দেখা করতেন। তাদের প্রায় সময় মোবাইল ফোনে কথা বলতেন। একপর্যায়ে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। মুনিয়ার মৃত্যুর ঘটনার পর থেকে আনভীরকে পাওয়া যাচ্ছে না, গণমাধ্যমে এ খবর প্রকাশ হয়। তিনি দেশ বা বিদেশে আছেন, সে বিষয়েও কেউ সঠিকভাবে অবগত নন।

উল্লেখ্য, আনভীরের সাথে বর্তমান সরকারের হাত থাকায় শুরু থেকেই সরকারী বাহিনী ও মিডিয়া তার পক্ষ নিয়েছে। তার বিরুদ্ধে তেমন কোন ব্যবস্থাই নেয়নি।

সূত্র:দৈনিক জাগরণ

৩০শে মে, ২০২১

সব খোলা থাকলেও শুধু স্কুল-মাদ্রাসা-কলেজ-বিশ্ববিদ্যালয় বন্ধ

স্বাস্থ্যবিধি মেনে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান ও আবাসিক হলগুলো খুলে দেওয়ার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষক সমাবেশ, মিছিল ও অবস্থান কর্মসূচি হয়েছে। এসব কর্মসূচি শেষে একই দাবিতে আগামী মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'অপমৃত্যু ঘটা' প্রশাসনের প্রতীকী মিছিল নিয়ে খাটিয়া মিছিল কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

'হল-শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দাও আন্দোলন' ব্যানারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা আজ রোববার সকালে ছাত্র-শিক্ষক সমাবেশের আয়োজন করেন।

সমাবেশে অংশ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান আসিফ নজরুল বলেন, দেশের অফিস-আদালত, গার্মেন্টস, ব্যবসাপ্রতিষ্ঠান, গণপরিবহন, শপিং মল—সবই খোলা আছে। উৎসব, আয়োজনও হচ্ছে। তাহলে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় বন্ধ কেন? এ প্রশ্ন আমাকেও পীড়িত করে। এর কারণ কী হতে পারে? এর অন্যতম কারণ সরকারের মধ্যে থাকা বৈষম্যের নীতি। সরকারে যাঁরা আছেন, এর মধ্যে রাজনৈতিক ব্যক্তিরাই শুধু নন, আমলারাও আছেন, তাঁদের অধিকাংশের সন্তান-পরিবার-পরিজন বিদেশে থাকেন। অন্তত বাংলাদেশের কোনো ইংরেজি মাধ্যম স্কুলে পড়ে, অত্যন্ত সাপোর্টিভ একটা সিস্টেমে তাঁরা থাকেন। তাঁদের পড়াশোনায় কোনো অসুবিধা হয় না। অসুবিধা হয় নিম্নমধ্যবিত্ত, নিম্নবিত্ত ও মধ্যবিত্ত পরিবারের সন্তানদের। তাঁদের নিয়ে কোনো মাথাব্যথা নেই।

আসিফ নজরুল অভিযোগ বলেন, 'শিক্ষা জাতির মেরুদণ্ড। কিন্তু বর্তমান সরকারের কাছে জাতির মেরুদণ্ড হচ্ছে শাসন। শাসনকার্যের জন্য যা দরকার—গার্মেন্টস-শিল্পপ্রতিষ্ঠান খোলা রাখা, উৎসব আয়োজন, শপিং মল, গণপরিবহন খোলা রাখা; অর্থাৎ শাসনকে অব্যাহত রাখার জন্য যা দরকার, তাতে তাদের কোনো অসুবিধা নেই। সমস্যা হচ্ছে রাজনীতি ও শিক্ষা নিয়ে। এ দুটিকে বন্ধ রাখতে পারলেই সরকার নিরাপদে থাকে। শিক্ষাঙ্গন বন্ধ থাকলে তারা যা-ই করুক, তার কোনো প্রতিবাদ হবে না। এ প্রতিবাদ সরকারের শাসন পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি করতে পারে, এ ধরনের সামান্য আশঙ্কা থেকেই তারা শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ রেখেছে। মনে হচ্ছে, সম্ভব হলে আগামী নির্বাচন পর্যন্ত তারা শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখতে তৈরি আছে। সবাই গোল্লায় যাক, আমরা ক্ষমতায় থাকি নিরাপদে। কোনো প্রতিবাদ, আন্দোলন যেন না হয়। এ অবস্থার তীব্র নিন্দা জানাই।'

অধ্যাপক আসিফ নজরুল আরও বলেন, ‘শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকার দীর্ঘমেয়াদি প্রভাবটি দেখা হচ্ছে না। ছেলেমেয়েদের মধ্যে মাদক, পর্নোগ্রাফি ইত্যাদি প্রবণতা আসছে। দেশে খেলার মাঠ নেই। গ্রামগঞ্জে যেসব ছেলেমেয়ে ঘরের মধ্যে রুদ্ধ হয়ে আছে, তারা সারাদিন কী করবে? যৌবন হচ্ছে সৃষ্টি, বিদ্রোহ ও নিজেকে গড়ার সময়। এ রকম একটা সময়ে বাংলাদেশের কোটি কোটি তরুণকে করোনার কারণ দেখিয়ে গৃহবন্দী করে রাখা হয়েছে। অবিলম্বে সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়ার অনুরোধ করছি। আমি বলছি না যে সবাইকে একসঙ্গে ক্লাস করানো হোক। অনেক ধরনের পদ্ধতি আছে—বিকল্প ক্লাস নেওয়া যেতে পারে, সপ্তাহে দুদিন ক্লাস নেওয়া যেতে পারে, গ্রামগঞ্জের স্কুলগুলো সপ্তাহে অন্তত এক-দুদিন খোলা রাখা যেতে পারে।’

ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক আবু মূসা মো. আরিফ বিল্লাহ বলেন, ‘শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকাটা সরকারের ব্যর্থতা। সরকার যদি জাতির মেরুদণ্ড শিক্ষাকে ধ্বংস করে, আমরা বসে থাকব না। শিক্ষার্থীরা আজকে হতাশ। বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন আজ ভূলুণ্ঠিত।’

অর্থনীতি বিভাগের ছাত্র সাদিক মাহবুব ইসলাম বলেন, ‘শিক্ষার্থীদের কথা চিন্তা না করে উপাচার্য এখনো কীভাবে সুস্থ আছেন, এই প্রশ্ন আমাদের করা দরকার। শিক্ষার্থীদের সমস্যার দায়ভার প্রশাসনকে নিতে হবে। কারণ, আমাদের ক্লাস-পরীক্ষা ঠিকমতো নেওয়াটা তাঁদেরই দায়িত্ব। অথচ তাঁদের দীর্ঘমেয়াদি কোনো পরিকল্পনা নেই।’

ভাষাবিজ্ঞান বিভাগের ছাত্র এবং ছাত্র অধিকার পরিষদের নেতা আসিফ মাহমুদের সঞ্চালনায় সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা বক্তব্য দেন। সমাবেশ শেষে মিছিল নিয়ে উপাচার্য মো. আখতারুজ্জামানের বাসভবনের সামনে গিয়ে অবস্থান নেন শিক্ষার্থীরা। সেখানে তাঁদের সঙ্গে আসিফ নজরুল ও আবু মূসা মো. আরিফ বিল্লাহও ছিলেন। ঘণ্টাখানেক অবস্থানের পর নতুন কর্মসূচি ঘোষণা করেন এ আন্দোলনের নেতা আসিফ মাহমুদ।

আসিফ মাহমুদ প্রথম আলোকে বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভাবনায় শিক্ষার্থীদের দুরবস্থার বিষয়টি একেবারেই অনুপস্থিত। এ প্রশাসনের অপমৃত্যু ঘটেছে বলে আমরা মনে করছি। এ মৃত প্রশাসনের প্রতীকী লাশ নিয়ে আগামী মঙ্গলবার ক্যাম্পাসে আমরা খাটিয়া মিছিল করব।’ প্রথম আলো

খোরাসান | একের পর এক ইরান সীমান্ত অঞ্চলগুলো দখলে নিচ্ছে তালিবান

তালেবান মুজাহিদিন পশ্চিম আফগানিস্তানের হেরত প্রদেশের ইরান সীমান্তরেখা ধরে খুবই দ্রতভেগে অগ্রসর হচ্ছে। দখলে নিচ্ছে একের পর এক সীমান্ত অঞ্চল।

স্থানীয় সূত্রে জানা গেছে, ইরান-আফগান সীমান্তবর্তী বুলগেনিন ও কুহিস্তাত সংলগ্ন এলাকাগুলোতে তালিবান ও মুরতাদ কাবুল বাহিনীর মাঝে সংঘর্ষ তীব্রতর হচ্ছে। তালিবান কাবুল বাহিনী থেকে অঞ্চলগুলির একের পর এক এলাকা দখলে নিচ্ছে। হেরাতে কাবুল সরকারের নিযুক্ত গভর্নরের দেওয়া বিবৃতি অনুসারে, ইরান-

আফগানিস্তান ট্রেন লাইনের সুরক্ষায় থাকা কাবুল বাহিনীও উক্ত অঞ্চলগুলোতে তালিবানের হামলা থেকে এখন আর নিরাপদ নয়, তারাও এখন তালিবানদের হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছে।

স্থানীয় সূত্র জানায়, আজ ৩০ মে সকাল বেলায়ও ইরান-আফগানিস্তান ট্রেন লাইনে মুরতাদ কাবুল বাহিনীর উপর তীব্র হামলা চালিয়েছে তালিবান মুজাহিদিন। যাতে ৬ কাবুল সৈন্য নিহত এবং আরো ডজনখানেক সৈন্য গুরুতর আহত হয়েছে।

তালেবান মুজাহিদনরা সম্প্রতি হেরাতের পশ্চিম, দক্ষিণ এবং পূর্ব অঞ্চলে তাদের আক্রমণ তীব্র করেছেন, এসব অঞ্চলগুলোর সিংহভাগই এখন নিয়ন্ত্রণ করছে তালিবান। এদিকে আজ (৩০ মে) বিকাল বেলায় তালিবান মুজাহিদগণ হেরাত প্রদেশের দ্বিতীয় সবাচাইতে গুরুত্বপূর্ণ জেলা ঘোরিয়ানার কেন্দ্রীয় বাজার দখলে নিয়েছেন। সন্ধ্যা পর্যন্ত আমাদের কাছে আসা তথ্যমতে তালিবান জেলাটির কেন্দ্রে বিকাল বেলায় ঢুকে পড়েছেন এবং তীব্র লড়াই শুরু করেছেনতালেবান মুজাহিদনরা সম্প্রতি হেরাতের পশ্চিম, দক্ষিণ এবং পূর্ব অঞ্চলে তাদের আক্রমণ তীব্র করেছেন, এসব অঞ্চলগুলোর সিংহভাগই এখন নিয়ন্ত্রণ করছে তালিবান। এদিকে আজ (৩০ মে) বিকাল বেলায় তালিবান মুজাহিদগণ হেরাত প্রদেশের দ্বিতীয় সবাচাইতে গুরুত্বপূর্ণ জেলা ঘোরিয়ানার কেন্দ্রীয় বাজার দখলে নিয়েছেন। সন্ধ্যা পর্যন্ত আমাদের কাছে আসা তথ্যমতে তালিবান জেলাটির কেন্দ্রে বিকাল বেলায় ঢুকে পড়েছেন এবং তীব্র লড়াই শুরু করেছেন।

https://ibb.co/D1z2GK3

২০২০ সালের ২৯ শে ফেব্রুয়ারি আমেরিকার সাথে স্বাক্ষরিত দোহার চুক্তির আওতায় তালিবান মুজাহিদিন শান্তি প্রক্রিয়ার ফলস্বরূপ দেশজুড়ে আক্রমণ হ্রাস করেছিল। সেসময় তালিবান প্রাদেশিক এবং জেলা কেন্দ্রগুলিতে আক্রমণ বন্ধ রেখেছিল।

কিন্তু দোহা চুক্তি অনুযায়ী ১ মে এর মধ্যে ক্রুসেডার মার্কিন ও বিদেশী বাহিনী দেশ থেকে সরে না যাওয়ায়, তালিবানরা এখন দেশজুড়ে প্রাদেশিক এবং জেলা কেন্দ্রগুলোতে মুরতাদ কাবুল বাহিনীর সামরিক ঘাঁটিগুলিকে লক্ষ্যবস্তু করতে শুরু করেছে। তারা ইতিমধ্য ৯টি জেলা দখলে নিয়েছে।

https://ibb.co/CPhDhNQ

এদিকে হেরাত প্রদেশ হচ্ছে আফগানিস্তানের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ও সাংস্কৃতিক কেন্দ্রগুলির মধ্যে একটি। বর্তমানে প্রাদেশিক কেন্দ্র হেরাত শহরেও তালিবান মুজাহিদদের প্রভাব তীব্রভাবে অনুভূত হচ্ছে। এছাড়াও হেরাত হচ্ছে মুরতাদ কাবুল সরকারের অন্যতম সহকারী ও নামধারী ইসলামিক দল জামায়াতে-ই ইসলামীর অন্যতম দুর্গ। প্রদেশটিতে দিন দিন কাবুল বাহিনী ও তাদের সহকারীদের প্রভাব হ্রাস পাচ্ছে।

https://ibb.co/rmg4M2z

প্রদেশ জুড়ে আধিপত্য বিস্তারের ক্ষেত্রে মুরতাদ কাবুল সরকারি বাহিনী থেকে কয়েকগুণ এগিয়ে আছে তালিবান। কেননা তালিবানরা এখন হেরত প্রদেশের দক্ষিণ-পূর্ব এবং পশ্চিম অংশের পাশাপাশি উত্তর অংশও নিয়ন্ত্রণ করছে। কেন্দ্রীয় শহরগুলো ছাড়া প্রদেশটির ৮৫-৯০% এলাকাই বর্তমানে নিয়ন্ত্রণ করছে তালিবান মুজাহিদিন।

পাকিস্তান | মুজাহিদদের মাইন বিস্ফোরণে ২ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানে মুরতাদ সেনাদের উপর সফল মাইন হামলা চালিয়েছেন পাক-তালিবান। এতে কমপক্ষে ২ সৈন্য নিহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গত ২৯ মে সকাল ৭ টা নাগাদ, পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানের সররোগা সীমান্ত এলাকায় দেশটির মুরতাদ সেনাবাহিনীর একটি পদাতিক কাফেলায় পরপর ২টি মাইন বিস্ফোরণের ঘটনা ঘটেছে। স্থানীয় গণমাধ্যম জানিয়েছে, এতে ৩ এরও বেশি সৈন্য নিহত এবং আরো কতক সৈন্য আহত হয়েছে।

অপরদিকে তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র- মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ তাঁর টুইট বার্তায় এই হামলার দায় স্বীকার করে জানান যে, হামলায় কমপক্ষে ২ নাপাক সৈন্য নিহত হয়েছে।

সোমালিয়া | আল-শাবাবের হাতে এক অফিসার সহ ৯ এরও বেশি মুরতাদ সৈন্য খতম

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দেশটির এক সেনা অফিসারসহ তার সাথে থাকা ৯ সৈন্যকে হত্যা করেছেন শাবাব মুজাহিদিন। ২টি সাঁজোয়া যান ধ্বংস।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর রিপোর্ট অনুযায়ী, গত ২৯ মে, দক্ষিণ সোমালিয়ার যুবা রাজ্যের আফমাদু এবং কোগানি শহরের মধ্যবর্তি সড়কে মুরতাদ মিলিশিয়াদের একটি সামরিক কাফেলায় আক্রমণ করেছিলেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

ফলশ্রুতিতে মুরতাদ বাহিনীর একজন উচ্চপদস্থ সেনা অফিসার সহ সরকারী মিলিশিয়া সদস্যদের ৯ সৈন্য নিহত হয় এবং তারা যে গাড়িতে যাত্রা করেছিল সেটিও ধ্বংস করে দেন শাবাব মুজাহিদিন।

হারাকাতুশ শাবাব মুজাহিদদের হামলার শিকার মুরতাদ মিলিশিয়াদের সাহায্যের উদ্দেশ্যে সেখানে আরো একটি সেনা কাফেলা এসেছিল। যার ফলে মুরতাদ বাহিনীর এই কাফেলাটিও মুজাহিদদের হামলার শিকার হয়।

এসময় মুরতাদ সৈন্যদের একটি সামরিক যান ধ্বংস এবং তাদের বেশিরভাগ সৈন্য মুজাহিদদের হামলার হয় মৃত্যুবরণ করে নাহয় গুরুতর আহত হয়ে ময়দান ছেড়ে পলায়ন করে।

বিপদসীমায় তিস্তার পানি

ভারি বর্ষণ ও উজানের ঢলে তিস্তা নদীর পানি ক্রমেই বৃদ্ধি পেয়ে তিস্তা ব্যারাজ পয়েন্টে বিপদসীমা ছুঁই ছুঁই করছে। ফলে বন্যার পদধ্বনি দেখা দিয়েছে তিস্তা অববাহিকায়। এতে তিস্তা চরের মানুষ আতংকিত হয়ে পড়ছে। পানি বৃদ্ধির ফলে তিস্তা চরের কয়েকশত একর জমির পাট, বাদাম, মরিচ, তিল, ধান বীজততলা ক্ষেত পানির নিচে তলিয়ে গেছে। চরের বেশ কিছু ঘরবাড়িতে পানিতে প্লাবিত হয়েছে।

শনিবার বিকেল ৩টায় লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলায় তিস্তা ব্যারাজ পয়েন্টে তিস্তার পানি ৫২.৫০ বিপদসীমার ১০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ব্যারাজের ৪৪টি গেট খুলে দেওয়া হয়েছে।

ডালিয়া পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) সূত্রে জানা যায়, শনিবার বেলা ৩টার পর থেকে তিস্তার পানি বৃদ্ধি পাচ্ছে। সকাল ৯টায় তিস্তা ব্যারাজ পয়েন্টে পানি ৫২.৪৫ বিপদসীমার ১৫ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হওয়া পর বিকাল ৩টার তিস্তার পানি ৫২.৫০ সেন্টিমিটার অতিক্রম করে বিপদসীমার ১০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

জানা গেছে, গত দুই দিন ধরে উজানের পানি ও ভারী বর্ষণের কারণে তিস্তা নদীর পানি বৃদ্ধি পাচ্ছে। ফলে লালমনিরহাটের পাটগ্রামের দহগ্রাম, হাতীবান্ধা উপজেলার গড্ডিমারী, সানিয়াজান, সিঙ্গীমারী, সিন্দুর্না, পাটিকাপাড়া, ডাউয়াবাড়ী এলাকায় জলাবদ্ধতা দেখা দিয়েছে।

এদিকে, পাটগ্রামের দহগ্রাম, হাতীবান্ধা সিন্দুর্না, কালীগঞ্জ উপজেলার ভোটমারী, কাকিনা, আদিতমারী উপজেলার মহিষখোচা,পলাশী, সদর উপজেলার খুনিয়াগাছ, রাজপুর, গোকুণ্ডা, ইউনিয়নের তিস্তা নদীর তীরবর্তী নিম্নাঞ্চলের পানি প্রবেশ করছে। এতে কৃষকের পাট, কুমড়া, মরিচ, বাদাম, তিল, ধান বিজ তলা গত দুইদিন ধরে পানির নিচে তলিয়ে আছে।

তিস্তা চরের কৃষক আনোয়ার হোসেন জানান, নদীর পানিতে ধানের বীজতলা নষ্ট হয়ে গেছে। এখন বর্ষা মৌসুমে ধান রোপন নিয়ে দুচিন্তায় আছি।

তিস্তার ব্যারাজ এলাকার জেলে আকবার আলী বলেন, গত দুই দিন থেকে তিস্তা পানি বৃদ্ধি পাওয়াতে আমরা নদীতে মাছ ধরতে পারছি না আর জালেও মাছও উঠছে না।

হাতীবান্ধা উপজেলার চর সিন্দুর্না গ্রামের মফিজার রহমান বলেন, হঠাৎ করে তিস্তার পানি বৃদ্ধি পাওয়ার আমরা আতংকে আছি। যেভাবে পানি বাড়ছে তাতে চর এলাকায় বন্যা দেখা দিতে পারে। সেই সাথে প্রচুর ভাঙ্গন দেখা দিয়েছে।

এবিষয়ে ডালিয়া পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) নির্বাহী প্রকৌশলী রবিউল ইসলাম বলেন, উজানের পানি ও বৃষ্টির কারণে তিস্তা নদীর পানি বৃদ্ধি পেয়েছে। শনিবার বিকেল থেকে তিস্তার পানি বিপদসীমা ১০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

ফিলিস্তিন জুড়ে চলছে ইসরাইলী তান্ডব, ২ হাজারেরও অধিক মুসলিম গ্রেফতার

দখলদার ইসরাইলী বাহিনী অবরুদ্ধ ফিলিস্তিনে নতুন উদ্যোমে মুসলিমদের পাইকারি হারে গ্রেফতার করা শুরু করেছে। ফিলিস্তিন জুড়ে চলমান এ গ্রেফতার অভিযানে দুই হাজার অধিক নিরাপরাধ মুসলিমকে আটক করেছে দখলদার ইসরাইল।

গত ২৮ মে শুক্রবার আরব তাৎক্ষণিক কমিটি জানায়, সাম্প্রতিক গ্রেফতার অভিযানে অভিশপ্ত ইহুদীদের অবৈধ রাষ্ট্র ইসরাইল তিন শতাধিক অভিযান চালিয়ে ১৭০০-এরও অধিক ফিলিস্তিনি মুসলিমকে আটক করেছে।

ফিলিস্তিনে কর্মরত প্রত্যক্ষদর্শী, ওয়াচডগ জানিয়েছে, দখলদার ইসরাইলী কর্তৃপক্ষের তথাকথিত "আইন বাস্তবায়ন" ক্যাম্পেইন শুরু হওয়ার পর থেকে প্রতিদিন গড়ে ১০০ জন করে ফিলিস্তিনি মুসলিমকে গ্রেফতার করা হচ্ছে।

যদিও গত ২৮ মে শুক্রবার ইসরাইলী পুলিশ এক বিবৃতিতে জানায়, প্রায় ৭০ জনের মতো ফিলিস্তিনিকে তারা গ্রেফতার করেছে। সাম্প্রতিক চলমান গ্রেফতার ক্যাম্পেইনে তারা ৪১৮ মুসলিমকে আটক করেছে।

বিবৃতিতে আরো বলা হয়, গত দুই সপ্তাহের গ্রেফতার অভিযানে ২ হাজারেরও অধিক ফিলিস্তিনিকে তারা আটক করেছে। আর প্রায় ১৭৫ টি মামলা দায়ের করা হয়েছে।

আরব তাৎক্ষণিক কমিটি আরো জানায়, লুদ শহরের অবরুদ্ধ মুসা হাসুনেহ ও অবরুদ্ধ উম আল ফাহেমের মুহাম্মাদ কিউয়ানেই শুধু ১৫০ বার হামলা হয়েছে।

জানা গেছে, রাজধানী জেরুজালেম সহ ফিলিস্তিনের বিভিন্ন শহরে দখলদার ইসরাইলি সৈন্যদের দ্বারা ২৫ জন সাংবাদিক আক্রমণের শিকার হয়েছেন। অভিশপ্ত ইহুদীদ কর্তৃক ঘরবাড়িতে ৭২ টি, গাড়িতে ১২৮ বার ও দোকানগুলোতে ৭ বার হামলার শিকার হয়েছেন ফিলিস্তিনি মুসলিমরা।

গত ১৮ ই মে মঙ্গলবার ফিলিস্তিনে ইহুদি আগ্রাসন বিরোধী সাধারন ধর্মঘটে অংশ নিয়ে অর্ধ শতাধিক ফিলিস্তিনি শ্রমিক দখলদার ইসরাইলি সৈন্যদের দ্বারা আক্রান্ত হন।

এদিকে "বিচারের জন্য আইনজীবী" নামক একটি সংগঠন জানিয়েছে, সম্প্রতি ফিলিস্তিনের রামাল্লায় দখলদার ইসরাইলি প্রশাসন ২০ জন ফিলিস্তিনি মুসলিমকে পলিটিক্যাল গ্রেফতার ধারায় আটক করেছে।

সংবাদ মাধ্যমে প্রত্যক্ষদর্শী ওয়াচডগ জানায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখালেখি ও রাজধানী জেরুজালেম ও অবরুদ্ধ গাজার মুসলিম ভাইদের সমর্থনে সংহতি জানিয়ে বিক্ষোভে অংশগ্রহণের কারণে সমাজ কর্মী ও প্রাক্তন জেলবন্দীদের রাজনৈতিক গ্রেফতারের উক্ত ধারায় টার্গেট করা হচ্ছে।

ওয়াচডগ আরো জানায়, ফিলিস্তিনি সংবিধান ও আন্তর্জাতিক আইনের তোয়াক্কা না করে গ্রেফতারকৃতদের উপর নির্যাতন, নির্মমভাবে প্রহার ও লাঞ্চিত করা হচ্ছে। আটককৃতদের তাদের আইনজীবীর সাথে দেখা করার অধিকারটুকুও হরণ করা হয়েছে।

রোহিঙ্গা মুসলিমদের উপর চলমান জাতিগত নির্মূলাভিযান কবে বন্ধ হবে?

আরাকানে রোহিঙ্গা মুসলিমদের উপর চলমান জাতিগত নির্মূল অভিযান বন্ধের কার্যত কোন লক্ষণ বিদ্যমান নেই। যতই দিন যাচ্ছে মৃত্যুহার উদ্বেগজনকভাবে বেড়ে চলেছে।

যুক্তরাজ্য ভিত্তিক রোহিঙ্গা অধিকার সংরক্ষণকারী সংস্থা "বার্মিজ রোহিঙ্গা অরগানাইজেশন ইউকে" কর্তৃক সম্প্রতি প্রকাশিত প্রতিবেদন জানায়,জাতিসংঘের সর্বোচ্চ আদালত মায়ানমার প্রশাসনকে সংখ্যালঘু রোহিঙ্গা মুসলিমদের নিরাপত্তা দানের আদেশ করার পরও মায়ানমারে রোহিঙ্গা মুসলিম নিধন বন্ধের কার্যত কোনো লক্ষণই নেই।"

গত ২৪ মে সোমবার প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, ২০২১ সালের শুরু থেকে ৯ জন দুগ্ধপানকারী ও অবুজ শিশুসহ কমপক্ষে ১৫ রোহিঙ্গা মুসলিম মায়ানমারের কঠোর দমন নিপীড়ন ও ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে চিকিৎসা বঞ্চিত হয়ে মারা গেছে।

কীভাবে মায়ানমার তার দেশের সংখ্যালঘু রোহিঙ্গা গণহত্যা প্রতিরোধ করছে সে বিষয়ে আন্তর্জাতিক বিচার আদালতে মায়ানমারের দাখিল করা কাকতালীয় রিপোর্টও প্রতিবেদনে তুলে ধারা হয়।

উল্লেখ্য, আন্তর্জাতিক আদালতে করা গাম্বিয়ার রোহিঙ্গা গণহত্যা মামলার ফলশ্রুতিতে ২০২০ সালের জানুয়ারিতে আন্তর্জাতিক আদালত একটি আদেশ জারি করে, যার কারণে বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ মায়ানমার প্রশাসনকে রোহিঙ্গা গণহত্যা প্রতিরোধে তার দেশের গৃহীত সমসাময়িক প্রতিবেদনটি গত ২৩ শে মে'র মধ্যে আন্তর্জাতিক বিচার আদালতে জমা দেয়ার কথা ছিল।

কানাডা ভিত্তিক অন্টারিও ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সীর মতে,"২০১৭ সালের ২৫ শে আগষ্ট থেকে মায়ানমার সামরিক বাহিনীর দ্বারা প্রায় ২৪ হাজার রোহিঙ্গা মুসলিম নিহত হয়েছে, যেখানে ৩৪ হাজারেরও অধিক মুসলিমকে হত্যা করতে আগুনে নিক্ষেপ করা হয়েছিল; ১ লক্ষ ১৪ হাজার রোহিঙ্গাকে নির্মমভাবে পেটানো হয়েছে, ১৮ হাজার নারী ও কন্যা শিশুকে বর্বরভাবে ধর্ষণ করা হয়েছে আর কমপক্ষে ১ লক্ষ ১৫ হাজার মুসলিম ঘরবাড়ি আগুনে বিনষ্ট করা হয়েছে।"

উল্লেখ্য, গত ১ ফেব্রুয়ারিতে মিয়ানমারে সামরিক অভ্যুত্থানের কারণে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারের পতন হয়েছে।

আন্তর্জাতিক বিচার আদালতের মামলায় মিয়ানমারের প্রতিনিধি অং সান সুচিকে সামরিক শাসকরা গৃহবন্দী করে বিভিন্ন অভিযোগে অন্তত ২৬ বছরের কারাদণ্ড দিয়েছে।

বেসামরিক ও মিলিটারি শাসকদের অধীনে রোহিঙ্গাদের প্রতি দীর্ঘদিন অবহেলার কথা উল্লেখ করে প্রতিবেদনে দাবি করা হয়, শাসকদের আইন ও নীতিগুলি রোহিঙ্গাদের আরাকান রাজ্যে একটি উন্মুক্ত কারাগারে বন্দী করে রেখেছিল, যেখানে তাদেরকে নাগরিকত্ব প্রদান ও রাষ্ট্রের অন্যত্র চলাচলের স্বাধীনতা বঞ্চিত করে রাখা হয়।

প্রতিবেদনে আরো উল্লেখ করা হয়, মায়ানমারের বর্তমান সামরিক অভ্যুত্থানের পূর্বেও রোহিঙ্গা মুসলিমদের উপর চলমান জাতিগত নির্মূল বন্ধে তেমন কোন অর্থবহ পদক্ষেপ প্রশাসন নেয়নি।

প্রতিবেদনে সুপারিশ করে বলা হয়, আন্তর্জাতিক বিচার আদালতকে অবশ্যই মিয়ানমারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে, যেন প্রতিশ্রুতিগুলো কাগজে-কলমে সীমাবদ্ধ না থাকে। বর্হিঃবিশ্বের সম্প্রদায়গুলোকে নির্ধারিত প্রতিশ্রুতি পূরণে আন্তর্জাতিক আদালতকে রাজনৈতিক ও বাস্তবিকভাবে পরিপূর্ণ সমর্থন দিয়ে যেতে হবে।

ফটো রিপোর্ট | তালিবান শাসিত আফগানিস্তানের প্রাকৃতিক সুন্দর্য

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালিবান শাসিত বিভিন্ন অঞ্চলের অপূর্ব ও দৃষ্টিনন্দদন প্রাকৃতিক পরিবেশের মনোরম কিছু দৃশ্য। যা ক্যামেরা বন্দী করেছেন তালিবানদের আল-ইমারহ্ ইস্টুডিও'র ফটোগ্রাফার মুজাহিদিন।

এখানে দেখা যাবে কুন্দুজ প্রদেশের দাশ্ত-আরচি জেলার আমু নদী, লাগমান প্রদেশের দৌলত-শাহ জেলা, নুরিস্তানের ওয়ামা জেলা, লাঘমানের আলিশাং জেলা ও তাখার প্রদেশের চাহ-আইব জেলার দৃষ্টিনন্দনীয় অনেক প্রাকৃতিক সুন্দর্য।

https://alfirdaws.org/2021/05/30/49595/

মালি | আল-কায়েদার হামলায় ৩ স্থানীয় সন্ত্রাসী নিহত, অনেক গণীমত লাভ

আফ্রিকার দেশ মালিতে স্থানীয় সন্ত্রাসবাদী মিলিশিয়াদে অবস্থানে একটি সফল হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। এতে সন্ত্রাসী বাহিনীর ৩ সদস্য নিহত এবং মুজাহিদগণ অনেক গনিমত লাভ করেছেন।

রিপোর্ট অনুযায়ী, মোপ্তি রাজ্যের 'কোরো' নামক গ্রামে স্থানীয় সন্ত্রাসী বাহিনী 'দান না আমবাসাগোউ' এর অবস্থানে তীব্র হামলা চালিয়েছেন আল-কায়েদার শাখা জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীন (JNIM) এর জানবায মুজাহিদিন।

বিভিন্ন প্রতিবেদন হতে জানা যায়, গত ২৮ মে শুক্রবার, কোরো নামক গ্রামে সন্ত্রাসবাদীদের অবস্থানে আক্রমণ করেন JNIM এর মুজাহিদিনরা। এসময় তাদের অন্তত ৩ সদস্যকে হত্যা করেন আল-কায়েদা মুজাহিদিন। এসময় সন্ত্রাসীদের কাছে থাকা প্রচুর সংখ্যাক একে-প্যাটার্নের ও মোসিন-নাগান্ট মডেলের রাইফেল ও গুলি জব্দ করেন মমুজাহিদগণ।

উল্লেখ্য, দান-না-আমবাসাগোউ হলো স্থানীয় 'দোগোন' গোত্রভিত্তিক সশস্ত্র সন্ত্রাসী দল। এরা বিগত কয়েক বছর যাবত অন্যান্য গোত্রের মানুষদের উপর যুলুম, লুটতরাজ ও খুন-খারাবি করে আসছে। এজন্যই বাধ্য হয়ে আল-কায়েদা মুজাহিদিন মালিতে বিশেষ করে তাদের নিয়ন্ত্রিত অঞ্চলে শান্তি রক্ষার্থে এসব সন্ত্রাসবাদী গ্রুপগুলোর উপর প্রায়ই আক্রমণ করে থাকেন।

ফিলিস্তিনি মুসলিম তরুণকে গুলি করে খুন করলো ইসরায়েলি সেনা

ইসরায়েল অধিকৃত ফিলিস্তিনের পশ্চিম তীরের নাবলুস শহরে ইসরায়েলি সেনাদের গুলিতে জাকারিয়া হামায়েল (২৮) নামে এক ফিলিস্তিনি বিক্ষোভকারী নিহত হয়েছেন।

দেশটির গণমাধ্যম প্যালেস্টাইন ক্রনিকল জানায়, ইহুদি বসতি স্থাপনের বিরুদ্ধে চলমান বিক্ষোভ মিছিলে শুক্রবার ইসরায়েলি সেনাদের বেপরোয়া গুলিবর্ষণে ওই তরুণ প্রাণ হারান।

ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, নাবলুসের কাছে বেইতা গ্রামে বিক্ষোভের সময় ইসরায়েলি সৈন্যদের গুলিতে জাকারিয়া নিহত হন।

তারা আরও জানান, এ সময় আরও ১০ ফিলিস্তিনি বিক্ষোভকারী ইসরায়েলি সেনাদের নির্বিচার গুলিবর্ষণে গুরুতর আহত হয়েছেন।

২৯শে মে, ২০২১

এবার সন্ত্রাসী দল বিজেপির নতুন টার্গেট মুসলিম প্রধান লাক্ষাদ্বীপ

ভারতের মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাজ্য জম্মু ও কাশ্মিরের মুসলিম সংখ্যাগরিষ্ঠতা শেষ করে তার মুসলিম পরিচিতি ধ্বংস করার প্রথম উদ্যোগ নেওয়ার পরে এখন ক্ষমতাসীন মুসলিম বিদ্বেষী শক্তি বিজেপির টার্গেট একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চল লাক্ষাদ্বীপ।

বিভিন্নভাবে অভিযোগ উঠছে যে লাক্ষাদ্বীপের প্রশাসক ও বিজেপি নেতা প্রফুল খোদা প্যাটেল ৯৭ শতাংশেরও বেশি মুসলিম জনসংখ্যাসম্পন্ন এই দ্বীপের জীবনযাপন ও চিরাচরিত ঐতিহ্যবাহী সংস্কৃতি ধ্বংস করার জন্য নানা রকম পদক্ষেপ নিয়েছে।

ফলে লাক্ষাদ্বীপের মুসলিমদের এই কুখ্যাত প্রশাসককে নিয়ে তৈরি হয়েছে মারাত্মক অস্থিরতা। নতুন প্রশাসক প্রফুল প্যাটেলের একাধিক সিদ্ধান্ত নিয়ে দেখা দিয়েছে বিতর্ক। গরুর মাংসে নিষেধাজ্ঞা, দুই সন্তানের অধিক সন্তান থাকলে অভিভাবকের পঞ্চায়েত ভোটে দাঁড়ানোর নিষেধাজ্ঞা নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে।

মুসলিম প্রধান অঞ্চল হওয়ার কারণেই এমন সিদ্ধান্ত নিয়েছে মুসলিম বিদ্বেষী এই বিজেপি নেতা। ভারতের বেশিরভাগ বিজেপি নেতারা মুসলিমদের জব্দ করতে বেশি করে সন্তান গ্রহণ করতে পরামর্শ দেয় হিন্দু দম্পতিদের কিন্তু মুসলিমদের বিরুদ্ধে একই বিষয়ে বিষাক্ত মন্তব্য করতে দেখা যায় তাদেরকে। যেখানে কেন্দ্রশাসিত অঞ্চল এই দ্বীপপুঞ্জে অপরাধের হার একেবারে নেই বললেই চলে।

সেখানে গুন্ডাদমন আইন প্রণয়ন নিয়েও শোরগোল হচ্ছে। এমনই আইন ব্যবহার করছে উত্তর প্রদেশের কট্টর মুসলিম বিদ্বেষী হিন্দুত্ববাদী মুখ্যমন্ত্রী যোগী মুসলিমদের বিরুদ্ধে একই রকম আইন ব্যবহার করেন বলে অভিযোগ। এছাড়াও নতুন আইনে উন্নয়নের কাজে যেকোনো জমি অধিগ্রহণের ক্ষমতা রয়েছে প্রশাসনের। এই সব চরম বিতর্কিত সিদ্ধান্তের জন্য এই মুসলিম বিদ্বেষী প্রশাসকের বিরুদ্ধে সমালোচনার ঝড় উঠেছে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে।

সোমবারই কেরালার মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন জানিয়েছেন, প্রশাসকের পদক্ষেপ লাক্ষাদ্বীপের সংস্কৃতি ও মানুষের জীবনযাপনকে বড় চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে। তিনি বলেন, এই ধরনের আইন কখনো মানা যায় না।

স্থানীয় এমপি মোহাম্মদ ফয়জল জানিয়েছেন, চলতি বছরের জানুয়ারির পর থেকে প্যাটেলের কারণে প্রায় ৩০০ লোক কাজ হারিয়েছেন। ২০২০ সালের ডিসেম্বরে দায়িত্ব নেয়ার পর থেকেই কেন্দ্রশাসিত অঞ্চলের লোকেরা তার প্রবর্তিত নীতিমালার বিরুদ্ধে প্রতিবাদ করা শুরু করে এবং তার কয়েক দিন পরেই কাজ হারাতে শুরু করেন অনেকেই। হায়দরাবাদের সাংসদ এবং মিম সুপ্রিমো আসাদউদ্দিন ওয়েইসিও প্রশাসকের

দিকে আঙুল তোলেন। তিনি টুইট করেছেন, মোদি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার লাক্ষাদ্বীপ ও সেখানকার জনগণের সংস্কৃতিকে ধ্বংস করছে। তিনি লাক্ষাদ্বীপের কাছ থেকে দ্বীপবিরোধী সমস্ত আইন প্রত্যাহার এবং প্যাটেলকে প্রশাসকের পদ থেকে অপসারণের দাবি জানান। এদিকে, গত কয়েক দিন ধরে সামাজিক যোগাযোগ মাধ্যমে #SaveLakshadweep ট্রেন্ড শুরু হয়। প্রধানত লাক্ষাদ্বীপ ও কেরলের মানুষেরা এই ট্রেন্ডিং শুরু করেন প্যাটেলের স্বৈরাচারী নীতির অবসানের জন্য।

উল্লেখ্য, লাক্ষাদ্বীপ ডেভলপমেন্ট অথরিটি রেগুলেশন ২০২১ (এলডিএআর) প্রশাসককে শহর পরিকল্পনা বা কোনো উন্নয়নমূলক কর্মকাণ্ডের জন্য দ্বীপের বাসিন্দারা সম্পত্তি থেকে অপসারণ বা স্থানান্তর করার ক্ষমতা প্রদান করে। অন্যদিকে, ‘গুন্ডা নীতি’বিরোধী সামাজিক ক্রিয়াকলাপের আওতায় একজন ব্যক্তিকে যেকোনো সময় কোনো কারণ ছাড়াই এক বছর পর্যন্ত আটক করা যাবে।

পাশাপাশি, প্যাটেল লাক্ষাদ্বীপের স্কুল মেনু থেকে আমিষ খাদ্য সামগ্রীগুলো সরিয়ে দেন অথচ ওইসব অঞ্চলের মানুষের খাদ্যতালিকায় ওপরে দিকেই রয়েছে সামুদ্রিক মাছ। মানুষ এই নির্বিচারে অভিহিত করা ‘গুন্ডা আইন’ বাস্তবায়নের বিরুদ্ধেও বিক্ষোভ করছে। অনেক এমপি তাদের চিঠিতে অভিযোগ করেন যে প্যাটেল প্রশাসনের জারি করা আদেশ ও নিয়মগুলোতে জনগণের খাবারের পছন্দ ও জীবিকার বিষয়ে কোনরকম বিচারবিবেচনা না করেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিয়াসাত ডটকমের মতে লাক্ষাদ্বীপের জনসংখ্যার ৯৭ শতাংশ মুসলমান এবং প্রধানমন্ত্রী মোদির ঘনিষ্ঠ সহযোগী প্রশাসক কর্তৃক অনুমোদিত নীতিমালায় হিন্দুত্ববাদ প্রকল্পের সম্প্রসারণের স্পষ্ট প্রতিফলন দেখা যাচ্ছে।

শুধু তাই নয়, প্যাটেলের বিরুদ্ধে কোভিড-১৯ সম্পর্কিত নিয়মগুলো পুরোপুরি পরিবর্তন করা ও সামাজিক বিধিনিষেধ ভাঙার অভিযোগ আনা হয়েছিল। অনেকেই অভিযোগ করছেন প্রশাসনের উদাসিনতার কারণেই এই দ্বীপের ছোট্ট অঞ্চলটিতে কোভিড-১৯ এর সংক্রমণ বেড়েছে।

খোরাসান | তালিবান মুজাহিদদের হামলায় ৬৫ এরও বেশি মুরতাদ সৈন্য নিহত, ৮টি ট্যাঙ্ক ধ্বংস

আফগানিস্তানের হেরাত, ফারয়াব ও কুন্দুজে মুরতাদ কাবুল বাহিনীর উপর ৩টি সফল হামলা চালিয়েছেন তালিবান মুজাহিদিন। এতে ২৭ মুরতাদ সৈন্য নিহত এবং ৩৮ এরও অধিক মুরতাদ সৈন্য আহত হয়।

গত দু'দিন ধরে মুরতাদ কাবুল বাহিনী হেরাত প্রদেশের শিন্দান্দ জেলায় তালিবান নিয়ন্ত্রিত অঞ্চলের দিকে অগ্রসর হওয়ার চেষ্টায় অভিযান চালিয়ে আসছিল। যার ফলে গত ২৮ মে জেলাটির বিভিন্ন এলাকায় তালিবান মুজাহিদদের তীব্র হামলার শিকার হয় মুরতাদ বাহিনী। অভিযান চলাকালীন মুজাহিদদের ল্যান্ডমাইন বিস্ফোরণে মুরতাদ বাহিনীন ৮টি ট্যাঙ্ক ধ্বংস হয়ে যায়।

তালিবান সূত্র জানিয়েছে, মুজাহিদদের হামলায় চাংগানে শত্রু বাহিনীর ৩টি ট্যাংকে বিস্ফোরণ ঘটে, মীর কাসিম গ্রামে ১টি, খরাজ-নাউ এলাকায় ১টি এবং কারজাবি-বে এলাকায় মুজাহিদদের হামলায় আরো ৩টি ট্যাঙ্ক ধ্বংস হয়। এছাড়াও এসব স্থানে মুজাহিদদের তীব্র হামলায় ১৩ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ১৭ পুতুল সেনা আহত হয়।

এদিন কুন্দুজ প্রদেশ থেকে প্রাপ্ত খবরে বলা হয়েছে, প্রদেশটির ইমাম সাহেব জেলার কানজোগি এলাকায় মুরতাদ কাবুল সরকারের অপারেশনাল ফোর্সের সাথে (২৮ মে) সকালে তীব্র লড়াই শুরু হয়েছিল, যা ঐদিন বিকেল পর্যন্ত চলতে থাকে যতক্ষণ না মুরতাদ সৈন্যরা পালিয়ে যায়।

সর্বশেষ তথ্য মতে, এই যুদ্ধে মুজাহিদদের হামলায় শত্রুদের অপারেশনাল ফোর্সের প্রধান কমান্ডার সহ ৫ পুতুল সৈন্য মারা গিয়েছিলেন এবং আরো ১৩ এরও বেশি সৈন্য আহত হয়েছিল। বিপরীতে এই যুদ্ধে দু'জন মুজাহিদও আহত হয়েছেন।

এমনিভাবে আজ (২৯ মে) সকাল ৯ টায় ফারয়াব প্রদেশের জুমা বাজার জেলার বাদগিসি এলাকায় ইসলামী ইমারাতের তালিবান মুজাহিদিনরা মুরতাদ কাবুল সরকারের পুতুল সেনাদের উপর একটি সশস্ত্র হামলা চালিয়ে ছিলেন। কারণ এই মুরতাদ সৈন্যরা সাধারণ মানুষকে বিরক্ত করে আসছিল।

আজ বিকেল চারটা পর্যন্ত এলাকাটিতে মুরতাদ বাহিনীর উপর হামলা চালান মুজাহিদগণ, ফলস্বরূপ এই অঞ্চলটি মুরতাদ ভাড়াটে সৈন্যদের থেকে পুরোপুরি মুক্ত করেন মুজাহিদগণ। এছাড়াও মুজাহিদদের হামলায় ৯ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৮ মুরতাদ সৈন্য আহত হয়েছে।

এ ঘটনায় ৩ জন মুজাহিদও আহত হয়েছেন।

মুসলিম ছাড়া সবাইকে নাগরিকত্ব দেবে হিন্দুত্ববাদী ভারত

ভারতে মুসলমান ছাড়া সব ধর্মের লোকদের নাগরিকত্ব দেয়ার ঘোষণা দিয়েছে ভারত। শুক্রবার (২৮ মে) ভারতের স্বরাষ্ট্রমন্ত্রণালয়ে পক্ষ থেকে ওই বড় ধরনের বিজ্ঞপ্তি জারি করে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আফগানিস্তান, পাকিস্তান, বাংলাদেশ এবং গুজরাট, রাজস্থান, ছত্তিসগড়, হরিয়ানা, পাঞ্জাবের মতো রাজ্যে বসবাসকারী মুসলিমদের ছাড়া হিন্দু, শিখ, জৈন এবং বৌদ্ধদেরকে ভারতীয় নাগরিকত্ব দেওয়া হবে এমনটাই জানিয়েছে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রণালয়। খবর জিনিউজের।

মুসলমান ছাড়া অন্য সবাই যাতে অবিলম্বে আবেদন করে, সেই আমন্ত্রণবার্তাও দেওয়া হয়েছে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের পক্ষ থেকে। নাগরিকত্ব আইন ১৯৫৫ এবং ২০০৯ সালে প্রণীত নাগরিকত্ব সংশোধন আইনের (সিএএ) অধীনে এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

২০১৯ সালে সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী নয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশিত সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ ২০১৯-এর মাধ্যমে ভারতে বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তান থেকে আসা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, জৈন, শিখ ও পার্সিদের সহজেই নাগরিকত্ব দেওয়ার প্রক্রিয়া শুরু করা হচ্ছে।

প্রসঙ্গত, ২০১৯ এর নাগরিকত্ব আইন (সিএএ) পাসের পর থেকেই দেশজুড়ে শুরু হয়েছিল বিক্ষোভ। এমনকি দাঙ্গাও বাঁধে দিল্লিতে। ২০২০ সালেও সেই সিএএ বিরোধী ঝড় অব্যাহত থাকে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশিত সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ ২০১৯-এর মাধ্যমে ভারতে বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তান থেকে আসা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, জৈন, শিখ ও পার্সিদের সহজেই নাগরিকত্ব দেওয়ার প্রক্রিয়া করা শুরু করা হচ্ছে।

রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, নাগরিকত্ব সংশোধন আইন ২০১৯ বাংলাদেশ থেকে আসা হিন্দুদের চিহ্নিত করবে, ফলে অনাগরিক অনুপ্রবেশকারীদের চিহ্নিত করা সহজ হবে।

স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অনিল মালিকের স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়েছিল, 'নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯, ধারা ১, উপধারা ২ মেনে ১০, জানুয়ারি ২০২০ থেকে আইন কার্যকর করা হল।' পরবর্তীতে করোনাভাইরাস মহামারীর কারণে বন্ধ হয়েছিল সিএএর সব প্রক্রিয়া।

চিন পিং সরকারের হাত থেকে কোরআন বাঁচাতে চীনা মুসলিমদের সংগ্রাম

উইঘুর মুসলিমদের নির্মূল করতে দীর্ঘদিন ধরে নানা উপায়ে অত্যাচার চালাচ্ছে চিন পিং সরকার। নারীদের জোর করে গর্ভপাত করানো থেকে শুরু করে ছেলে-মেয়েদের উভয়কেই বন্দিশিবিরে আটকে রাখা হচ্ছে। আর এবার জানা গেল মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ কোরআন বাজেয়াপ্ত করছে চীনের কমিউনিস্ট পার্টির সরকার। শুধু তাই নয়, যাঁর কাছ থেকে কোরআন পাওয়া যাচ্ছে তাঁর ওপর অকথ্য অত্যাচারও চালাচ্ছে। সম্প্রতি এই এরকম একটি ঘটনার সময় পবিত্র ধর্মগ্রন্থকে বাঁচাতে পানিতে ফেলে দেন মুসলিম সম্প্রদায়ের কয়েকজন মানুষ। পরে এই ঘটনার কথা প্রকাশ্যেই আসতেই বিতর্কের সৃষ্টি হয়েছে।

সম্প্রতি চীনের আলমাটি অঞ্চলের পানফিলভ জেলার এড্যারলি গ্রামে প্রশাসনের হাত থেকে বাঁচতে কয়েকজন মুসলিম স্থানীয় ইলি নদীতে কোরআন ফেলে দেন। রেডিও ফ্রি এশিয়ার বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে জিনিউজ। সম্প্রতি খোরগাস নদীতেও একই রকম ঘটনা ঘটেছে বলে জানানো হয় ভারতীয় গণমাধ্যমটির খবরে।

রেডিও ফ্রি এশিয়ার প্রতিবেদনের বরাত দিয়ে জিনিউজ জানিয়েছে, পবিত্র ধর্মগ্রন্তটিকে চীনের কমিউনিস্ট সরকারের হাত থেকে বাঁচাতে এবং কোরআন নিজেদের কাছে রাখার জন্য অত্যাচারের হাতে থেকে বাঁচতে প্লাস্টিকে মুড়ে কোরআন ফেলে দেওয়া হচ্ছে নদীতে। জিনজিয়াংয়ের মুসলমানরা কাজাখস্তানের দিকে প্রবাহিত

নদীতে কোরআন ফেলেন বলে জানানো হয় প্রতিবেদনে। তারা বিশ্বাস করেন, এইভাবে তারা কেবল নিজেরাই বাঁচাতে সক্ষম হবেন না কোরআনের পবিত্রতা রক্ষা করতে পারবেন।

সূত্র: জি নিউজ।

বকেয়া বেতন পরিশোধের দাবিতে শ্রমিকদের সড়ক অবরোধ

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের আদমজীতে বকেয়া বেতন ও শ্রমিকদের জমা টাকা পরিশোধের দাবিতে সড়ক অবরোধ করেছে একটি পোশাক কারখানার শ্রমিকরা।

শুক্রবার সকাল ৯টা থেকে তারা নারায়ণগঞ্জ-আদমজী সড়কে অবস্থান নেয়। দুই ঘণ্টার মতো সড়ক অবরোধ করে রাখলে সেখানে তীব্র যানজটের সৃষ্টি হয়। ফলে সাধারণ মানুষকেও ভোগান্তি পোহাতে হয়।

খোঁজ নিয়ে জানা গেছে, প্রতিষ্ঠানটিতে ৬ হাজার ৮০০ শ্রমিক কাজ করতেন। করোনার শুরুর কিছুদিন পর প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়। কিন্তু শ্রমিকদের বকেয়া বেতন ও জমা টাকা প্রতিষ্ঠানটি পরিশোধ করেনি।

আন্দোলনরত শ্রমিক জুয়েল রানা বলেন, আমার এখন পর্যন্ত বকেয়া বেতনের ৩৩ ভাগ পেয়েছি। বাকি টাকা পরিশোধ করা হবে বলে আশ্বাস দিলেও এখনও দেওয়া হয়নি। এমনকি আমরা আমাদের জমা টাকাও পাইনি।

শায়েলা বেগম নামে এক শ্রমিক জানান, বকেয়া বেতন ও জমা টাকা পরিশোধের আশ্বাস দিলেও পরে তা দেওয়া হয় না। এজন্য আজকে আমরা সড়ক অবরোধ করেছি।

এ বিষয়ে সিদ্ধিরগঞ্জের আদমজী ইপিজেডের জেনারেল ম্যানেজার আহসান কবির বলেন, মালিকপক্ষ আগামী ১২ জুন শ্রমিকদের বকয়ো পরিশোধের আশ্বাস দিয়েছে। বিডি প্রতিদিন

জাতিসংঘ মানবাধিকার পরিষদের বিশেষ অধিবেশন থেকে ফিলিস্তিনি প্রতিনিধিকে বহিষ্কার

কুফফার জাতিসংঘে দখলদার ইসরাইলি রাষ্ট্রদূতের মিথ্যাচারের সমালোচনা করায় এক ফিলিস্তিনি সাংবাদিককে জাতিসংঘের মানবাধিকার পরিষদের বিশেষ অধিবেশন থেকে বহিষ্কার করা হয়েছে।

পূর্ব জেরুজালেমের শাইখ জাররাহ থেকে সাংবাদিক ও এক্টিভিস্ট মুনা আল কুর্দ মজলুম ফিলিস্তিনিদের পক্ষে জাতিসংঘের সে অধিবেশনে অংশ নিয়েছিলেন।

উল্লেখ্য, পূর্ব জেরুজালেমের মুসলিম অধ্যুষিত শাইখ জাররাহ এমন এলাকা, যেখানের ফিলিস্তিনি মুসলিম পরিবারগুলো দখলদার ইসরাইল কর্তৃক নিজ বসতি থেকে উচ্ছেদের শংকায় দিনযাপন করছেন।

জানা যায়, গত ২৭ মে বৃহস্পতিবার, পাকিস্তানের আহবানে ইসলামিক সহযোগী সংস্থা এবং ওআইসি ফিলিস্তিনের সমর্থনে জাতিসংঘের মানবাধিকার পরিষদে একটি বিশেষ অধিবেশন আয়োজন করে।

সে অধিবেশনে মুনা জাতিসংঘকে শাইখ জাররাহ ও অবরুদ্ধ ফিলিস্তিনে অভিশপ্ত ইসরাইলিদের জাতিগত নির্মূল বন্ধের আহবান জানান।

তিনি বলেন,"আমরা কেবল জাতিসংঘের উদ্বেগ শুনতে চাই না, আমরা চাই জাতিসংঘ শাইখ জাররাহ ও ফিলিস্তিনে জাতিগত নির্মূল চিরতরে বন্ধ করুক।"

ফিলিস্তিনি প্রতিনিধি মুনা শাইখ জাররাহসহ অন্যান্য ফিলিস্তিনি ভূখন্ডে মুসলিম বসতি উচ্ছেদের লোমহর্ষক বর্ণনা দিতে গিয়ে জানান, আল কুর্দে মুনার বসত বাড়ি ইসরাইল ২০০৯ সালে জোরপূর্বক দখল করে নিয়েছে।

তিনি উল্লেখ করেন," অবৈধ ইসরাইলি সরকার ও দখলদার সংস্থাগুলোর নিয়মতান্ত্রিক জোটবদ্ধতার কারণেই এটি সম্ভবপর হয়েছে।"

জানা যায় যে, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনার মিচেল বাচলেট অধিবেশনটির উদ্বোধন করেছিল; যেখানে সে অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরাইলের সাম্প্রতিক আগ্রাসনে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছিল, "ইহুদিরা যুদ্ধাপরাধ করতে পারে কিন্তু নিরপরাধ মুসলিমদের আবাসস্থল লক্ষ্য করে ইসরাইলের বোমাবর্ষণের কোন প্রমাণ নেই।"

জেনেভায় জাতিসংঘের ইসরাইলি রাষ্ট্রদূত মিরা আইলন শাহারও উক্ত সমাবেশে ইসরাইলের পক্ষে বক্তব্য রাখে।

ফিলিস্তিন প্রতিনিধি মুনা বলেন, ‘তিনি জানতেন না যে, কোনো ইসরাইলি রাষ্ট্রদূত উক্ত সমাবেশে উপস্থিত থাকবে। যদি তিনি জানতেন, তবে এই অধিবেশনে উপস্থিত হওয়া ও কথা বলা থেকে বিরত থাকতেন। অধিবেশনে ইসরাইলি রাষ্ট্রদূত ইসরাইল ও ফিলিস্তিনি রাজনৈতিক দল হামাসের মধ্যকার নৈতিক মূল্যবোধ নিয়ে আলোচনা করতে গিয়ে বিভিন্ন রাষ্ট্রকে দোষারোপ করেন।

ইসরাইল রাষ্ট্রদূত বলে,"জাতিসংঘ ইসরাইলের প্রতি সর্বদা পক্ষপাতদুষ্ট ছিল।" সে আরো বলে,"জাতিসংঘ তার সূচনা থেকে সব বিশেষ অধিবেশনে ৩০% সময় ইসরাইলকেই লক্ষ্যবস্তু বানিয়েছে।"

"জাতিসংঘ নৈতিক কণ্ঠস্বর হওয়ার পরিবর্তে দ্ব্যর্থহীনভাবে বলছে যে, ইসরাইলের নিজের প্রতিরক্ষার অধিকার আছে আর সন্ত্রাসী কার্যকলাপের জন্য হামাসকে শুধু নিন্দা জানিয়েছে।" "আমরা আনুষ্ঠানিকভাবে প্রত্যক্ষ করেছি, সত্য ও বাস্তবতা বিবেচনা না করে ইসরাইলকেই একাকীভাবে টার্গেট করা হচ্ছে।"

ফিলিস্তিন প্রতিনিধি মুনা তখন ইসরাইলি রাষ্ট্রদূতের মিথ্যাচারের জবাব দিতে চেয়েছিলেন। মুনা বলেন,"যদি আমি ইসরাইলি রাষ্ট্রদূত যেসব মিথ্যা দাবি করছে তার জবাব দেই, তবে তারা আমাকে অধিবেশন থেকে সরাসরি বহিষ্কার করবে।"

তাই মুনা প্রকাশ্য জবাব দেয়ার পরিবর্তে অনলাইনে একটি মন্তব্য করেন,"আমি ইসরাইলি প্রধানমন্ত্রীকে বলতে চাই যে, তোমরা সন্ত্রাসী। তোমরাই তারা, যারা নিরাপরাধ নাগরিক ও তাদের ঘরবাড়িতে বোমা মেরে আক্রমণ করো, তোমরা আমাদের ভূমি শাইখ জাররাহ ও সিলওয়ানে আক্রমণ করেছ, তোমরা আমাদের ভূমি চুরি করেছ। দখলদারিত্বের এই খেলা বন্ধ করো। সারা বিশ্ব তোমাদের কু৷সিত বাস্তবতা জানে। তোমাদের নিজেদের ইজ্জত সংবরণ করে, আমাদের ভূমি থেকে চলে যাও।"

মন্তব্য করার পর, জাতিসংঘের মানবাধিকার পরিষদ সচিবালয়ের দায়িত্বে থাকা এরিক টিস্তোনেট মুনাকে একটি বার্তা পাঠিয়ে বলে,"পরিষদের আলাপচারিতা কক্ষে কাউকে নেতিবাচক মন্তব্য করার অনুমতি জাতিসংঘ দেয় না। এখানে কূটনীতিক ও পদ্ধতিগত মন্তব্য করাই কাম্য। যদি পারেন তবে দয়া করে মন্তব্যটি ডিলিট করুন। যদি না করেন, তবে অধিক মন্তব্য করা থেকে বিরত হোন। "

ফিলিস্তিনি প্রতিনিধি মুনা বলেন, দখলদার ইসরাইলি বিরোধী মন্তব্যটি ডিলিট না করায়, দুই মিনিট পর জাতিসংঘের মানবাধিকার পরিষদ তাকে উক্ত বিশেষ অধিবেশন থেকে বহিষ্কার করে।

উল্লেখ্য, ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয় মতে, অবরুদ্ধ গাজায় জয়োনিস্ট ইসরাইলের ন্যাক্যারজনক বিমান হামলায় ৩৯ জন নারী, ৬৬ শিশু সহ কমপক্ষে ২৫৪ জন নিরপরাধ মুসলিম নিহত হয়েছেন। আহত হয়েছেন প্রায় দুই হাজার ফিলিস্তিনি।

সোমালিয়া | কুফ্ফার বাহিনীর উপর শাবাব মুজাহিদিনের ১২টি সফল অভিযান

সোমালিয়ার যুবা রাজ্য ও রাজধানী মোগাদিশুর বিভিন্ন স্থানে ক্রুসেডার কেনিয়ান বাহিনী ও সোমালীয় মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ১২টি সফল অভিযান পরিচালনা করেছেন আল-কায়েদা মুজাহিদিন।

রিপোর্ট অনুযায়ী, আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ২৮ মে শুক্রবার, সোমালিয়ার যুবা রাজ্যের ৯টি শহর ও এলাকাতে পৃথক পৃথক সফল অভিযান পরিচালনা করেছেন। এসব হামলার ৩টি স্থানেই মুজাহিদদের টার্গেটে পরিণত হয়েছে ক্রুসেডার কেনিয়ান বাহিনী, বাকি ৬টি স্থানেও সোমালিয় মুরতাদ বাহিনী মুজাহিদদের হামলার শিকার হয়েছে।

শাবাব মুজাহিদদের হামলার স্থানগুলো হচ্ছে- দুবালী, আফমাদু, কাকুনী, কালবায়ু, কারয়ুলী, তাবতু, হুজনাক, বারসাঞ্জুনী ও কাসমায়ো শহর। মুজাহিদদের পরিচালিত এসব হামলার ঘটনাগুলো শত্রু নিয়ন্ত্রিত অঞ্চল হওয়ায় হতাহতের সুনির্দিষ্ট কোন সংখ্যা জানা যায় নি।

একইদিনে সোমালিয়ার রাজধানী মোগাদিশুর আদাকলী, আইলাশ ও হারওয়া শহরে দেশটির মুরতাদ সামরিক বাহিনীর উপর আরো ৩টি পৃথক হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে শত্রু পক্ষের জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। তবে এখানেও এলাকাগুলো শত্রু নিয়ন্ত্রিত হওয়ায় হতাহতের কোন পরিসংখান জানা যায়নি।

মালি | মুজাহিদিন কর্তৃক সামরিক ঘাঁটি বিজয়, হতাহত অনেক সৈন্য, প্রচুর গণিমত লাভ

আফ্রিকার পশ্চিমাঞ্চলীয় দেশ মালিতে দেশটির মুরতাদ বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে বীরত্বপূর্ণ অভিযান চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। এতে ঘাঁটি বিজয়সহ অনেক গনিমতও পেয়েছেন মুজাহিদগণ।

মালির মধ্যাঞ্চলীয় জাবলি-আততুন নামক মুরতাদ বাহিনীর একটি ঘাঁটিতে আর্টিলারি ও পদাতিক মুজাহিদ বাহিনীর সমন্বয়ে দ্বিমুখী হামলা চালিয়েছে আল-কায়েদা শাখা জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীনের (JNIM) জানবায মুজাহিদিন। মুজাহিদদের পরিচালিত বরকতময় এই হামলায় বেশ কিছু মুরতাদ সেনা আহত ও নিহত হয়েছে। যদিও হতাহতের সুস্পষ্ট সংখ্যা জানা যায়নি। গণিমত হিসেবে পাওয়া গেছে দুশকা মেশিনগান, পিকাপ, অনেক গুলি এবং আরো বিভিন্ন মডেলের অস্ত্র।

'জিএনআইএম' এর মিডিয়া উইং আয-যাল্লাকা মিডিয়া ফাউন্ডেশন হতে প্রকাশিত রিপোর্ট মারফত জানা গেছে, গত ২৬ মে রাতে মালির মাসিনা অঞ্চলে জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীন গ্রুপের স্থানীয় শাখার মুজাহিদীনরা মুরতাদ বাহিনীর উক্ত ঘাঁটিতে ১২০ মিলিমিটারের আর্টিলারি শেল দিয়ে তীব্র হামলা চালিয়েছেন। মুজাহিদদের অতর্কিত এই হামলায় মুরতাদ বাহীনির প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙে পড়ে। এরপর মুজাহিদীনরা ৩ দিক থেকে একযোগে হামলা চালিয়ে মুরতাদ বাহিনী থেকে সামরিক ঘাঁটির দখল নেন। এসময় মুজাহিদগণ ঘাঁটিতে থাকা সকল সাঁজোয়া যান, অস্ত্র ও অসংখ্য গোলা-বারুদ গনিমত লাভ করেন।

খোরাসান | ৪৪২১টি অভাবী পরিবারকে খাদ্য সহায়তা দিল তালিবান

আফগানিস্তানের ময়দানের ওয়ার্দাকের ৪৪২১ টি অভাবী পরিবারের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করেছেন তালিবান সরকার।

তালিবানরা মধ্য ময়দানে ওয়ার্দাক প্রদেশের সৈয়দাবাদ জেলায় শত শত দরিদ্র পরিবারকে খাদ্য সামগ্রী প্রদান করেছেন। গত বৃহস্পতিবার একজন তালিবান কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন।

তালিবানের অফিসিয়াল ওয়েবসাইট আল-ইমারা জানিয়েছে, প্রদেশটির সায়দাবাদ জেলার শেখাবাদ, টঙ্গী, ওনখি এবং শানিজ উপত্যকার ৪৪২১ টি পরিবারের মাঝে এসব খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছিল।

তালিবানরা জানিয়েছে যে, খাদ্য সহায়তার এই প্রক্রিয়াটি প্রদেশটির সকল জেলা এবং তার আশেপাশের অঞ্চলে প্রসারিত হবে, এই তালিকায় আরো হাজার হাজার অভাবী পরিবার প্রয়োজনীয় সহায়তা পাবেন।

এটি লক্ষ করা উচিত যে, তালিবানরা ইতোমধ্যে দেশের বিভিন্ন অঞ্চলের দরিদ্র ও অভাবী পরিবারগুলির মাঝে খাদ্য এবং অন্যান্য প্রয়োজনীয় পণ্য সরবরাহ করেছেন।

২৮শে মে, ২০২১

সদলবলে মাসজিদুল আক্বসায় প্রবেশ করলো অভিশপ্ত ইহুদীরা

গত ২৭ মে, বৃহস্পতিবার ইসরাইলি পুলিশের নিরাপত্তায় শতাধিক অভিশপ্ত ইহুদী পূর্ব জেরুজালেমের পবিত্র মাসজিদুল আক্বসায় প্রবেশ করেছে।

জেরুজালেম ইসলামিক ওয়াক্বফ এক বিবৃতিতে জানায়, প্রায় ১২০ অভিশপ্ত ইহুদীদের একটি দল পবিত্র আল-আক্বসা মসজিদের দক্ষিণ-পশ্চিম প্রান্তের আল মাকারিব গেইট দিয়ে মসজিদুল আক্বসায় প্রবেশ করেছে।

দখলদার ইসরাইলি পুলিশের প্রহরায় ইহুদীদের দলটিকে হারাম আল শরীফের মুবারকতম প্রাঙ্গনে ঘোরাফেরা করতে দেখা গেছে।

উল্লেখ্য, গত ২৩ মে রবিবার, ২৫০ অধিক উগ্র ইহুদী আল আক্বসায় ৪ মে'র পর প্রথমবারের মতো প্রবেশ করেছিল।

পবিত্র আল আক্বসা মসজিদে নাপাক ইহুদীদের ক্রমবর্ধমান হানা মুসলিমদের মনে দুশ্চিন্তার নতুন শঙ্কা সৃষ্টি করছে।

উল্লেখ্য, ইহুদি আগ্রাসন বিরোধী ফিলিস্তিনের মুসলিমদের দুর্বার প্রতিরোধের মুখে গত ৪ মে থেকে দখলদার ইসরাইলি পুলিশ আল আক্বসা প্রাঙ্গণে ইহুদিদের প্রবেশে অনুমতি দেয়নি।

ফিলিস্তিন পররাষ্ট্রমন্ত্রী বলেন,"অভিশপ্ত ইহুদিদের এই প্রবেশাভিযান প্রায় এক সপ্তাহ পূর্বের ইসরাইল-ফিলিস্তিনি প্রতিরোধ দলগুলোর মধ্যকার যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করেছে।"

উল্লেখ্য, গত ২১ মে শুক্রবার মিশরের মধ্যস্ততায় চলতি বছরের জঘন্যতম ১১ দিনের ইসরাইল-ফিলিস্তিন যুদ্ধাবস্থার পরিসমাপ্তি ঘটে।

ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, অবরুদ্ধ গাজায় জয়োনিস্ট ইসরাইলের সে বিমান হামলায় ৩৯ জন নারী, ৬৬ শিশু সহ কমপক্ষে ২৫৪ জন নিরপরাধ মুসলিম নিহত হয়েছেন। আহত হয়েছেন প্রায় দুই হাজার ফিলিস্তিনি।

খোরাসান | তালিবানে যোগদিল ১৫৯ কাবুল সৈন্য, চলছে তীব্র লড়াই

আফগানিস্তানের বিভিন্ন জেলা কেন্দ্রে হামলা জারি রেখেছেন তালিবান মুজাহিদিন। এরই মধ্যে দেশের বিভিন্ন স্থান থেকে ১৫৯ এরও বেশি কাবুল সৈন্য তালিবান মুজাহিদদের কাছে আত্মসমর্পন করেছে।

রিপোর্ট অনুযায়ী, গত ২৭ মে বৃহস্পতিবার, পাকতিয়া প্রদেশের পাটান জেলা থেকে ৫ কাবুল সৈন্য নিজেদের ভুল বুঝতে পেরে তালেবানে যোগ দিয়েছে।

একইভাবে প্রদেশটির চামকানি জেলা থেকে ২ জন ও জাজি আরয়ুব জেলা থেকে আরো ১ সৈন্য নিজেদের সংশোধন করে ইসলামি ইমারতে আফগানিস্তানের পতাকাতলে শামিল হয়েছে।

এমনিভাবে উত্তরাঞ্চলীয় কুন্দুজ প্রদেশের গুল টিপা জেলা থেকেও ১ পুতুল সেনা নিজের ভুল বুঝতে পেরে তালেবানে যোগ দিয়েছে।

এদিকে লাঘমান প্রদেশে এখনো মুরতাদ বাহিনীর বিরুদ্ধে তীব্র অভিযান চালাচ্ছেন তালিবান মুজাহিদিন। যার ধারাবাহিতায় রাজধানীতে মুজাহিদদের একটি সফল হামলায় শত্রু বাহিনীর বৈঠক ব্যহত হয়।

এতে লাঘমান প্রদেশে মুরতাদ কাবুল বাহিনীর ৯ টি সামরিক ইউনিট বিপর্যস্ত হয়ে পড়েছে। এছাড়াও প্রাদেশিক কেন্দ্র থেকে ১৫০ কাবুল সৈন্য মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করেছে।

এছাড়াও তালিবান মুজাহিদিন ১২ টি ট্যাঙ্ক, ২ টি সামরিক যান, ১টি ভারি ট্যাঙ্ক বিধ্বংসী মেশিনগান, ২টি রেঞ্জার গাড়ি, ১টি এসপিজি-৯, ১১০টি এম-14 রাইফেল, ১৫ টি এম-69 পিকেভি, ১৫ টি এম-60 পিকেভি, ১২টি রকেট, ৬টি মর্টার, ৩টি গেরিলা মর্টার, ২টি মাঝারি মর্টার, ৬টি ড্রজকভস। ৩টি রাশিয়ান পিকেভি, ২টি রাশিয়ান রকেট লঞ্চ, ২০টি বড় রেডিও, ৩টি ছোট রেডিও, ৮০০টি এম-14 শ্যাজোরস, ৩০টি জামার, ৪টি মোটর সাইকেল, ১৫০টি রকেট লঞ্চার, ২০০টি মর্টার শেল, কয়েক হাজার এম-১4 এবং রকেট চালিত গ্রেনেড। ৩৫টি এসপিজি-9, ১০০টি গ্রেনেড এবং আরও অনেক অস্ত্র মুজাহিদগণ গনিমত লাভ করেছেন।

খোরাসান | কাবুল প্রশাসন থেকে ৫৬ সেনা তালিবানে যোগদান

আফগানিস্তানের বিভিন এলাকা থেকেই প্রতিনিয়ত কয়েক ডজন কাবুল সৈন্য নিজেদের ভুল বুঝতে পেরে তালিবানে যোগদিচ্ছে।

তারাই ধারাবাহিতায় গত ২৬ মে, বুধবার আফগানিস্তানের কুন্দুজ প্রদেশের ইমাম সাহিব জেলা থেকে ২৯ কাবুল সৈন্য নিজেদের ভুল বুঝতে পেরে তালেবানে যোগ দিয়েছে।

প্রদেশটির গুল টিপা জেলার আরো ২ কাবুল সৈন্য ইসলামিক ইমারত আফগানিস্তানের জানবাজ মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করেছে।

এদিকে, বাঘলান প্রদেশের পুল-ই-খামারী, দশি, বারাক জেলা থেকেও ২১ কাবুল সৈন্য ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবাজ তালিবান মুজাহিদদের কাতারে শামিল হয়েছে।

একইভাবে লোগার প্রদেশের মুহাম্মাদ আঘা জেলা থেকেও ২ শত্রু সেনা তালেবানে যোগ দিয়েছে।

তাছাড়াও, পাকতিয়া প্রদেশের জাজি আরয়ুব জেলা থেকেও এদিন আরো ২ পুতুল সেনা তালেবান মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করেছে।

খোরাসান | তালিবানের হামলায় ১৭ মুরতাদ সৈন্য নিহত, ৩৭ টি চৌকি বিজয়

আফগানিস্তান জুড়ে মুরতাদ কাবুল বাহিনীর বিরুদ্ধ ধারাবাহিক অভিযান চালিয়ে যাচ্ছেন তালিবান মুজাহিদিন। প্রতিদিনই মুজাহিদদের হামলায় ডজনকে ডজন মুরতাদ সৈন্য নিহত ও আহত হচ্ছে।

এরি ধারাবাহিতায় গত ২৬ মে বুধবার, তালেবান মুজাহিদিনরা নাঙ্গাহার প্রদেশের শিরজাদ জেলায় মুরতাদ কাবুল বাহিনীর একটি সামরিব ঘাঁটিতে সফল হামলা চালিয়েছেন। এতে কমপক্ষে ৬ পুতুল সৈন্য নিহত ও আরো ২ সৈন্য আহত হয়েছে। এসময় মুজাহিদদের বীরোচিত হামলায় শত্রু বাহিনীর ২ টি ট্যাংক ও ৩টি সামরিকযান মূহুর্তেই ধ্বংস হয়ে গেছে।

এদিকে প্রদেশটির দুইটি শত্রু চৌকি বিজয় লাভ কালে তালেবান মুজাহিদদের হামলায় ৩ আরবাকি সৈন্য মারা গেছে ও ৩ কমান্ডার সহ কমপক্ষে ১৩ মুরতাদ সৈন্য আহত হয়েছে।

এসময় মুজাহিদিনরা ৩ টি কালাশনিকভ, ১ টি আরপিজি রকেট, ১ টি ভারি মেশিন গান ও গোলাবারুদ গণিমত লাভ করেন।

প্রদেশটির পূর্বাঞ্চলীয় হিসারাক জেলার শত্রু চৌকিতে মুজাহিদদের অতর্কিত আক্রমণে ৪ পুতুল সেনা মারা গেছে।

তাছাড়াও প্রদেশটির দেহ বালা জেলায় শত্রু চৌকিতে আক্রমণ কালে ৪ কুফফার সেনা মারা যায়। পাঁচের অধিক শত্রু সৈন্য আহত হয়ে। এসময় মুজাহিদরা ২ টি ক্লাশনিকোভ, ১ টি ভারি মেশিনগান ও আরপিজি রকেট গণিমত প্রাপ্ত হন।

প্রদেশটির সর্ক রউড জেলায় তালিবান মুজাহিদদের অপর এক অতর্কিত হামলায় ১ আরবাকি সৈন্য নিহত হয়।

তাছাড়াও, প্রতিবেশি লাঘমান প্রদেশে গত ৪৮ ঘন্টায় তালেবান মুজাহিদিনরা মুরতাদ কাবুল বাহিনী থেকে ৩৭ টি সামরিক চৌকি বিজয় করে নিয়েছেন। এসময় তালিবান মুজাহিদিনরা শত্রু বাহিনীর ট্যাংক ও সামরিক যান ধ্বংসে সমর্থ হন। এছাড়াও প্রচুর সংখ্যাক অস্ত্র ও গুলাবারুদ গনিমত লাভ করেছেন।

পাশাপাশি মুজাহিদিনরা প্রদেশটির বদপাখ জেলায় কুফফার বাহিনীর অসংখ্য পরিখা নির্মূল করতে সমর্থ হয়েছেন।

ভারতে একমাসে ১৩ বার জ্বালানি তেলের দাম বৃদ্ধি

ভারতে ফের এক দফায় বাড়ল জ্বালানি তেলের দাম। এ নিয়ে দেশটিতে চলতি মাসে ১৩ বারের মতো তেলের দাম বৃদ্ধি পেল।

বৃহস্পতিবার (২৭ মে) পশ্চিমবঙ্গের কলকাতায় ২৩ পয়সা বেড়ে পেট্রলের দাম হয়েছে লিটার প্রতি ৯৩ টাকা ৭২ পয়সা। আর লিটারে ৩০ পয়সা বেড়ে ডিজেলের নতুন দাম হয়েছে ৮৭ টাকা ৪৬ পয়সা।

দিল্লিতে পেট্রলের দাম ২৪ পয়সা বেড়ে হয়েছে ৯৩.৬৮ টাকা। ডিজেলের দাম ২৯ পয়সা বেড়ে হয়েছে ৮৪.৬১ টাকা।

মুম্বাইয়ে ২৩ পয়সা বেড়ে পেট্রল হয়েছে ৯৯.৯৪ টাকা। আর ছয় পয়সা বাড়লেই তা ১০০ হবে। ডিজেলের দাম ৩০ পয়সা বেড়ে হয়েছে ৯১.৮৭ টাকা।

চেন্নাইয়ে ২২ পয়সা বেড়ে ৯৫.২৮ টাকা দাম হয়েছে পেট্রলের। আর ডিজেল ২৮ পয়সা বেড়ে হয়েছে ৮৯.৩৯ টাকা।

এর আগে গতকালই (২৬ মে) কলকাতায় ২২ পয়সা বেড়ে পেট্রলের দাম হয়েছিল ৯৩.৪৯ টাকা। ডিজেলের দাম লিটারে ২৫ পয়সা বেড়ে হয়েছিল ৮৭.১৬ টাকা।

তার আগে গত ২৩ মে বেড়েছিল জ্বালানির দাম। ওইদিন কলকাতায় পেট্রলের দাম লিটার প্রতি ১৬ পয়সা বেড়ে হয়েছিল ৯৩.২৭ টাকা। ডিজেলের দাম লিটার প্রতি ২৭ পয়সা বেড়ে হয়েছিল ৮৬.৯১ টাকা।

এভাবে কেবল মে মাসেই ১৩ বার ভারতে জ্বালানি তেলের দাম বৃদ্ধি হয়েছে। নয়া দিল্লির হিসেবে এ মাসে পেট্রল ও ডিজেলের এখনো পর্যন্ত যথাক্রমে ৩.৫০ ও ৪.৫৯ শতাংশ দাম বেড়েছে।

প্রসঙ্গত, ভারতে পেট্রল-ডিজেলের দাম চার ধাপে ঠিক করা হয়। প্রথমতঃ শোধনাগার, এখানে পেট্রল, ডিজেল এবং অন্যান্য পেট্রলজাত অপরিশোধিত তেল কেনা হয়। দ্বিতীয়তঃ তেল সংস্থা, তারা তাদের লাভ রেখে এবং পেট্রল পাম্পে তেল সরবরাহ করে। তৃতীয়তঃ এখানে পেট্রল পাম্প মালিকরা তাদের নির্দিষ্ট কমিশন পেয়ে থাকেন। চতুর্থতঃ কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাপানো আবগারি শুল্ক এবং ভ্যাট প্রদানের মাধ্যমে সাধারণ জনগণ সেই তেল কেনেন।

সূত্র : দি ইন্ডিয়ান এক্সপ্রেস

আবারও বাড়ছে সয়াবিন তেলের দাম

ভোজ্যতেল সয়াবিনের দাম লিটারপ্রতি ৯ টাকা বাড়ানোর ঘোষণা দিয়েছে তেল পরিশোধন ও বিপণনকারীদের সংগঠন বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন।

বৃহস্পতিবার (২৭ মে) রাতে সংগঠনটির সচিব মুহা. নুরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এদিকে নতুন দামের তালিকাও দেয়া হয়েছে। এখন থেকে এক লিটার বোতলজাত সয়াবিন তেল ১৫৩ টাকায় বিক্রি হবে, যা এতদিন ১৪৪ টাকা ছিল। এছাড়া ৫ লিটারের এক বোতল তেলের দাম পড়বে ৭২৮ টাকা। খোলা সয়াবিন তেল লিটারপ্রতি ১২৯ টাকা ও পাম সুপার তেল ১১২ টাকা দরে কিনতে হবে ক্রেতাদের।

২৭শে মে, ২০২১

আবারো ৩ দিনের রিমান্ডে রফিকুল ইসলাম হুজুর

আবারও তিন দিনের রিমান্ডে মাওলানা রফিকুল ইসলাম নেত্রকোনা। এবার রাজধানীর পল্টন থানায় দায়ের হওয়া নাশকতার মামলার নামে তার রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

বৃহস্পতিবার ঢাকা মহানগর হাকিম ঢাকা মহানগর হাকিম দেবদাস চন্দ্র অধিকারীর ভার্চুয়াল আদালত এই রিমান্ড আদেশ দেয়।

এদিন ভিডিও কনফারেন্সের মাধ্যমে কারাগার থেকে রফিকুল ইসলাম নেত্রকোনাকে আদালতে হাজির দেখানো হয়।

এরপর পল্টন থানার মামলায় তাকে গ্রেফতার দেখানোসহ সাত দিনের রিমান্ড নিতে আবেদন করে মামলার তদন্তকারী কর্মকর্তা। ওই আবেদনের প্রেক্ষিতে আদালত তার গ্রেফতার দেখানোর আবেদন ও শুনানি শেষে তিন দিনের রিমান্ড মঞ্জুর করে।

এর আগে গত ৭ এপ্রিল রফিকুল ইসলাম হুজুরকে তার গ্রামের বাড়ি নেত্রকোনা থেকে আটক করে র‍্যাব। পরের দিন ৮ এপ্রিল র‍্যাব বাদী হয়ে গাজীপুরের গাছা থানায় রাষ্ট্রবিরোধী ও 'উসকানিমূলক বক্তব্য' দেওয়ার অভিযোগে রফিকুল ইসলামের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় করে।

একইদিন তাকে এ মামলায় গ্রেফতার দেখানো হয়। এরপর গত ১৫ এপ্রিল এ মামলায় গাজীপুর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক তার দুই দিনের রিমান্ড আবেদন মঞ্জুর করে।

গত ২২ এপ্রিল ঢাকা মহানগর হাকিম আবু সুফিয়ান মোহাম্মদ নোমানের ভার্চুয়াল আদালতে মতিঝিল থানার ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় তার সাত দিনের রিমান্ড মঞ্জুর করে। এর আগের দিন গত ২১ এপ্রিল সকালে 'বিস্ফোরক' মামলায় রফিকুল ইসলামের একদিনের রিমান্ড মঞ্জুর করেন ময়মনসিংহের অতিরিক্ত চিপ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আব্দুল হাই। বিডি প্রতিদিন

সোমালিয়া | আল-কায়েদার হামলায় ১৮ মুরতাদ সৈন্য নিহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দেশটির মুরতাদ বাহিনীর উপর পৃথক ৩টি হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদিন। এতে ১০ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৮ সৈন্য আহত হয়েছিল।

রিপোর্ট অনুযায়ী, গত ২৬ মে বুধবার বিকাল বেলা, দক্ষিণ সোমালিয়ার কেন্দ্রীয় শাবেলি রাজ্যের রাজি-আইলি জেলার জাওহার শহরের মধ্যবর্তী রাস্তায় মুরতাদ সেনাবাহিনীর কমান্ডার-ইন-চিফ জেনারেল "তারা ইউসুফ রাঘি "কে লক্ষ্য করে দু'টি বোমা বিস্ফোরণ ঘটিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যার ফলে কমান্ডার-ইন-চিফের দেহরক্ষীদের মধ্যে থেকে ২ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৪ এরও বেশি সৈন্য আহত হয়েছিল।

একই দিনে উক্ত এলাকায় হারাকাতুশ শাবাব মুজাহিদদের দ্বারা পরিচালিত আরেকটি হামলার ফলাফর উপরেরটির সাথে মিলে যায়। কেননা হারাকাতুশ শাবাব মুজাহিদদের দ্বিতীয় হামলাটিতেও সোমালিয় ২ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৪ মুরতাদ সৈন্য আহত হয়েছিল।

এমনিভাবে মধ্য সোমালিয়ার জালাজদুদ রাজ্যের তুষমারিব শহরের মধ্যবর্তী রাস্তায় সোমালিয় মুরতাদ বাহিনীর একটি সামরিক বাফেলায় সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে সোমালীয় ৬ মুরতাদ সরকারী মিলিশিয়া সদস্য নিহত হয়েছে এবং তারা যে গাড়িতে যাত্রা করছিল সে গাড়িটি ধ্বংস করা হয়। এছাড়াও মুজাহিদগণ অভিযান শেষে ৪ টি মেশিনগান গনিমত পেয়েছেন।

https://ibb.co/6H5wH80

পাকিস্তান | মুরতাদ বাহিনীর উপর পাক-তালিবানের একাধিক সফল হামলা

পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তানে দেশটির মুরতাদ বাহিনীর উপর পৃথক ৩টি সফল হামলা চালিয়েছেন পাক-তালিবান (টিটিপি) মুজাহিদিন। যার ২টিতেই ২ এরও অধিক সৈন্য নিহত এবং কতক সৈন্য আহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, তেহরিক-ই-তালিবান মুজাহিদিন গত ২৩ মে, উত্তর ওয়াজিরিস্তানে পাকিস্তানি মুরতাদ সেনা চৌকিতে একটি সফল হামলা চালিয়েছেন। এসময় মুজাহিদগণ এক পাকিস্তানি সেনাকে ঘটনাস্থলেই হত্যা করেন।

এই হামলায় পাঞ্জাবের ঝাং এলাকার বাসিন্দা ওমর দারাজ নামে ৩২ বছর বয়সী পাকিস্তানী এক মুরতাদ সেনা সদস্য নিহত হয়। আহত হয় আরো কিছু সেনা।

এমনিভাবে গত ২৫ মে, তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) জানবায মুজাহিদিনরা, ঐদিন বেলা ৪ টায় উত্তর ওয়াজিরিস্তানের গরিওম সীমান্তে আইইডি মাইন দিয়ে পাকিস্তানি মুরতাদ সেনাবাহিনীর এক উচ্চপদস্থ কর্মকর্তার গাড়িকে লক্ষ্যবস্তু করেছিলেন।

হামলার ফলাফল সম্পর্কে টিটিপির কেন্দ্রীয় মুখপাত্র- মোহাম্মদ খোরাসানী জানান যে, এখনও পর্যন্ত হতাহতের কোনও সঠিক সংবাদ আমরা পাইনি।

সর্বশেষ গত ২৬ মে বুধবার সকাল ৬ টার দিকে, তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুজাহিদিন বাজোরের কিটকোট-সার এলাকায় মুরতাদ বাহিনীর একটি পোস্টে সফলভাবে আক্রমণ করেন।

খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানান, মুজাহিদীনরা পোস্টের ভিতরে একটি হ্যান্ড গ্রেনেড নিক্ষেপ করেন, এতে হতাহতের সম্ভাবনা রয়েছে।

২৬শে মে, ২০২১

ফিলিস্তিনের পাশে দাঁড়ানো স্বাধীনতাকামী কাশ্মীরিদের দিতে হয়েছে চড়া মূল্য

বিশ্ব যেমন ফিলিস্তিনে দখলদার ইসরাইলের বর্বরতম আগ্রাসন প্রত্যক্ষ করেছে, ইহুদীরা যেভাবে টনকে টন বোমা ফেলে আল-জাজিরা, মিডিল ইস্ট আই সহ স্থানীয় ও আন্তর্জাতিক মিডিয়ার অফিস ও মুসলিমদের বাড়ি-ঘরগুলো মাটির সাথে মিশিয়ে দিয়েছে; তেমনি ভূস্বর্গ খ্যাত কাশ্মীরে দখলদার মালাউনদের হিংস্র চেহারা বিশ্ববাসী যুগ যুগ ধরে অবলোকন করে আসছে।

আইন-শৃঙ্খলা রক্ষার নামে হিন্দুত্ববাদী মুশরিক প্রশাসন কর্তৃক কাশ্মীরি মুসলিমদেরকে দেয়া হুমকিটি পড়ুন- "ফিলিস্তিনের দুর্ভাগ্যজনক পরিস্থিতি কাজে লাগিয়ে কাশ্মীর উপত্যকায় করা বিষয়গুলোর প্রতি জম্মু-কাশ্মীরের পুলিশ নজর রেখেছে... সামাজিক যোগাযোগ মাধ্যমে মন্তব্য, যা সহিংসতাকে উস্কে দেয় এবং কোভিড ১৯ প্রটোকল লঙ্ঘন করে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে"।

কাশ্মীরি মুসলিমরা যখন সামাজিক যোগাযোগ মাধ্যমে ফিলিস্তিনি মুসলিমদের সমর্থন করার পাশাপাশি রাজ্যের বিভিন্ন স্থানে ফিলিস্তিনের গাজায় আগ্রাসন বন্ধের লক্ষে বিক্ষোভ মিছিল করছিল তখনই দখলদার পুলিশ কর্তৃক এমন ঘোষণা আসে।

মুসলিমদের এই জনপদ হিন্দুত্ববাদী মালাউনরা সামরিক শক্তি বলে জোড়পূর্বক দখল করে রেখেছে, যার জুলুমের তুলনা অবরুদ্ধ ফিলিস্তিনের সাথেই দেয়া যায়।
ফিলিস্তিনিরা যেভাবে নিজ ভূখন্ডে বসতি স্থাপনকারী ইহুদীদের বিরুদ্ধে লড়ছে, কাশ্মীরিরাও তেমনি দখলদার মালাউনদের থেকে মাতৃভূমি আজাদীর সংগ্রামে লড়াইরত !

https://ibb.co/4Rws1Wd

সাম্প্রতিক সময়ে ফিলিস্তিনি মুসলিমদের সমর্থনে এক কাশ্মীরি ভাই শ্রীনগরে ফিলিস্তিন পতাকার হিজাব পরিহিত কান্নারত এক ফিলিস্তিনি মহিলার ছবি অংকন করেন, যাতে লিখা ছিল "আমরা ফিলিস্তিনি"; পরে মালাউন পুলিশ এটাকে কালো রং দিয়ে ঢেকে দেয়।
চিত্র অংকনকারী ভাই ও ফিলিস্তিনি মুসলিমদের সমর্থনে বিক্ষোভকারী ২০ কাশ্মীরি মুসলিমকে পুলিশ গ্রেফতার করেছে।

সারজান বরকতী নামে একজন আলেম নিজ গ্রামে ঈদের খুতবায় ফিলিস্তিনি মুসলিমদের জন্য প্রার্থনা এবং ফিলিস্তিন ও কাশ্মীরের স্বাধীনতার স্বপক্ষে স্লোগান দেয়ায় মালাউন পুলিশ তাকে গ্রেফতার করেছে। উল্লেখ্য,

কাশ্মীরের স্বাধীনতার পক্ষে স্বতন্ত্র স্লোগান দেয়ায় প্রসিদ্ধ বরকতী, গত বছরের অক্টোবর মাসে চার বছরের বন্দীত্ব জীবন কাটানোর পর নিজ গ্রামে ফিরেছিলেন।

ইহুদিবাদী ইসরাইল ও হিন্দুত্ববাদী ভারতের আগ্রাসনের অভিন্নতাঃ

https://ibb.co/SrMZxYC

১৯৮০ সালের শেষের দিকে কাশ্মীরিদের জনসমর্থনে দানা বাধা স্বাধীনতা যুদ্ধে যোগ দিতে একজন ফিলিস্তিনি ভাই কাশ্মীরে এসেছিলেন। পরে তিনি মালাউন পুলিশ কর্তৃক গ্রেফতার হন ও কারাগারে মারা যান।

২০১৪ সালে গাজায় যখন দখলদার ইসরাইল বোমা হামলা চালাচ্ছিল, তখন ফিলিস্তিনের সমর্থনে প্রতিবাদকারী ১৪ বছরের কাশ্মীরি ছেলেকে ভারতীয় বাহিনী গুলি করে মারে। হাজার হাজার কাশ্মীরি সেদিন প্ল্যাকার্ড নিয়ে "গাজা বাঁচাও", " ইসরাইল হটাও" পাশাপাশি "ভারত হটাও; "ভারত ফিরে যাও" স্লোগান দিয়েছিল। বিক্ষোভকারীদের উপর দখলদার ভারতীয় বাহিনী যখন গুলি চালায়, নিহত হওয়া ছেলেটি তখন প্রতিরোধকারী পাথর ছোঁড়াদের দলে ছিল।

কাশ্মীরি বুদ্ধিজীবী আতহার জিয়া বলেন,"ফিলিস্তিন ও কাশ্মীরের পক্ষে স্লোগান, নিপীড়নের প্রতিফলন এবং উভয় অঞ্চলে দখলদার কর্তৃক আরোপিত কঠোর নীতিমালার বিচারে; সংহতি পাওয়ার যোগ্য উভয় জনপদই যেন একে অন্যের প্রতিচ্ছবি!"

কাশ্মীরে ভারতীয় হিন্দুদের বসতি গড়ার লক্ষে হিন্দুত্ববাদী প্রশাসন ২০১৯ সালে সিদ্ধান্ত গ্রহণ করে, যা ফিলিস্তিনে ইসরাইলের ইহুদি বসতি স্থাপনের অনুরুপ।

ফিলিস্তিনে দখলদার ইসরাইলিদের আরোপিত বয়কট, বিভক্তিকরণ ও নিষেধাজ্ঞা, যা পরাধীন কাশ্মীরে হিন্দুত্ববাদী নিয়ন্ত্রণ ও আগ্রাসনের মতোই।

২০১৮ সালের নভেম্বর মাসে, যখন পুরো কাশ্মীর জুড়ে দখলদার ভারত তথ্য ও যোগাযোগ মাধ্যম বন্ধ করে দেয়; তখন একটি ভাইরাল হওয়া ভিডিওতে, যুক্তরাষ্ট্রে কর্মরত ভারতের রাষ্ট্রীয়দূত কাশ্মীরে ইসরাইলি দখলদারিত্বের পদ্ধতি প্রয়োগের আহবান জানায়।

ইন্দোঃ-ইসরাইল সামরিক সম্পর্কঃ

https://ibb.co/NmS9RnB

গত সপ্তাহে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের এক জরুরি অধিবেশনে ফিলিস্তিন-ইসরাইল উদ্ভূত পরিস্থিতি নিয়ে নিন্দায় ভারত "সমস্ত সহিংসতার ঘটনা" বলে অস্পষ্টভাবে মূলত গাজা থেকে ইসরাইলে রকেট হামলারই সমালোচনা করেছে। এটি একটি ভারতীয় প্রচেষ্টা যা কাশ্মীরের অনুরুপ জায়োনিস্ট ইসরাইলকে ফিলিস্তিনে জাতিগত নির্মূল চালিয়ে যাওয়ার সমর্থন যোগায়।

২০১৫ সালে গাজায় ইসরাইলি হামলার নিন্দা প্রস্তাবে জাতিসংঘে যখন ভোটাভুটি চলছিল, ভারত তখন ইসরাইলকে ভোট দানে বিরত থাকে, যা ভারত-ইসরাইল প্রেমের অনন্য দৃষ্টান্ত।

উল্লেখ্য, ইসরাইল ভারতের প্রধান প্রতিরক্ষা অংশীদার, যারা ভারতকে প্রতিবছর গড়ে ১ বিলিয়ন ডলার অস্ত্র বিক্রি করে। ভারত ইসরাইলের অস্ত্র বানিজ্যের প্রধান ক্রেতা। গত বছর অর্থাৎ ২০২০ সালে ভারতীয় সংবাদ মাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, ভারত ইসরাইলের সাথে ২০০ মিলিয়ন ডলারের একটি গোপন প্রতিরক্ষা চুক্তি করেছে।

ফিলিস্তিন ও কাশ্মীরকে দখলকারী ইসরাইল ও ভারত দখলদারিত্বের নিজস্ব ইতিহাস, কৌশলগত পদ্ধতি, হিংস্রতা ও দমন-পীড়নে নিজেরা অভিন্ন, যারা ইসলাম বিদ্বেষে অগ্রগণ্য আর মুসলিমদের উপর আগ্রাসনে ঐক্যবদ্ধ।

মুসলিম বসতি ধ্বংস, সাংস্কৃতিক আগ্রাসন, ইতিহাস বিলুপ্তি, মৃতের লাশ দাফন-জানাজার জন্য হস্তান্তরে নিষেধাজ্ঞা, শান্তিপূর্ণ বিক্ষোভে সন্ত্রাসীপনা ও নজরদারি প্রযুক্তি উন্নয়নে উভয় দখলদার রাষ্ট্রই সাদৃশ্যপূর্ণ। গুম, গণহত্যা, নির্যাতন, নারী ধর্ষন, খেয়ালখুশি মতো কারারুদ্ধকরণ ও জঘন্য মানবাধিকার লঙ্ঘন উভয় দেশের সামরিক বাহিনীর অঘোষিত প্রতিদিনের রেওয়াজ।

ফিলিস্তিনের ন্যায় কাশ্মীরিরাও যুগযুগ ধরে নিজ মাতৃভূমিতে দখলদার ভারতের সীমাহীন জুলুম-নির্যাতন আর সামরিক আগ্রাসনের বিরুদ্ধে লড়াই করেই বেঁচে আছে। অপরদিকে সন্ত্রাসী ভারত ও ইসরাইল মুসলিম নির্মূলের নিত্যনতুন ছক কষছে, অত্যাধুনিক অস্ত্রে নিজেদের সজ্জিত করছে।

মার্কিন ঘাঁটি স্থাপন নিয়ে প্রতিবেশী দেশগুলিকে তালিবানের হুশিয়ারী

দীর্ঘ ২০ বছর তালিবানদের সাথে যুদ্ধের তিক্ত অভিজ্ঞতা নিয়ে অবশেষে আফগান ছাড়ছে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র। কিন্তু এরপরেও অহংকারী ও নির্লজ্জ আমেরিকা আফগানিস্তানে নিজের কর্তৃত্ব টিকিয়ে রাখতে প্রতিবেশি দেশগুলোতে নিজেদের সামরিক ঘাঁটিগুলো স্থাপন করতে চাচ্ছে। তাই তালিবানও ইতিমধ্যে প্রতিবেশি দেশগুলোকে সতর্ক করে দিয়েছে।

ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র আফগানিস্তান থেকে সকল দখলদার সেনা সরিয়ে নেওয়ার পরেও আফগানিস্তানে নিজেদের স্বার্থে এবং মুরতাদ কাবুল বাহিনীকে সহায়তা করতে প্রতিবেশি দেশগুলোতে নিজেদের ঘাঁটিগুলো স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। যার লক্ষ্য হচ্ছে- প্রতিবেশি দেশগুলোর আকাশ ও স্থল পথ ব্যবহারের মাধ্যমে নিজেদের অস্তিত্বের জন্য হুমকি আফগান তালিবান ও পাক-তালিবান আন্দোলনকে দমন করা এবং নিজেদের পুতুল সরকারকে এখানে স্থায়ী করা। আর এই কাজের জন্য আমেরিকা বেঁচে নিয়েছে তার পু মিত্র পাকিস্তান, তাজিকিস্তান ও উজবেকিস্তানসহ প্রতিবেশি দেশগুলোকে।

https://ibb.co/vdBW1gr

এমন তথ্য প্রকাশিত হওয়ার পর তালিবান বলেছে যে, বিদেশী শক্তিগুলি এই অঞ্চলের নিরাপত্তাহীনতা এবং যুদ্ধের জন্য মূল কারণ। যার ফলে বিগত ২০ বছর যাবৎ প্রত্যেকে এই অঞ্চলে ইতিহাসের বড় একটি ট্রাজেডি প্রত্যক্ষ করেছে। আমাদের জনগণ এরফলে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং তারা এখনো তা ভোগ করছেন।

তালিবান প্রতিবেশি দেশগুলিকে আল্লাহ্‌ ও তাঁর দ্বীনের বিরুদ্ধে ইতিহাসের পুনরাবৃত্তি করে আবারও এজাতীয় ভুল সিদ্ধান্ত ও পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে। যদি এমনটি আবারো হয় তবে এটি হবে প্রতিবেশি দেশগুলোর জন্য ঐতিহাসিক ভুল, যা তাদের জন্য শুধু অপমান আর লাঞ্ছনাকেই ডেকে আনবে।

তালিবান বিবৃতিতে আরো জানিয়েছে যে, আফগানিস্তানের মুসলিম ও মুজাহিদ জনগণ এ জাতীয় জঘন্য ও উস্কানিমূলক কাজের জবাবে নীরবে বসে থাকবে না, বরং তারা তাদের দ্বীন ও দেশ রক্ষার্থে ঐতিহাসিক দায়িত্ব পালন করবে। যা তারা ইতিহাসে দীর্ঘকাল ধরেই করে আসছে।

তালিবান এও জানিয়েছে যে, আফগানিস্তানের মাটি নিরপরাধ কারও সুরক্ষার বিরুদ্ধে ব্যবহার করা হবে না। তাই সমস্ত দেশের কর্তব্য হচ্ছে- তাদের দেশের মাটি ও আকাশসীমা আমাদের দেশের বিরুদ্ধে ব্যবহার না করা।

তালিবান হুঁশিয়ারি দিয়ে বলেছিল যে, যদি এ জাতীয় পদক্ষেপ নেওয়া হয় তবে যে কোনও দুর্ঘটনার দায়দায়িত্ব সেসব দেশের উপরই বর্তাবে।

তালিবানের কেন্দ্রীয় মুখপাত্র- মুহতারাম জাবিহুল্লাহ্‌ মুজাহিদ 'কাবুল নিউজ'কে বলেছিলেন যে, আফগান মুজাহিদ জনগণ তাদের দেশে বিনদেশী কোন শক্তিকেই কখনো সহ্য করবে না। অন্য কোনও দেশ যদি আমাদের দেশে হস্তক্ষেপ করার চেষ্টা করে তবে আমরা কঠিনভাবে তার প্রতিরোধ করবো, যার পরিণতিও হবে খুবই ভয়াবহ।

https://ibb.co/f9fgyJQ

লক্ষণীয় যে, তালিবানের এমন বিবৃতির পর প্রতিবেশি দেশগুলো ইতিমধ্যে বিবৃতি দিতে শুরু করেছে। যেমন ক্রুসেডার মার্কিন প্রতিরক্ষা বিভাগের মুখপাত্র পাকিস্তানে মার্কিন ঘাঁটি স্থাপনের চুক্তিনামা প্রকাশের পর, পাকিস্তান এখন বিষয়টি অস্বীকার করতে শুরু করেছে। এমনিভাবে তাজিকিস্তান এবং উজবেকিস্তানও জানিয়েছে যে, তারা তাদের দেশে মার্কিন ঘাঁটি তৈরি করতে দিবে না।

গাজায় ইসরাইলি হামলার কেন একনিষ্ঠ সমর্থক ছিল হিন্দুত্ববাদী ভারত?

অবরুদ্ধ গাজায় ইসরাইলি বিমান হামলার বিশ্বব্যাপী নিন্দার ঝড় উঠলেও ইহুদিরা ভারতীয় হিন্দুত্ববাদীদের সমর্থন হামলার শুরু থেকেই পেয়ে আসছে।

ইসরাইল ফিলিস্তিনের পূর্ব জেরুজালেম ও অবরুদ্ধ গাজা উপত্যকায় অব্যাহত বিমান হামলা চালানোর ফলে বিশ্বব্যাপী সমালোচিত হয়েছে, কিন্তু হিন্দুত্ববাদী ভারতীয় প্রশাসন ফিলিস্তিনি মুসলিমদের বিরোধিতা করার পাশাপাশি ইহুদিদের বর্বরোচিত হামলার শুরু থেকেই প্রশংসা করে প্রেরণা যুগিয়ে গেছে।

জানা যায়, ফিলিস্তিনে ইসরাইলের দমন-পীড়ন বৃদ্ধি পাওয়ার পর, হিন্দুত্ববাদী ভারতে দখলদার ইসরাইলের সমর্থনে "আমি ইসরাইলকে সমর্থন করি", "ভারত ইসরাইলের পাশে আছে", ইত্যাদি হ্যাশট্যাগগুলো সোশ্যাল মিডিয়ায় ভারতীয়রা সর্বোচ্চ সংখ্যক ট্যাগ করে। অনেক ভারতীয়রা ফিলিস্তিনি মুসলিমদের "জঙ্গি" বলেও উপহাস করে।

গত ১৫, মে শনিবার টুইটারে "ফিলিস্তিনিরা জঙ্গি" হ্যাশট্যাগটি হিন্দুয়ানী ভারতে সর্বোচ্চ সংখ্যক ট্যাগ করা হয়।

উল্লেখ্য, অবরুদ্ধ গাজায় গত ১১ দিনে চলমান ইসরাইলি বিমান হামলায় কমপক্ষে ২৪৩ ফিলিস্তিনি নিহত হন, যাদের ৬৬ জন শিশু, ৩৯ জন নারী, ১৭ জন বয়স্ক লোক রয়েছেন। আহত ১ হাজার অধিক মুসলিম। ঘরবাড়ি হারিয়েছেন প্রায় ২০ লক্ষ্য ফিলিস্তিনি। পশ্চিম তীরে ইহুদি উচ্ছেদ অভিযান বিরোধী বিক্ষোভে ইসরাইলি সৈন্যরা গুলি চালিয়ে কমপক্ষে ১৯ জন মুসলিমকে হত্যা করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টির (বিজেপি) শীর্ষ নেতা, আইনজীবী, সাংবাদিক সহ অন্যান্যরা সোশ্যাল মিডিয়ায়, বিশেষ করে টুইটার ও ইনস্টগ্রামে ইসরাইলি আগ্রাসনের সমর্থন দিয়ে গেছে।

গত ১২, মে, বুধবার মুসলিম বিরোধী বক্তৃতা দেয়ার জন্য পরিচিত, হিন্দুত্ববাদী বিজেপির সংসদ সদস্য তেজস্বী সূর্য টুইটারে লিখেন,"আমরা ইহুদিদের সাথে আছি। ইসরাইল শক্তিশালী থাকো।"

ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রীর প্রতিক্রিয়ার জবাবে তার টুইটকৃত পোস্টটিতে প্রায় ৫০ হাজার লাইক পড়ে এবং অন্তত ১৩ হাজার বার পুনঃটুইট করা হয়।

উত্তর ভারতের চন্ডীগড় শহরের বিজেপি মুখপাত্র গৌরব গোয়েল ইসরাইলের সমর্থনে নিয়মিত টুইট করে ইসরাইলকে প্রেরণা যুগিয়েছেন।

গৌরব গত ১৪, মে শুক্রবার ইসরাইলি সেনাবাহিনীর ছবি টুইট করে লিখেন,"প্রিয় ইসরাইলিরা, আপনারা একা নন। আমরা ভারতীয়রা আপনাদের পাশে দৃঢ়ভাবে আছি।" টুইটটি ৩৬০০ বার ভারতীয় হিন্দুরা পছন্দ করেছে।

গত ১৫, মে শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ ১ লক্ষ ৩৪ হাজার অনুসারী নিয়ে আরেক উগ্র হিন্দুত্ববাদী হার্দিক ভাবসার টুইটারে আল জাজিরা সহ অন্যান্য স্থানীয় ও আন্তর্জাতিক মিডিয়া অফিসে ইসরাইলি বিমান হামলার ভিডিও শেয়ার করে।

ইসরাইলি দখলদারিত্ব বিরোধী ভারতীয়দের নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করে টুইট করে লিখে,"শুভ দীপাবলি উদারপন্থীরা!"
"ভারত ইসরাইলের পাশে আছে।"

ইসরাইলি বিমান হামলাকে সে হিন্দুদের দীপাবলি পূজার সাথে তুলনা করে, যা প্রায় ৩ হাজার ভারতীয় হিন্দু পছন্দ করেন।

গত ১৬, মে, রবিবার ভারতীয় লেখক ও সাংবাদিক রানা আইয়ুব সোশ্যাল মিডিয়ায় উগ্র হিন্দুত্ববাদীদের ক্রমবর্ধমান মুসলিম বিদ্বেষ বিশ্লেষণ করে বলেন,"ভারতের হিন্দুদের ইসলাম বিদ্বেষ, গণহত্যায় মুসলিমদের রক্তপাত কামনা করা ও তাদের ক্ষতি দেখতে চাওয়া ভারতীয় মুসলিমদের নিরাপত্তায় বিরাট হুমকি হয়ে দেখা দিয়েছে।"

তিনি বলেন,"বেশিরভাগ মুসলিম বিদ্বেষী সোশ্যাল মিডিয়ায় এক বা একাধিক বিজেপির মন্ত্রী বা প্রধানমন্ত্রী নিজেও অনুসরণ করছেন।"

তথ্য উপাত্ত, প্রশাসন ও ইন্টারনেট নিয়ে কাজ করা লেখক ও গবেষক শ্রীনিবাস কোডালি আল জাজিরাকে জানান, "হিন্দুত্ববাদীদের একটি গোষ্ঠী রয়েছে, যারা ফিলিস্তিনের বিরুদ্ধে ইসরাইলি পদক্ষেপগুলি মনেপ্রাণে সমর্থন করে কারণ এতে মুসলিমরা নির্যাতিত হচ্ছে।"

তিনি বলেন,"মুসলিমদের প্রতি ভারতীয় হিন্দুত্ববাদীদের তীব্র ঘৃণা রয়েছে, যার ফলে মুসলিমদের উপর ইসরাইলি হামলা ভারতের হিন্দুদের আনন্দিত করে।"

আল-শাবাবের সাফল্য রুখতে সোমালিয়ায় বিশেষ বাহিনী পাঠাবে যুক্তরাজ্য

আল-কায়েদা পূর্ব আফ্রিকান শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিনের বিজয় অভিযান রুখতে ক্রুসেডার যুক্তরাজ্য এবার সোমালিয়ায় বিশেষ বাহিনী প্রেরণ করতে যাচ্ছে।

গত ২৩ মে রবিবার এক্সপ্রেস সংবাদপত্রের বরাত দিয়ে সোমালি গার্ডিয়ান জানায়, আল শাবাবকে রুখতে পাল্টা কৌশল স্বরুপ সোমালি সৈন্যদের প্রশিক্ষণ দিতে যুক্তরাজ্য ২৫০ জন বিশেষ সৈন্যকে সোমালিয়ায় পাঠাতে যাচ্ছে। ব্রিটিশ সেনাবাহিনীর নেতৃত্বদানকারী স্যার মার্ক কার্লেটন স্মিথ কর্তৃক বিশেষ অপারেশন ব্রিগেড গঠনের কয়েক মাস পর এ ঘোষণা এলো।

মিঃ কার্লেটনের লক্ষ্য, ২৫০ সদস্যের বিশেষ সৈন্য বিশিষ্ট চারটি সামরিক ব্যাটালিয়ন গঠন করা, যারা ব্রিটিশ বিশেষ বাহিনীকে প্রয়োজনে সাপোর্ট দিবে ও বিশ্বব্যাপী প্রশিক্ষণ মিশনে অংশ নিবে।

আটলান্টিক কাউন্সিলে সে জানায়,"আমি আগামী এক বছরের মধ্যেই বিশেষ অপারেশন ব্রিগেড গঠনের লক্ষ্যে প্রথম রেঞ্জার ব্যাটালিয়নটি দাড় করাতে চাই।"

"আমি বিশেষ অপারেশন ব্রিগেডকে আফ্রিকায়, বিশেষ করে পূর্ব আফ্রিকায় আমাদের আঞ্চলিক বন্ধুদের সহযোগিতা দেখতে চাই।"

উল্লেখ্য, ক্রুসেডার যুক্তরাজ্য শাবাব মুজাহিদদের বিরুদ্ধে চলমান যুদ্ধে সোমালিয় মুরতাদ সেনাবাহিনীকে নিজের পায়ে দাড় করাতে, শাবাব মুজাহিদদের থেকে অঞ্চলগুলো উদ্ধার করতে অনেক আগ থেকেই সোমালিয় মুরতাদ বাহিনীকে প্রশিক্ষণ দিয়ে আসছে। কিন্তু এত কিছুর পরেও সোমালিয়া ও কেনিয়ায় মুজাহিদদের অগ্রগতি রুখতে পারেনি কুফ্ফার বাহিনী। তাই এখন নতুন করে পূর্ব আফ্রিকার বিশাল ভূখণ্ড নিয়ন্ত্রণে নিয়ে ইসলামি শরিয়াহ্ বাস্তবায়নকারী আল-কায়েদা মুজাহিদদের বিরুদ্ধে চলমান লড়াইয়ে সোমালি সৈন্যদের সামর্থ অর্জনের লক্ষে বিশেষ বাহিনী প্রেরণ ও সামরিক সহায়তা বাড়াচ্ছে যুক্তরাজ্য।

গত কয়েক মাসে ক্রুসেডার যুক্তরাজ্যের বিশেষ বাহিনী দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সোমালিয়ায় কয়েক শতাধিক মুরতাদ সৈন্যকে প্রশিক্ষণ দিয়েছিল, যেসব সৈন্যরা এখন সোমালিয়ার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় উপকূল ও বে-বুকুল রাজ্যের সামরিক ঘাঁটিতে কাজ করে যাচ্ছে।

যুক্তরাজ্যের বিশেষ সামরিক বাহিনীর সোমালিয়ায় মোতায়েনের সিদ্ধান্ত আগামী মাসের কর্ণওয়ালে অনুষ্ঠিতব্য G7 সম্মেলন হতে আসতে পারে বলে নিশ্চিত হওয়া গেছে।

এক্সপ্রেস সংবাদপত্রের সাক্ষাৎকারে বিশ্বস্ত একটি সূত্র জানায়,"আমাদের (যুক্তরাজ্য) প্রশাসন সোমালি সৈন্যদের প্রশিক্ষণে মার্কিন বিশেষ বাহিনীর প্রশিক্ষণ গ্রহণে পরিবর্তন আনতে যাচ্ছে। এটা চ্যালেঞ্জিং হবে কিন্তু এ ধরণের সিদ্ধান্তের ফলে সৈন্যরা সুসংগঠিত হবে।"

https://alfirdaws.org/2021/05/26/49507/

২৫শে মে, ২০২১

ভারতের হাশিমপুর-মালিয়ানায় মালাউন পুলিশ কর্তৃক মুসলিম গণহত্যাঃ ইতিহাসের নিকৃষ্টতম এক অধ্যায়

হিন্দুত্ববাদী ভারত পরিকল্পিতভাবে কতো মুসলিমকে হত্যা করেছে তার হিসাব ভারতীয় প্রশাসন কর্তৃক মুসলিম গণহত্যাগুলোর পর্যালোচনা করলে কিছুটা ধারণা করা যায়।

গত ২২, মে, উত্তরপ্রদেশের কুখ্যাত প্রাদেশিক পুলিশ কর্তৃক মিরাটের মালিয়ানা ও হাশিমপুর গণহত্যার ৩৪ বছর পূর্ণ হলো, যেখানে ১২০ এরও অধিক মুসলিমকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছিল। কমপক্ষে ১২ এর অধিক মুসলিমকে মীরাট ও ফতেহগড় জেলে বন্দী রেখে মালাউন পুলিশ নির্যাতন করে হত্যা করেছিল, গণহত্যার তিন দশক পরেও যার এখনো কোন বিচার হয়নি।

১৯৮৭ সালের এপ্রিল, মে ও জুন মাসের যে ঘটনাগুলো ভয়াবহ মিরাট দাঙ্গার সূত্রপাত করেছিল, সেগুলো নিম্নরুপঃ

https://ibb.co/y4zTRPT

১৯৮৭ সালের ১৪ই এপ্রিল যখন নওচন্ডি মেলা পুরোদমে জমে উঠেছিল, তখনই সাম্প্রদায়িক দাঙ্গার সূত্রপাত হয়। আর সেই দাঙ্গা প্রশাসনিকভাবে মুসলিম গণহত্যার সুযোগ সৃষ্টি করে।

জানা যায়, কর্তব্যরত এক পুলিশ সাব ইন্সপেক্টর একজন পটকাবাজের সাথে ধাক্কা খাওয়ায়, মাতাল অবস্থায় সে গুলি চালিয়ে দুইজন মুসলিমকে হত্যা করে।

একই দিনে আরো একটি ঘটনা ঘটে। মুসলিমরা রমজান মাসের শেষ জুমায় হাশিমপুর ক্রসিংয়ে একটি ওয়াজ মাহফিলের আয়োজন করেছিল যা পূর্ব শাইখলালে হিন্দু পরিবার কর্তৃক আয়োজিত মুন্ডন অনুষ্ঠানের নিকটেই ছিল। হিন্দুদের উচ্চ শব্দে চলচ্চিত্রের গান বাজানোয় মুসলিমদের ওয়াজে বিঘ্ন ঘটে। ফলে কিছু মুসলিম গান বাজানোর আপত্তি করলে হিন্দুদের সাথে ঝগড়া লেগে যায়।

উগ্র হিন্দুরা ক্ষিপ্ত হয়ে মুসলিমদের উপর প্রথমে গুলি চালায়। প্রতিক্রিয়া স্বরুপ মুসলিমরা কয়েকটি হিন্দু দোকানে আগুন ধরিয়ে দেয়। প্রশাসন কারফিউ জারি করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে তখনো উভয় পক্ষে উত্তেজনা বিরাজ করছিল, যার ফলে মিরাটে তিন মাসব্যাপী একযোগে দাঙ্গা শুরু হয়।

ভারতীয় সরকারি হিসাব অনুযায়ী মিরাট দাঙ্গায় ১৭৪ লোক মারা যায়। ১৭১ জন আহত হয়। আসলে ক্ষয়ক্ষতির পরিমাণ ছিল অনেক বেশি, ভয়াবহ ও বেদনাদায়ক। বিভিন্ন গবেষণা ও প্রতিবেদন অনুযায়ী, তিন মাসব্যাপী মিরাটের দাঙ্গায় প্রকৃতপক্ষে ৩৫০ জন লোক মারা যান এবং কোটি কোটি টাকার সম্পদ ধ্বংস হয়।

https://ibb.co/dJVWpWB

১৯৮৭ সালের ১৭ ই মে দাঙ্গাটি নাটকীয়ভাবে হাশিমপুর ও মালিয়ানা গণহত্যায় মোড় নেয়। পরবর্তী দিনগুলোতে দাঙ্গাটি হাপুর রোড , পিলোখেরি ও অন্যান্য এলাকায় ছড়িয়ে পড়ে। ১৯ শে মে পুরো মিরাট শহরে কারফিউ জারি করা হয়। প্রায় ৬০ হাজার চৌকস পুলিশ ও ১১টি কোম্পানির সামরিক বাহিনী শহরজুড়ে মোতায়েন করা হয়।

https://ibb.co/Bw80v5t

২২ মে, ১৯৮৭ আইন শৃঙ্খলায় নিয়োজিত মালাউন সৈন্যরা মুসলিম হত্যার মিশন শুরু করে। এদিন ভারতীয় সামরিক বাহিনী হাশিমপুরে অগ্নিসংযোগ, লুটপাট ও বড় আকারের ধ্বংসযজ্ঞ চালায় এবং ২৩ শে মে মালিয়ানায় মুসলিমদের উপর নারকীয় গণহত্যায় অগ্রসর হয়।

https://ibb.co/YhpMLq6

হাশিমপুর গণহত্যা সেক্যুলার ভারতের পুলিশি প্রহরায় ইতিহাসের অন্যতম ন্যাক্যারজনক মুসলিম গণহত্যা হিসেবে বিবেচ্য, যা মানব সভ্যতার ইতিহাসে অন্যতম লজ্জাজনক গণহত্যাও বটে!

২২, মে,১৯৮৭ হাশিমপুরে পুলিশ ও সেনাবাহিনীর কড়া মোতায়েন ছিল। তারা প্রত্যেক মুসলিমদের বাড়ি কঠোরভাবে তল্লাশি চালায়। পুলিশ সকল মুসলিমদের জোড়পূর্বক বাড়ি থেকে বের করে এলাকার প্রধান সড়কে যেতে বাধ্য করে।

https://ibb.co/n1J6zVS

মুসলিমদেরকে রাস্তায় সারিবদ্ধভাবে দাড় করিয়ে প্রায় ৫০ জন মুসলিমকে পুলিশের একটি ট্রাকে তোলা হয়। ৩২৪ জন মুসলিমকে পুলিশের আরেকটি গাড়িতে চাপানো হয়। পুলিশ হাশিমপুরের বাসিন্দাদের সাথে যেরুপ আচরণ করেছে তা খুবই নির্মম ও ন্যাক্যারজনক। পুলিশ ৫০ বছরের অধিক বয়সী মুসলিম ও ১২ বছরের কমবয়সী শিশুদের প্রথমে আলাদা করে বাকিদের ট্রাকে করে তুলে নিয়ে যায়। প্রায় ৪২ জন মুসলিমের মধ্যে মাত্র ৬ জনের সন্ধান জানা গেছে, বাকীদের পরিণতি কেউ জানে না।

https://ibb.co/cr1bkNr

গ্রেফতারকৃতদের ট্রাকে করে মুরাদনগর নিয়ে যাওয়া হয়। ট্রাক যখন গঙ্গার খালে পৌছে তখন পুলিশ মুসলিমদের গুলি করে লাশগুলো খালে ফেলে দেয়। পরবর্তীতে বিশের অধিক মুসলিমদের লাশ ভাসমান অবস্থায় খালে পাওয়া গিয়েছে।

https://ibb.co/XSNG0F8

হাশিমপুর থেকে গ্রেফতারকৃত অন্যান্য মুসলিম যুবকদের মালাউন পুলিশ হত্যা করে লাশগুলো দিল্লী-উত্তর প্রদেশ সীমান্তবর্তী হিনদন নদীতে ফেলে দেয়।

https://alfirdaws.org/2021/05/25/49490/

সম্পর্ক উন্নয়নে পাসপোর্ট থেকে ইসরাইল ভ্রমণের নিষেধাজ্ঞা তুলে নিয়েছে বাংলাদেশ

অভিশপ্ত ও দখলদার ইসরাইলের সাথে সম্পর্ক উন্নয়নে বাংলাদেশ তার পাসপোর্ট থেকে ইসরাইলে বাংলাদেশী পাসপোর্ট ব্যবহারের নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে।

গত, ২২ মে, শনিবার বাংলাদেশী ত্বাগুত প্রশাসন ইসরাইলের ব্যাপারে পরিবর্তনকৃত বাংলাদেশের নতুন পাসপোর্ট নীতিটি সংবাদমাধ্যমে উপস্থাপন করে। বাংলাদেশের ত্বাগুত স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সাংবাদিকদের জানায়, আন্তর্জাতিক মানদন্ডের সাথে দেশের পাসপোর্টের মানের সামঞ্জস্য বজায় রাখতেই এ পরিবর্তন আনা হয়েছে। এর ফলে বাংলাদেশী পাসপোর্ট অবৈধ রাষ্ট্র ইসরাইলে ব্যবহারে প্রশাসনিক আর কোন বাঁধা থাকলো না।

জানা যায়, বাংলাদেশের পাসপোর্টে এতদিন ধরে লেখা থাকতো 'দিস পাসপোর্ট ইজ ভ্যালিড ফর অল কান্ট্রিজ অব দ্য ওয়ার্ল্ড এক্সসেপ্ট ইসরায়েল'। তবে নতুন ই-পাসপোর্টে পরিবর্তন করে লেখা হয়েছে 'দিস পাসপোর্ট ইজ ভ্যালিড ফর অল কান্ট্রিজ অব দ্য ওয়ার্ল্ড'। সেখানে 'এক্সসেপ্ট ইসরায়েল/ইসরাইল ব্যতীত' লেখাটি বাদ দেওয়া হয়েছে। এর মানেঃ বাংলাদেশের পাসপোর্ট এখন ইসরায়েলসহ বিশ্বের সব দেশের ক্ষেত্রেই বৈধ।

সংবাদ বিশ্লেষকরা তাইওয়ানের সাথে বাংলাদেশ সম্পর্কের উদ্ধৃতি টেনে বলেন,"এর ফলে ইসরাইলের সাথে বাংলাদেশের বন্ধন সুদৃঢ় হবে।" উল্লেখ্য, বাংলাদেশ তাইওয়ানকে স্বীকৃতি দেয়না তবে বাংলাদেশী পাসপোর্ট থেকে তাইওয়ান ভ্রমণের নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর থেকে দেশটির সাথে বাংলাদেশের সম্পর্কের উন্নতি হয়েছে। বাংলাদেশ ত্বাগুত সরকারের নীতিগত এ সিদ্ধান্তে সন্তোষ প্রকাশ করেছে অভিশপ্ত ইহুদিবাদি দেশটি।

গত ২৩ মে রবিবার, ইসরাইলি পররাষ্ট্র মন্ত্রণালয়ের এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় উপ-মহাপরিচালক গিলাড কোহেন তার টুইটে লিখে, "সুখবর! বাংলাদেশ ইসরায়েলের সঙ্গে ভ্রমণ নিষেধাজ্ঞা উঠিয়ে নিয়েছে। এবার বাংলাদেশ ও ইসরায়েলেরে মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠা করলে উভয় দেশের জনগণ লাভবান হবে।" অর্থাৎ বাংলাদেশ ইসরাঈলের সাথে ভ্রমণের বারাআত তুলে নিয়েছে বলে সে আনন্দিত। সেই সাথে সে ভবিষ্যতে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের দিকেও আহ্বান জানিয়েছে।

https://ibb.co/tXf1cYG

উল্লেখ্য, ইসরাইলের সাথে বাংলাদেশের বৈরিতাপূর্ণ সম্পর্ক সত্ত্বেও, এ বছরের শুরুতে আল জাজিরার অনুসন্ধানী প্রতিবেদনে ইসরাইলের একটি কোম্পানি থেকে বাংলাদেশের প্যারামিলিটারি ইউনিট, র‍্যাপিড একশন ব্যাটালিয়নের (র‍্যাব) জন্য নজরদারি প্রযুক্তি কেনার তথ্যটি উঠে আসে। তখন এদেশের মুরতাদ সরকার জনগণকে শান্ত করতে আল-জাজিরান এই রিপোর্টের নিন্দা জানিয়েছিল।

র‍্যাব প্রশাসন কর্তৃক পালিত এমনই একটি দুর্ধর্ষ প্যারা-মিলিটারি ইউনিট যারা নাগরিকদের গুম, হত্যা, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের জন্য কুখ্যাত।

বাংলাদেশী পাসপোর্ট থেকে ইসরাইল ব্যতীত ব্যবহারের নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর বর্তমানে পাকিস্তানই একমাত্র দেশ যাদের পাসপোর্টে ইসরাইলে ব্যবহারের নিষেধাজ্ঞা বহাল রয়েছে।

ফিলিস্তিন | পশ্চিম তীর থেকে ২৩ মুসলিমকে তুলে নিয়ে গেছে দখলদার ইসরাইল

দখলদার ও অভিশপ্ত ইহুদী সৈন্যরা ফিলিস্তিনের অবরুদ্ধ পশ্চিম তীরে হানা দিয়ে ২৩ জন ফিলিস্তিনী মুসলিমকে ধরে নিয়ে গেছে।

ফিলিস্তিন ভিত্তিক 'কারাবন্দী সোসাইটি' নামক একটি সংস্থা গত ২৩ শে মে রবিবার সংস্থাটি তথ্য নিশ্চিত করেছে। সংস্থাটির তথ্যমতে গত ২২ মে, পশ্চিম তীরে মুসলিমদের বাড়িঘরে হানা দিয়ে ২৩ জন ফিলিস্তিনী মুসলিমকে অন্যায়ভাবে তুলে নিয়ে গেছে অভিশপ্ত ইহুদী সৈন্যরা।

সংস্থাটি আরো জানায়, এপ্রিলের মাঝামাঝি থেকে গত এক সপ্তাহে দখলদার ও অভিশপ্ত ইহুদীদের অবৈধ রাষ্ট্র ইসরাইলি সৈন্যরা ফিলিস্তিনের পশ্চিম তীর ও মুসলিম ভূখণ্ড থেকে ১৮০০ অধিক মুসলিমকে গ্রেফতার করেছে।

ফিলিস্তিন ভিত্তিক 'কারাবন্দী সোসাইটি' আরো জানায়, কারাগারের দুরাবস্থা ও বিনাবিচারে বন্দী রাখার প্রতিবাদে দুইজন ফিলিস্তিনি টানা ১৯ দিন ইসরাইলি কারাগারে অনশন পালন করেন।

ফিলিস্তিন ভিত্তিক 'অধিকার' সংস্থার মতে, বর্তমানে প্রায় ৪ হাজার ৪ শত মুসলিম ইসরাইলি কারাগারে বন্দী অবস্থায় মানবেতর জীবনযাপন করছেন; যাদের মধ্যে ৩৯ জন মুসলিম নারী, ১১৫ ফিলিস্তিনি শিশু ও ৩৫০ জন প্রশাসনিক বন্দী রয়েছেন।

খোরাসান | লাগমানের প্রাদেশিক রাজধানী বিজয়ের ধারপ্রান্তে তালিবান, চলছে তীব্র লড়াই

আফগানিস্তানের লাগমান প্রদেশের আলিঙ্গার ও আলিশাং জেলায় অগ্রগতির পাশাপাশি তালিবান মুজাহিদিনরা এখন প্রাদেশিক রাজধানী মাহতারলাম বিজয়ের লক্ষ্যে মুরতাদ কাবুল সরকারী বাহিনীর ঘাঁটিগুলিতে ভারী আক্রমণ শুরু করেছেন।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, গতকাল বিকেলে মাহতারলাম ও কালাই-নাজিল বাজারের ৬টি চেকপোস্ট বিজয় করে নিয়েছেন তালেবান মুজাহিদিন। সূত্রটি আরও জানিয়েছিল যে, মুজাহিদগণ প্রদেশটির প্রধান শহর থেকে দুই কিলোমিটার দূরে প্রাদেশিক কারাগারে হামলা চালিয়েছেন এবং কারাগার থেকে সকল বন্দীকে মুক্ত করে নিয়েছেন।

এদিকে কাবুল সরকারের সুরক্ষা আধিকারিকরা নিশ্চিত করেছে যে, প্রদেশটির বাদপাশ, আলিঙ্গার ও আলিশাং জেলাগুলি বর্তমানে তালিবান মুজাহিদদের অবরোধের অধীনে রয়েছে।

কাবুল সরকারের প্রতিরক্ষামন্ত্রীর নেতৃত্বে প্রাদেশিক রাজধানী রক্ষায় একটি নতুন 'এএনএ' ইউনিট গত রাতে লগমন পৌঁছালেও, তিনটি জেলা এবং এই কেন্দ্রটি এখনও তালেবান মুজাহিদদের দ্বারা অবরোধের মধ্যে রয়েছে।

সুরক্ষা সূত্র জানিয়েছে যে, গতকাল সন্ধ্যা পর্যন্ত মধ্য লাঘমান প্রদেশের ১৭টি এলাকা দখলে নিয়েছেন তালিবান মুজাহিদিন। এদিন বিকেলে রাজধানীর আবজাই, খান কালা, সাপিও কালা ও ময়দান এলাকা থেকেও সরকারী বাহিনী পিছু হটেছে।

লঘমানের বাসিন্দা নূর কাদেরী টোলনিউজকে বলেছেন, তালিবান মুজাহিদিন বর্তমানে প্রাদেশিক রাজধানী মাহতারলাম শহরের ২০০ মিটারের মধ্যে যুদ্ধ শুরু করেছে।

সর্বশেষ তালিবান মুখপাত্র- জাবিহুল্লাহ মুজাহিদ আজ ২৪ মে দুপুরবেলা জানিয়েছেন যে, গত ২০ ঘন্টার লড়াইয়ে তালিবান মুজাহিদগণ প্রাদেশিক কেন্দ্রটির ৩৭টি প্রতিরক্ষামূলক চেকপোস্ট দখলে নিয়েছেন, বেশ কিছু সৈন্যকে হত্যা এবং আহত করেছেন। এছাড়াও মুজাহিদগণ প্রচুর পরিমাণে অস্ত্র ও গোলা-বারুদ গনিমত লাভ করেছেন।

মাসিক রিপোর্ট | কাবুল প্রশাসন থেকে ১১২৭ সৈন্যের তালেবানে যোগদান

গত এপ্রিল মাসে আফগানিস্তানে মুরতাদ কাবুল সরকারি বাহিনী ছেড়ে ১১২৭ জন সেনা ও পুলিশ সদস্য তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছিল।

এদিকে কাবুল প্রশাসনের সেনাবাহিনীর মধ্যে ক্রমবর্ধমান অবিশ্বাস ও হতাশার ফলে সেনাবাহিনী ও পুলিশ সদস্যরা প্রদিনই তালেবানদের কাছে আত্মসমর্পণ করেছে। যার ধারবাহিকতায় গত এপ্রিল মাসে এক হাজারেরও বেশি সেনা ও পুলিশ সদস্য তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছিল।

তালেবানের দাওয়াহ ও গাইডেন্স কমিশনের এক বিবৃতি অনুসারে, আত্মসমর্পণকারী কাবুল সৈন্য, পুলিশ, ভাড়াটিয়া মিলিশিয়া এবং অন্যান্য সরকারী কর্মকর্তারা দেশের বিভিন্ন অঞ্চলে উপজাতি প্রবীণদের মধ্যস্থতায় এবং তালেবান নেতা শাইখ আখুন্দজাদার ক্ষমার ডিক্রি অনুসারে, কাবুল সরকারি বাহিনীর থেকে প্রতিদিনই কয়েক ডজন করে সেনা পদত্যাগ করছে এবং বিদেশি ও কাবুল সরকারী সৈন্যদের সর্বপ্রকার সহায়তা প্রদান বন্ধ করার প্রতিশ্রুতি দিয়ে তালেবানদের সাথে যোগ দিচ্ছে।

বিবৃতিতে আরও যোগ করা হয়েছে যে, তালেবানের দাওয়াহ ও গাইডেন্স কমিশনের দায়িত্বশীলগণ আত্মসমর্পণকারী সৈন্যদের স্বাগত জানিয়ে তাদের পুরস্কৃত করেছেন।

ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভলপমেন্টের (সিইসি) এক প্রতিবেদনে বলা হয়েছে, প্রতি মাসে ৪,০০০ থেকে ৫,০০০ সৈন্য এবং পুলিশ সদস্য কাবুল সরকারি বাহিনী ছেড়ে পালিয়ে যাচ্ছে, যাদের মধ্যে কেউ কেউ আনুষ্ঠানিকভাবে তালেবানের কাছে আত্মসমর্পণ করছে আবার অনেকে তালিবানদের শর্ত মেনে তাদের বাড়িতে ফিরে বেসামরিক জীবনে ফিরে আসছে।

২৪শে মে, ২০২১

পুলিশের পাহারায় মসজিদুল আকসায় ইহুদিদের প্রবেশ

ভারি অস্ত্রে সজ্জিত ইহুদিবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরায়েলি পুলিশের পাহারায় মসজিদুল আকসায় জোর করে প্রবেশ করেছে ইহুদিরা। রোববার (২৩ মে) সকালে প্রায় এক শ’ নাপাক ইহুদি ইসরায়েলি পুলিশি পাহারায় মসজিদ চত্বরে প্রবেশ করে।

এর আগে মসজিদে ফজরের নামাজের পর সমবেত মুসল্লিদের ওপর হামলা করে সন্ত্রাসী ইসরায়েলি পুলিশ।

প্রত্যক্ষদর্শীদের বর্ণনা দিয়ে ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা জানায়, ইসরায়েলি ইহুদিদের প্রবেশে জায়গা করে দিতে পুলিশ মুসল্লিদের ওপর ব্যাপক মারধর চালায়।

ওয়াফা আরো জানায়, এই সময় ছয় ফিলিস্তিনিকে আটক করা হয়।

অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড পূর্ব জেরুসালেমের মসজিদুল আকসা ইসলামের তৃতীয় পবিত্রতম স্থান। মক্কার মসজিদুল হারাম ও মদীনার মসজিদে নববীর পরই এই মসজিদের মর্যাদা রয়েছে।

সূত্র : আলজাজিরা

খোরাসান | মুজাহিদদের হামলায় ৪২ মুরতাদ সৈন্য নিহত, ৩টি ট্যাঙ্ক ধ্বংস

আফগানিস্তানের জাউজান, পাকতিয়া, বাগলান ও নানগারহারে মুরতাদ কাবুল বাহিনীর বিরুদ্ধে বীরত্বপূর্ণ কয়েকটি সফল অভিযান চালিয়েছেন তালিবান মুজাহিদিন। এতে ৪২ এরও বেশি মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, আজ ২৩ মে রবিবার, তালিবান মুজাহিদীনরা বাগলান প্রদেশের পুল-এ-খামরি জেলার নিয়াজুল্লাহ এলাকায় মুরতাদ কাবুল প্রশাসনের ভাড়াটে সেনাবাহিনীর বিরুদ্ধে একটি বীরত্বপূর্ণ অভিযান চালিয়েছেন। এসময় মুজাহিদগণ মুরতাদ বাহিনীর সমস্ত কমান্ডার ও সেনা সদস্যকে হত্যা করেন।

এছাড়াও, মুজাহিদীনরা আজ ভোরে গুজারগাহ নূর জেলায় মুরতাদ বাহিনীর উপর আরো একটি সফল হামলা চালান। এসময় মুজাহিদগণ ১৮ ভাড়াটে সৈন্যকে হত্যা এবং আরো ৩ সৈন্যকে গুরুতর আহত করেন। এছাড়াও মুজাহিদগণ ৬টি 16-মিমি রাইফেল, একটি রকেট লঞ্চার এবং অন্যান্য গোলাবারুদ গনিমত লাভ করেন।

এমনিভাবে আজ দুপুর ১১ টায় জাউজান প্রদেশের আকচা জেলায় 'পোস্ট-ডিভিশন' নামক ভাড়াটে বাহিনীর উপর মুজাহিদিনরা একটি সশস্ত্র আক্রমণ চালিয়েছেন। মুজাহিদদের এই আক্রমণে শত্রু বাহিনীর ২ টি ট্যাঙ্ক, ৮ ভাড়াটে সৈন্য নিহত এবং আরো ৬ মুরতাদ সৈন্য আহত হয়। এছাড়াও মুজাহিদীনরা প্রচুর গোলাবারুদ গনিমত লাভ করেছেন।

এদিকে বিকেলে মুজাহিদিনরা পাকতিয়া প্রদেশের ইব্রাহিম খেল এলাকায় মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে ড্রোন হামলা চালান, এতে এক সৈন্য নিহত এবং আরো কতক সৈন্য আহত হয়েছে। এমনিভাবে বেলা ১১ টা ৫০ মিনিটে, পাটান জেলার রহিমুদ্দিন ঘুন্দি এলাকায় মুরতাদ বাহিনীর অবস্থানে আরো একটি ড্রোন হামলা চালান মুজাহিদগণ। এতে ২ কমান্ডারসহ কতক সৈন্য হতাহত হয়।

জুরমাত জেলার খাওয়াজাগান এলাকায় মুরতাদ সেনাবাহিনীর উপর হামলা চালিয়ে (এএনএ) একটি ট্যাঙ্ক ধ্বংস করেন মুজাহিদগণ, এতে ৩ মুরতাদ সেনা নিহত ও ২ সৈন্য আহত হয়।

অপরদিকে গতকাল রাত ২ টা নাগাদ মুজাহিদিনরা নানগারহার প্রদেশের জোকান তালাশি এলাকায় ভাড়াটে সেনা চৌকিতে হামলা চালিয়ে ২ সৈন্যকে হত্যা এবং অপর এক সেনাকে গুরুতর আহত করেন।এছাড়াও,

হাজী দাউদ এলাকায় মুরতাদ ভাড়াটে সৈন্যদের উপর তালিবান মুজাহিদদের অন্য হামলায় আরো ৬ ভাড়াটে সৈন্য নিহত হয়েছে।

মালি । আল-কায়েদার হামলায় ৬ মুরতাদ সদস্য নিহত, প্রচুর গণিমত লাভ

পশ্চিম আফ্রিকার দেশ মালিতে দেশটির মুরতাদ 'ভিডিপি' বাহিনীর অবস্থানে হামলা চালিয়েছেন JNIM এর মুজাহিদিন। এতে ৬ মুরতাদ সদস্য নিহত হয়েছে।

স্থানীয় গণমাধ্যমের রিপোর্ট অনুযায়ী, গত ১৬ মে, মালির পালসেগ প্রদেশের পিসিলা জেলার সানমাতেনগা এলাকায় দেশটির মুরতাদ ভিডিপি বাহিনীর একটি অবস্থানে সশস্ত্র হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জা'মায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীনের একদল জানবায মুজাহিদীন। এতে মুরতাদ ভিডিপি বাহিনীর এক সদস্য নিহত এবং আরো ৫ সদস্য আহত হয়েছে। তবে ভিন্ন আরেকটি সূত্রমতে মুজাহিদদের পরিচালিত উক্ত সফল অভিযানে ৬ মুরতাদ সদস্যই নিহত হয়েছে।

অভিযান শেষে মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে ৭টি মোটরবাইক, ৮টি একে সিরিজের অথবা টাইপ-৫৬ প্যাটার্নের রাইফেল, ২টি যাসটাভা M70B1, ম্যাগাজিন ও অনেক গুলি গনিমত লাভ করেছেন।

উল্লেখ্য যে, ভিডিপি হচ্ছে- মালিতে মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধরত মুরতাদ বাহিনীর জন্য সেবাপ্রদানকারী একটি সশস্ত্র স্বেচ্ছাসেবক দল।

২৩শে মে, ২০২১

আমাদের সেনাবাহিনী যুদ্ধাপরাধীদের পরিচালিত সন্ত্রাসী সংগঠন: সাবেক ইসরায়েলি বৈমানিক

ইসরায়েলি বিমান বাহিনীর সাবেক বৈমানিক ইউনতান শাপিরা ইসরায়েলি সরকার ও সামরিক বাহিনীকে ‘যুদ্ধাপরাধীদের’ পরিচালিত ‘সন্ত্রাসী সংগঠন’ হিসেবে মন্তব্য করেছে। সম্প্রতি তুরস্কের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আনাদোলু এজেন্সির কাছে দেয়া এক সাক্ষাতকারে সে এই মন্তব্য করে।

২০০৩ সালে দ্বিতীয় ইন্তেফাদার সময় ইসরায়েলি বিমান বাহিনীর তৎকালীন ক্যাপ্টেন ইউনতান শাপিরা পদত্যাগ করে।

সাক্ষাতকারে সে বলেছে, 'দ্বিতীয় ইন্তেফাদার সময় আমি উপলব্ধি করলাম ইসরায়েলি বিমান বাহিনী ও ইসরায়েলি সামরিক বাহিনী লাখ লাখ ফিলিস্তিনি জনগোষ্ঠীর মধ্যে ত্রাস সৃষ্টি করে যুদ্ধাপরাধ করছে। যখনই তা উপলব্ধি করলাম, আমি শুধু নিজেই (বিমান বাহিনী) ছেড়ে আসার সিদ্ধান্ত নেইনি বরং অন্য বৈমানিকদেরও সংগঠিত করলাম যারা এই অপরাধের অংশ হতে অস্বীকার করেছে।'

২০০০ সালে ইসরায়েলি কর্তৃপক্ষের বিরুদ্ধে পুরো ফিলিস্তিনজুড়ে গণজাগরণ দ্বিতীয় ইন্তেফাদা হিসেবে পরিচিত। ফিলিস্তিনি ও ইসরায়েলিদের মধ্যে বিবাদের মীমাংসায় ক্যাম্প ডেভিড সম্মেলনের ব্যর্থতা এবং ইসরায়েলের বিরোধীদলীয় নেতা অ্যারিয়েল শ্যারনের মসজিদুল আকসা পরিদর্শনের জেরে শুরু হওয়া এই গণজাগরণের পরিপ্রেক্ষিতেই গাজা উপত্যকা থেকে ইসরায়েলি বসতি ও সামরিক অবস্থান সরিয়ে নেয়া হয়। ২০০৫ সালে এই গণজাগরণের সমাপ্তি হয়।

ইউনতান শাপিরা বলেন, 'ইসরায়েলি শিশু হিসেবে, আপনি বেড়ে উঠবেন জোরালো জায়নবাদী সামরিকায়িত শিক্ষায়। আপনি ফিলিস্তিন সম্পর্কে কিছুই জানবেন না, ১৯৪৮ সালের নাকবা সম্পর্কে, চলমান নিপীড়ন সম্পর্কে কিছুই জানবেন না।'

ইসরায়েলি বিমান বাহিনীর দায়িত্ব ছেড়ে আসার পর শাপিরা এক প্রচারণা আন্দোলন শুরু করেন যাতে ফিলিস্তিনিদের আক্রমণের আদেশ অমান্যে ইসরায়েলি সামরিক বাহিনীর অন্য সদস্যদের উৎসাহিত করা হয়।

এই প্রচারণায় ২০০৩ সাল থেকে ইসরায়েলি বিমান বাহিনীর ২৭ বৈমানিক পদত্যাগ করেছেন।

শাপিরা বলেন, তিনি ও ইসরায়েলি সামরিক বাহিনী থেকে পদত্যাগ করা তার বন্ধুরা ইসরায়েলি জনগণ ও সারাবিশ্বকে ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরায়েলের 'যুদ্ধাপরাধমূলক নীতি' সম্পর্কে জানাতে চান।

তিনি বলেন, 'এই দখলদারিত্ব এক চলমান অপরাধমূলক কাজ ও যুদ্ধাপরাধ এবং আমরা এই যুদ্ধাপরাধের অংশ হতে ইচ্ছুক নই।'

অবরুদ্ধ ফিলিস্তিনি ভূখণ্ড গাজায় ইসরায়েলের সাম্প্রতিক আগ্রাসনে প্রধান ভূমিকা রেখেছে দেশটির বিমান বাহিনী। টানা ১১ দিন বিমান হামলায় গাজায় ২৪৮ জন নিহত ও এক হাজার নয় শ' ৪৮ জন আহত হয়েছেন।

ইসরায়েলি হামলায় গাজায় মোট এক হাজার বাড়ি সম্পূর্ণ ধ্বংস ও এক হাজার আট শ' বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানায় ফিলিস্তিনি গৃহায়ন মন্ত্রণালয়।

জাতিসঙ্ঘের মানবিক সহায়তা বিষয়ক সমন্বয় দফতরের (ওসিএইচএ) তথ্য অনুসারে, গাজায় ইসরায়েলি আগ্রাসনে অন্তত ৯০ হাজার ফিলিস্তিনি বাস্তুচ্যুত হয়েছেন।

সূত্র: আনাদোলু এজেন্সি ও মিডল ইস্ট মনিটর

গাজায় ইসরায়েলের হামলা : ক্ষয়ক্ষতির পরিসংখ্যান

টানা ১১ দিনের আগ্রাসনের পর অবরুদ্ধ ফিলিস্তিনি ভূখণ্ড গাজা নিয়ন্ত্রণকারী স্বাধীনতাকামী সংগঠনের সাথে যুদ্ধবিরতি ঘোষণা করেছে দখলদার ইসরায়েল। শুক্রবার সকাল থেকে এই যুদ্ধবিরতি কার্যকর হয়েছে।

যুদ্ধের এই অবসরে উভয় পক্ষই সময় পেয়েছে নিজেদের ক্ষয়ক্ষতির পরিসংখ্যান পর্যালোচনার।

যুদ্ধবিরতির পর থেকে গাজায় নতুন করে উদ্ধার অভিযান শুরু হয়েছে। টানা ইসরায়েলি বিমান হামলায় পরে থাকা ধ্বংসস্তুপ থেকে হতাহতদের উদ্ধার কার্যক্রম শুরু করেছেন উদ্ধারকর্মীরা।

শুক্রবার গাজায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রকাশিত বিবৃতি অনুসারে, ইসরায়েলের সাথে যুদ্ধবিরতিতে উদ্ধার অভিযানে নতুন হতাহতদের উদ্ধারের পর নিহতের সংখ্যা বেড়ে দুই শ' ৪৮ জনে দাঁড়িয়েছে। নিহতদের মধ্যে ৬৬ শিশু ও ৩৯ নারী রয়েছেন।

অপরদিকে গাজায় ইসরায়েলি আগ্রাসনে আরো এক হাজার নয় শ' ৪৮ ফিলিস্তিনি আহত হয়েছেন বলে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতিতে জানানো হয়। এর মধ্যে ৫৬০ জনই শিশু।

অবশ্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ইসরাইলি আগ্রাসনে গাজায় আহতের সংখ্যাকে আরো বেশি উল্লেখ করেছে। সংস্থাটির মতে, অন্তত আট হাজার ছয় শ' ফিলিস্তিনি ইসরায়েলি হামলায় আহত হয়েছেন।

অপরদিকে, গাজায় আগ্রাসনের প্রতিবাদে অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড পশ্চিম তীরে বিক্ষোভ দমনে ইসরায়েলি নিরাপত্তা বাহিনীর হামলায় আরো ২৫ ফিলিস্তিনি নিহত হয়েছেন।

অপরদিকে ইসরায়েল ভূখণ্ডে রকেট হামলায় এক সৈন্য ও দুই শিশুসহ মোট ১২ জনের প্রাণহানী ঘটেছে। এছাড়া হামলায় আরো সাত শ' ৯৬ জন আহত হয়েছেন বলে খবরে জানা যায়।

ইসরায়েলি সামরিক বাহিনীর বিবৃতি অনুসারে, গাজা থেকে ইসরায়েলি ভূখণ্ডে মোট চার হাজার তিন শ' ৬০টি রকেট নিক্ষেপ করা হয়। তবে এর বেশিরভাগই ইসরায়েলি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা আয়রন ডোমের মাধ্যমে ঠেকিয়ে দেয়া হয়েছে।

তবে ইসরায়েলি ট্যাক্স কর্তৃপক্ষ বলছে, দক্ষিণ ও মধ্য ইসরায়েলে রকেট হামলায় ক্ষতিগ্রস্ত দুই হাজার ৬১টি বাড়ি এবং এক হাজার তিন শ' ৬৭টি গাড়ির জন্য ক্ষতিপূরণের আবেদন তারা পেয়েছে।

ফিলিস্তিনি গৃহায়ন মন্ত্রণালয়ের তথ্য অনুসারে, কুখ্যাত ইসরায়েলি হামলায় গাজায় মোট এক হাজার বাড়ি সম্পূর্ণ ধ্বংস ও এক হাজার আট শ' বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।

জাতিসঙ্ঘের মানবিক সহায়তা বিষয়ক সমন্বয় দফতরের (ওসিএইচএ) তথ্য অনুসারে, গাজায় ইসরায়েলি আগ্রাসনে অন্তত ৯০ হাজার ফিলিস্তিনি বাস্তুচ্যুত হয়েছেন।

অধিকৃত জেরুসালেমের শেখ জাররাহ মহল্লাহ থেকে ফিলিস্তিনি বাসিন্দাদের উচ্ছেদ করে ইহুদি বসতি স্থাপনে গত ২৫ এপ্রিল ইসরায়েলি আদালতের আদেশের জেরে ফিলিস্তিনিদের বিক্ষোভে পরপর কয়েক দফা মসজিদুল আকসায় হামলা চালায় অভিশপ্ত বাহিনী। ৭ মে থেকে ১০ মে পর্যন্ত এই সকল হামলায় এক হাজারের বেশি ফিলিস্তিনি আহত হয়েছেন বলে জাতিসঙ্ঘের মানবিক সাহায্য বিষয়ক দফতর ইউএনওসিএইএ জানিয়েছে।

সূত্র : আনাদোলু এজেন্সি, বিবিসি ও ডেইলি মেইল

পৃথিবীর উন্মুক্ত কারাগার নামে খ্যাত গাযার বাসিন্দাদের দুর্বিষহ জীবন যাপন

প্রায় বিশ লাখ মানুষ বাস করেন ফিলিস্তিনের গাযায়। এই এলাকা দৈর্ঘ্যে ৪১ কিলোমিটার (২৫ মাইল) আর প্রস্থে ১০ কিলোমিটার। চারপাশ ঘিরে আছে ভূমধ্যসাগর, ইসরায়েল আর মিশর।

গাযা এখন নিয়ন্ত্রণ করছে ফিলিস্তিনি গোষ্ঠী হামাস। ২০০৭ সালে তৎকালীন ক্ষমতাসীন ফিলিস্তিনি প্রশাসনের ভেতর চরম মতভেদের পর হামাস গাযার নিয়ন্ত্রণ হাতে নেয়।

এরপর থেকে ইসরায়েল এবং মিশর গাযার ভেতর থেকে মালামাল ও মানুষের চলাচলের ওপর বিধিনিষেধ আরোপ করেছে।

হামাস এবং ইসরায়েলের মধ্যে একটা স্বল্পস্থায়ী লড়াই হয়েছিল ২০১৪ সালে। আর এই বছর মে মাসে দুই পক্ষের মধ্যে সহিংস লড়াই তীব্র মাত্রা নেয়।

দখলদার ইসরায়েলি ও ফিলিস্তিনিদের মধ্যে কয়েক সপ্তাহ ধরে উত্তেজনা বাড়ার পটভূমিতে গাযায় হামলা চালায় ইহুদিরা। ফলে বাড়ছে হতাহত আর ক্ষয়ক্ষতির সংখ্যা।

বিদ্যুতের তীব্র সঙ্কট

গাযায় এমনি সময়ই প্রতিদিন বিদ্যুত চলে যায়।

এই লড়াই শুরু হবার আগে গাযার বাসাগুলোতে পালা করে প্রতিদিন মাত্র আট ঘন্টার জন্য বিদ্যুত দেয়া হতো।

সাম্প্রতিক লড়াইয়ে বিদ্যুতের লাইনগুলো বিধ্বস্ত হয়ে গেছে এবং দেখা দিয়েছে তীব্র জ্বালানি সঙ্কট। জাতিসংঘের মানবিক ত্রাণ সমন্বয়কারী দপ্তর (ওচা) বলছে এখন বেশিরভাগ বাসাবাড়িতে বিদ্যুত আসছে দিনে মাত্র তিন চার ঘন্টা করে। কোথাও কোথাও তাও ভেঙে পড়েছে।

গাযা ভূখন্ডে বিদ্যুত সরবরাহের একটা বড় অংশ আসে ইসরায়েল থেকে। খুব নগণ্য একটা অংশ উৎপাদিত হয় গাযার একটাই মাত্র বিদ্যুত উৎপাদন কেন্দ্র থেকে, আর সামান্য অংশ সরবরাহ করে মিশর।

গাযার বিদ্যুত উৎপাদন কেন্দ্র এবং মানুষের বাসাবাড়িতে যে জেনারেটর আছে তার জন্য নির্ভর করতে হয় ডিজেল জ্বালানির ওপর। কিন্তু ইসরায়েল হয়ে যে জ্বালানি গাযায় আসে তা প্রায়শই বন্ধ করে দেয়া হয়। ফলে সাধারণ সময়েও বিদ্যুত সরবরাহ বিঘ্নিত থাকে। লড়াইয়ের ফলে তা এখন আরও তীব্র হয়েছে।

সীমান্ত পারাপারের সমস্যা

গাযা থেকে চলাচলের ক্ষেত্রে রয়েছে বড়ধরনের সমস্যা। হামাস ২০০৭ সালে গাযায় ক্ষমতা গ্রহণের পর, মিশরের গাদ্দার শাসক গাযার সাথে তাদের সীমান্ত মূলত বন্ধই করে রেখেছে।

গত বছর করোনাভাইরাসের বিস্তার ঠেকানোর জন্য সীমান্তে আরও বাড়তি বিধিনিষেধ আরোপ করা হয়েছে।

মিশরে যাতায়াতের জন্য রাফা সীমান্ত চৌকি এবং ইসরায়েলে ঢোকা ও বেরনর জন্য এরেজ সীমান্ত পারাপার চৌকি দুটোই ২০২০ সালে প্রায় ২৪০দিনের জন্য বন্ধ রাখা হয় এবং খোলা হয় মাত্র ১২৫ দিনের জন্য বলে জানাচ্ছে জাতিসংঘ সংস্থা ওচা।

প্রায় ৭৮ হাজার মানুষ ২০১৯ সালে দক্ষিণের রাফা সীমান্ত দিয়ে গাযা থেকে বাইরে বেরিয়েছিলেন, কিন্তু ২০২০ সালে তা কমে দাঁড়ায় ২৫ হাজারে।

উত্তরে এরেজ সীমান্ত দিয়ে ইসরায়েলে যাতায়াতের সংখ্যাও নাটকীয়ভাবে কমে গেছে ২০২০ সালে - যার কারণ আংশিকভাবে ছিল করোনাভাইরাস ঠেকাতে জারি করা বিধিনিষেধ।

এবছর এরেজ সীমান্ত চৌকি দিয়ে গাযা থেকে বেরতে পেরেছেন মাত্র প্রায় ৮ হাজার মানুষ। এদের বেশিরভাগই ছিলেন চিকিৎসা নিতে ইসরায়েলে যাওয়া মানুষ অথবা রোগীর সাথে যাওয়া আত্মীয়স্বজন বা তাদের নিকটজন। এছাড়া সীমান্ত মূলত বন্ধই করে দেয়া হয়।

সুড়ঙ্গ নেটওয়ার্কে হামলা

জাতিসংঘের হিসাব অনুযায়ী, গাযার জনসংখ্যার প্রায় ৮০% বিদেশি ত্রাণের ওপর নির্ভরশীল। প্রায় দশ লাখ মানুষ খাবার জন্য দৈনন্দিন খাদ্য সহায়তার মুখাপেক্ষী।

যাতায়াতের ওপর ইসরায়েল অবরোধ জারি করার ফলে গাযা থেকে ঢোকা ও বেরন মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে। ফলে মানুষের ব্যবসা বাণিজ্য করার সুযোগ বিপর্যস্ত হয়ে পড়েছে।

যা কিছু সুড়ঙ্গপথ ছিল এবার সন্ত্রাসীরা এই সুড়ঙ্গপথগুলো ধ্বংস করতেও বিমান হামলা চালিয়েছে। ফলে খাদ্য সরবরাহের চোরা পথও বিধ্বস্ত হয়ে গেছে।

করোনাভাইরাসও স্থানীয় অর্থনীতির জন্য বড়ধরনের বিপর্যয় তৈরি করেছে। বিশ্ব ব্যাংক বলছে গাযা এই অর্থনৈতিক বিপর্যয় সবে মাত্র কাটিয়ে উঠতে শুরু করেছিল। ফলে হামলা সেই ঘুরে দাঁড়ানোর পথে বড়ধরনের একটা ধাক্কা দিয়েছে।

বসবাসও গাযার বাসিন্দাদের জন্য কঠিন সমস্যা

গাযা বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ এলাকাগুলোর মধ্যে অন্যতম। যাকে বলা হয় পৃথিবীর উন্মুক্ত কারাগার।

জাতিসংঘের হিসাব অনুযায়ী, গাযায় আটটি শিবিরে গাদাগাদি করে বাস করেন প্রায় ৬ লক্ষ শরণার্থী।

সাধারণত এক বর্গ কিলোমিটার এলাকায় গড়ে বসবাস করেন ৫,৭০০র বেশি মানুষ- যে পরিসংখ্যান লন্ডনের জনঘনত্বের কাছাকাছি। কিন্তু গাযা সিটিতে এক বর্গ কিলোমিটারে বাস করেন ৯ হাজারের অধিক মানুষ।

গাযা থেকে রকেট হামলা ও ফিলিস্তিনি যোদ্ধাদের অনুপ্রবেশ থেকে সুরক্ষার জন্য ইসরায়েল ২০১৪ সালে একটি বাফার জোন ঘোষণা করে। ইসরায়েল ও গাযার মধ্যে বেশ বিস্তীর্ণ এই এলাকা তারা গড়ে তোলে যাতে গাযা থেকে চালানো কোনরকম হামলা থেকে তাদের দেশ নিরাপদ দূরত্বে থাকতে পারে।

কিন্তু এই বিস্তীর্ণ এলাকা বাফার জোনের অংশ করে নেওয়ায় স্থানীয় মানুষদের থাকার এবং কৃষিকাজের জন্য জমি অনেকটাই কমে গেছে।

ওচা বলছে এখন সাম্প্রতিক এই বর্বরোচিত হামলার কারণে কয়েকশ বসতবাড়ি ভেঙে গুঁড়িয়ে গেছে। অনেক বাড়ি মাটিতে মিশিয়ে গেছে। তারা বলছে প্রকৃত ক্ষয়ক্ষতি নিরূপণ করতে বেশ সময় লেগে যাবে।

স্বাস্থ্য ব্যবস্থা চাপের মুখে

গাযার জন-স্বাস্থ্য ব্যবস্থার অবস্থা নানা কারণে সঙ্গিন। জাতিসংঘ সংস্থা ওচা বলছে ইসরায়েল ও মিশরের দিক থেকে অবরোধ, পশ্চিম তীর কেন্দ্রিক ফিলিস্তিনি প্রশাসনের গাযার জন্য অপর্যাপ্ত স্বাস্থ্য বরাদ্দ এবং ফিলিস্তিনি প্রশাসনের মধ্যে অভ্যন্তরীণ রাজনৈতিক টানাপোড়েন সবই গাযার করুণ স্বাস্থ্য সেবা ব্যবস্থার জন্য দায়ী।

ইসরায়েলের সাথে পূর্ববর্তী সংঘাতের সময়ই গাযার বেশ কিছু হাসপাতাল ও ক্লিনিক ক্ষতিগ্রস্ত বা বিধ্বস্ত হয়ে গেছে।

গাযার কোন রোগীর যদি পশ্চিম তীর বা পূর্ব জেরুসালেমের হাসপাতালে চিকিৎসা নেবার দরকার হয়, তাহলে তাকে আগে ফিলিস্তিনি কর্তৃপক্ষের কাছে অনুরোধ করে তার জন্য অনুমোদন নিতে হবে। তারপর ইসরায়েল সরকারের কাছে গাযা থেকে বেরনর জন্য পাস যোগাড় করতে হবে। ২০১৯ সালে গাযা ভূখন্ড থেকে চিকিৎসা থেকে বেরন আবেদন অনুমোদনের হার ছিল ৬৫%।

গত কয়েক মাসে করোনাভাইরাসের কারণে স্বাস্থ্য ব্যবস্থা রীতিমত প্রবল চাপের মুখে রয়েছে।

এপ্রিল মাসে গাযায় প্রতিদিন সংক্রমণের সংখ্যা ছিল প্রায় ৩০০০। মহামারি শুরু হবার পর থেকে গাযায় আক্রান্তের সংখ্যা দাঁড়ায় ১ লক্ষ ৪ হাজার। ভাইরাসে মারা গেছে ৯৪৬জন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা হুঁশিয়ার করেছে যে গাযা ইসরায়েল সীমান্তে বিধিনিষেধের কারণে শত্রুতার শিকার রোগীরা প্রাণ বাঁচানোর জন্য চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত তো হচ্ছেই, এই প্রাণঘাতী ভাইরাস মোকাবেলার কাজও এর কারণে ঝুঁকির মুখে পড়ছে।

এই অবস্থায় মানুষজন যুদ্ধের কারণে এখন আপদকালীন বাসস্থানে গাদাগাদি করে আশ্রয় নেবার কারণে ভাইরাস ছড়িয়ে পড়ার বড়ধরনের ঝুঁকি তৈরি হয়েছে।

খাবার ও জীবিকার সঙ্কট

জাতিসংঘের হিসাবে গাযায় দশ লাখের ওপর মানুষ "মাঝারি থেকে গুরুতর খাদ্য নিরাপত্তার ঝুঁকিতে" শ্রেণিভুক্ত, যদিও সেখানে প্রচুর মানুষ কোন না কোন ধরনের খাদ্য সহায়তা পেয়ে থাকে।

ত্রাণের খাদ্যবাহী গাড়ির বহর যাবার জন্য সীমান্ত পারাপারের চৌকিগুলো খুলে দেয়া হয়েছে। কিন্তু গোলাবর্ষণের কারণে খাদ্য সরবরাহ বিঘ্নিত হচ্ছে।

গাযার মানুষের কৃষিকাজ ও মাছধরার ওপর ইসরায়েল যেসব বিধিনিষেধ আরোপ করে রেখেছে তার ফলে গাযার বাসিন্দারা নিজেদের প্রয়োজনের জন্য পর্যাপ্ত খাবার উৎপাদন করতেও অক্ষম।

ইসরায়েলের ঘোষিত বাফার জোন এলাকায় গাযার মানুষ চাষবাস করতে পারেন না। এই এলাকা সীমান্তে গাযার দিকে প্রায় দেড় কিলোমিটার এলাকা জুড়ে। এর কারণে গাযায় বছরে আনুমানিক ৭৫ হাজার টন কম ফসল উৎপাদিত হয়।

ইসরায়েল গাযার জন্য মাছ ধরার ক্ষেত্রেও সীমানা বেঁধে দিয়েছে। গাযার বাসিন্দাদের উপকূল থেকে মাত্র কিছু দূর পর্যন্ত মাছ ধরার অনুমতি আছে। জাতিসংঘ বলছে এই বিধিনিষেধ তুলে নেয়া হলে মাছ ধরে গাযার মানুষ জীবিকা নির্বাহ করতে পারত। এবং এলাকার মানুষ সস্তায় প্রোটিনযুক্ত খাবার খাওয়ার সুযোগ পেত।

এগারো দিনের রক্তক্ষয়ী সংঘাতের পর ইসরায়েল গাযা ভূখন্ড থেকে কোনরকম মাছ ধরার ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা দিয়েছে। গত কয়েক বছরে ইসরায়েল বিভিন্ন সময়ে মাছ ধরার এলাকার সীমানা বিভিন্নভাবে

বদলেছে। ফলে গাযার প্রায় ৫ হাজার জেলে ও মৎস্য খাতে সংশ্লিষ্টদের রুজিরোজগারে বড়ধরনের বিঘ্ন তৈরি হয়েছে।

পানির নিত্য সঙ্কট

গাযার বেশিরভাগ মানুষ পানির সঙ্কটে দিন কাটান। কলের পানি লবণাক্ত এবং দূষিত এবং পানের উপযোগী নয়।

গাযার বাসিন্দাদের একটা বড় অংশের বাসায় পাইপ লাইনে পানির সংযোগ থাকলেও ওচা বলছে পরিবারগুলো পানি প্রায় অনিয়মিতভাবে। ২০১৭ সালে পরিবারগুলো কলের পানি পেত প্রতি চার দিন অন্তর মাত্র ৬ থেকে ৮ ঘন্টার জন্য। এর কারণ ছিল পানি পাম্প করার জন্য বিদ্যুতের অভাব।

সর্বসাম্প্রতিক এই লড়াইয়ের ফলে এই সমস্যা আরও সঙ্গিন হয়েছে। পানির সরবরাহ আরও কমে গেছে বিদ্যুতের অভাবে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে তারা মাথা পিছু প্রতিদিন ১০০ লিটার পানির নূন্যতম একটা বরাদ্দ বেধে দিয়েছিল। এই বরাদ্দ ছিল খাওয়া, ধোয়া, রান্না ও গোসল করার প্রয়োজন মেটানোর জন্য নূন্যতম বরাদ্দ। গাযায় পানি ব্যবহারের প্রয়োজনীয় গড় পরিমাণ মাথা পিছু প্রায় ৮৮ লিটার।

পয়ঃনিষ্কাশনও আরেকটা বড় সমস্যা। ৭৮% বাসাবাড়ি পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সাথে যুক্ত থাকলেও বর্তমান ব্যবস্থা তা সামাল দিতে অক্ষম।

শিক্ষাও বিপর্যস্ত

গাযার বহু শিশুই জাতিসংঘ পরিচালিত স্কুলে লেখাপড়া করে। সাম্প্রতিক যুদ্ধের কারণে বেশিরভাগ স্কুলভবন এখন আশ্রয় কেন্দ্রে পরিণত হয়েছে। বোমাবর্ষণ থেকে বাঁচতে পরিবারগুলো এইসব স্কুলভবনে আশ্রয় নিয়ে আছে।

কেনিয়া | শাবাব মুজাহিদদের হামলায় ১৩ ক্রুসেডার নিহত, আহত অনেক

পূর্ব আফ্রিকার দেশ কেনিয়ায় দেশটির ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে বীরত্বপূর্ণ একটি অভিযান চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। যাতে ১৩ ক্রুসেডার সৈন্য নিহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর সূত্রে জানা গেছে, গত ২২ মে শনিবার, উত্তর-পূর্ব কেনিয়ার মান্দিরা অঞ্চলের তাগাবু ও বানিসা এলাকার মধ্যবর্তী স্থানে ক্রুসেডার কেনিয়ান বাহিনীর একটি সামরিক বহরে লক্ষ্য করে শক্তিশালী

বোমা হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ক্রুসেডার কেনিয়ান বাহিনীর ১৩ সৈন্য নিহত এবং আরো অনেক সৈন্য আহত হয়।

এছাড়াও শাবাব মুজাহিদদের বোমার আঘাতে ধ্বংস হয়ে যায় ক্রুসেডার কেনিয়ান বাহিনীর একটি সাঁজোয়া যান।

ভারত | মালাউন পুলিশি নির্যাতনে মুসলিম সবজি বিক্রেতা নিহত

উত্তর প্রদেশের উন্নাও জেলার বাঙ্গারমাউ শহরে রাজ্য পুলিশের নির্যাতনে এক মুসলিম যুবক মারা গেছেন। পুলিশ তার বিরুদ্ধে কথিত কোভিড ১৯ এর স্বাস্থবিধি লঙ্ঘনের অভিযোগ এনেছে।

স্থানীয় মিডিয়া সূত্রে জানা যায়, গত ২১ মে শুক্রবার, ফয়সাল হোসেনকে (১৮) কথিত কোভিড ১৯ এর নিষেধাজ্ঞা উপেক্ষা করে সবজি বিক্রি করায় রাজ্য পুলিশ বেদম পেটায়।

পুলিশের নির্দয় পিটুনিতে সংকটাপন্ন ফয়সালকে হাসপাতালে নেয়া হয়েছিল। কিন্তু শরীরের বিভিন্ন স্থানে মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত ফয়সাল চিকিৎসাধীন অবস্থায়ই মারা যান।

মৃত ফয়সালের এক আত্মীয় অভিযুক্ত তিন পুলিশ কর্মীর বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেছেন।

ফয়সালের চাচাতো ভাই সালমান সাংবাদিকদের জানান,"...বাজার থেকে ফয়সালকে তুলে নিয়ে পুলিশ থানায় নির্মমভাবে পেটায়। তারপর তারা মুমূর্ষু অবস্থায় ফয়সালকে হাসপাতালে ফেলে পালিয়ে যায়।..."

২২শে মে, ২০২১

আফগানিস্তানের ১৯টি প্রাদেশিক রাজধানী ঘিরে ফেলেছে তালিবান

চলতি বছরের ফেব্রুয়ারি থেকে এপ্রিল পর্যন্তই আফগানিস্তানের ৫টি প্রাদেশিক রাজধানীতে সরাসরি অবরোধ আরোপ করেছেন তালিবান মুজাহিদিন। এছাড়াও বর্তমানে আফগানিস্তানের ৩৪ টি প্রাদেশিক রাজধানীর ১৯ টিই অবরোধ করে রেখেছেন তালিবান মুজাহিদিন।

আফগানিস্তানে ক্রুসেডার আমেরিকার কথিত সন্ত্রাস দমনের মিশন "অপারেশন ফ্রিডমস সেন্টিনেল" এর খোদ লিড ইন্সপেক্টরও এই কথা স্বীকার করেছে। গত মে মাসের ১৮ তারিখে প্রকাশিত তার তৈরি করা একটি রিপোর্ট, যেখানে চলতি বছরের প্রথম ৩ মাসে আফগানিস্তানের সামরিক পরিস্থিতি সম্পর্কে আলোকপাত করা হয়েছে, সেখানে সে এই কথা জানায়।

রিপোর্টে সে আরো উল্লেখ করে, আফগানিস্তানে ইসলামি ইমারত প্রতিষ্ঠা করার জন্য তালেবান যোদ্ধারা প্রথমে গত কয়েক বছর যাবত প্রাদেশিক রাজধানীর আশেপাশে থাকা গ্রাম ও জেলাগুলোতে নিজেদের শক্ত অবস্থান তৈরি করেছেন। আর এভাবেই প্রাদেশিক রাজধানীগুলোর আশেপাশের এলাকাগুলো কাবুল বাহিনীর হাতছাড়া হয়ে ক্রমেই তা তালিবানদের ঘেরাওয়ের মধ্যে পড়তে থাকে। ২০২১ সালে এসে প্রাদেশিক রাজধানীগুলো ঘেরাও হয়ে পড়ায় তালিবান যোদ্ধারা এখন বড় ধরণের অভিযান পরিচালনা করার প্রস্তুতি নিচ্ছেন। যার বাস্তব প্রতিফলন দেখতে পাওয়া যায় কয়েক দিন আগে বাগলান এবং হেলমান্দ প্রদেশে চালানো অফেন্সিভ বা আক্রমণাত্মক অভিযানগুলোতে।

তালেবান যেসব প্রাদেশিক কেন্দ্রগুলো অবরোধ এবং নিয়ন্ত্রণের ধারপ্রান্তে সে সব প্রদেশগুলিকে এই ম্যাপটিতে নীল দেখানো হয়েছে

https://ibb.co/5YPhvkY

রিপোর্টটিতে আরো উল্লেখ করা হয়, তালিবান যোদ্ধারা বর্তমানে তাদের সামরিক কৌশল প্রাদেশিক রাজধানী কেন্দ্রিক শুরু করেছে। তারা সেখানে বড় ধরণের আক্রমণ পরিচালনা করছেন এবং সরকারি বাহিনী ও গোয়েন্দা বাহিনীর উপর জটিল ও সফল হামলা চালাচ্ছেন । এসব আক্রমণের মাধ্যমে সরকারি বাহিনীর সামরিকযান ও রসদপত্র এবং গোয়েন্দা বিভাগের সামর্থ্য নষ্ট করে দিয়ে তাদের দূর্বল করে দেওয়া হচ্ছে।

আঞ্চলিক বিশেষজ্ঞরা জানিয়েছেন যে, তালিবান কর্তৃক অবরোধের শিকার দেশের ১৯টি প্রদেশই বর্তমানে তালিবানদের প্রতিষ্ঠিত ইসলামিক ইমারতের শরয়ী শাসন দ্বারা পরিচালিত হচ্ছে। প্রদেশগুলোর রাজধানী কেন্দ্রীক মূল শহর ব্যাতিত এসব প্রদেশের সকল এলাকার অবস্থাই এখন একই। এছাড়া আফগানিস্তানের বাকি ১৫ টি প্রদেশের ৯০-৯৫% অঞ্চলই নিয়ন্ত্রণ করছে তালিবান। সেখানেও তারা দাপোটের সাথে ইসলামি শরিয়াহ্ দ্বারা শাসনকার্য পরিচালনা করছেন।

এ বছরের ফেব্রুয়ারি থেকে ধীরে ধীরে বাগলান প্রদেশের রাজধানী পুল-ই-খুমরি, কুন্দুয প্রদেশের রাজধানী কুন্দুয সিটি, কান্দাহার প্রদেশের রাজধানী কান্দাহার সিটি, হেলমান্দ এর রাজধানী লশকরগাহ এবং উরুযগান এর রাজধানী তারিন কোট অবরোধ করেছেন তালিবান মুজাহিদিন। এছাড়াও তালিবানদের অবরোধের শিকার প্রদেশগুলো হচ্ছে- জাবুল, ফারাহ, বাদগিশ, ফারয়াব ও গজনি প্রদেশ।

https://ibb.co/ZSmxNMT

বিশ্লেষকরা বলছেন, এসব শহর সহ প্রদেশগুলোর গুরুত্বপূর্ণ আরো ১২টি শহর তালিবান মুজাহিদদের ঘেরাওয়ের মধ্যে আছে এবং যেকোনো সময় তারা এসব শহরগুলোতে আক্রমণ চালিয়ে দখলে নিতে সক্ষম।

তালেবান মুজাহিদীনরা শহরগুলোর আশেপাশের এলাকা দখল করতে ক্লাসিক গেরিলা ট্যাকটিক্স অনুসরণ করেছেন। তারা এলাকাগুলোতে আকস্মিক বড় আকারের হামলা চালিয়ে পুরোটুক দখলে নিচ্ছেন এবং শহরগুলোর আশেপাশের যত চেকপোস্ট আছে সেগুলোতে নিয়মিত আক্রমণ করে মুরতাদ বাহিনীকে দমিয়ে রেখেছেন।

পূর্ব আফ্রিকা | মুজাহিদদের হামলায় ২টি সাঁজোয়া যানসহ ৩ এরও বেশি কুফ্ফার নিহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়া ও কেনিয়ায় কুফ্ফার বাহিনীর উপর পৃথক ২টি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

রিপোর্ট অনুযায়ী, গত ২১ মে শুক্রবার, সোমালিয়ার রাজধানী মোগাদিশুর গের্সবালি অঞ্চলের মেয়র আবদুল-রহমান আহমেদ আলী "গ্রেরি" কে টার্গেট করে একটি সফল অভিযান চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ঘটনাস্থলেই গ্রেরি ও তার ৩ দেহরক্ষী নিহত হয়।

একইদিন দুপুরবেলায় কেনিয়ার মান্দিরা অঞ্চলের বানিসা এলাকায় ক্রুসেডার কেনিয়ান বাহিনীর একটি সামরিক বহরে হামলা চালান শাবাব মুজাহিদিন। এতে ক্রুসেডার বাহিনীর একটি ট্যাঙ্ক ধ্বংস এবং অপর একটি ট্যাঙ্ক ক্ষতিগ্রস্থ হয়। এসময় ট্যাঙ্কে থাকা সকল ক্রুসেডার সৈন্য হতাহত হবার প্রভল সম্ভাবনা রয়েছে।

সাম্রাজ্যবাদী রাশিয়া কর্তৃক সার্কাসিয়ান মুসলিমদের গণহত্যা ও নিশ্চিহ্নকরণ, ইতিহাসের নিকৃষ্টতম এক অধ্যায়

সার্কাসিয়ান গণহত্যা হলো সাম্রাজ্যবাদী রাশিয়ার সার্কাস মুসলিমদের উপর চালানো কৌশলগত গণহত্যা, জাতিগত নির্মূল অভিযান, জোড়পূর্বক বিতাড়িতকরণ ও নির্বাসিতকরণ। উনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে রুশ-সার্কাস যুদ্ধের পর ইতিহাসের নিকৃষ্টতম এই গণহত্যা সংগঠিত হয়।

সার্ক্যাসিয়ানরা সংখ্যাগরিষ্ঠ মুসলিম জনগোষ্ঠী, যারা সাম্রাজ্যবাদী রাশিয়ান শাসক কর্তৃক নিজ মাতৃভূমিতে জাতিগত নির্মূলের শিকার হয়ে বিশ্বের বিভিন্ন দেশে আশ্রয় নিয়েছেন। কৃষ্ণ সাগরের তীরবর্তী উত্তর ককেশাস থেকে ১৫ লক্ষ সার্ক্যাসিয়ান মুসলিমকে দখলদার রাশিয়ান শাসকরা জোড়পূর্বক নির্বাসিত করে।

১৮৬৪ সালের কৃষ্ণসাগরের বন্দর নগরী সোচির নিকট প্রতিরোধ যুদ্ধে সাম্রাজ্যবাদী রাশিয়ার নিকট সার্ক্যাসিয়ানদের পরাজয় ঘটে; ফলে পূর্ব কৃষ্ণসাগর থেকে ক্যাস্পিয়ান সাগর পর্যন্ত ককেশিয়ার বিস্তৃত অঞ্চল রাশিয়ান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

https://ibb.co/mSMqGWG

ক্রিমিয়ান তাতারদের মতো দুর্দশার ফলে ১৮৬৪ সালে ১৫ লক্ষ সার্ক্যাসিয়ান কৃষ্ণসাগরের পূর্ব তীর থেকে ক্রুসেডার রাশিয়া কর্তৃক জোড়পূর্বক বিতাড়িত হয়। তখন নির্বাসিত সার্কাসিয়ানদের বেশিরভাগই তৎকালীন উসমানী সাম্রাজ্যে অধীনে আশ্রয় নেন। অত্যাচারী রুশ সৈন্যরা সার্কাসিয়ানদের জোড়পূর্বক জাহাজে করে উসমানী সাম্রাজ্যে পাঠিয়ে দিতো। রুশ দখলদারদের আগ্রাসনে প্রায় ৮ লক্ষ সার্ক্যাসিয়ান মারা যান।

https://ibb.co/3hkHvfk

ইতিহাস থেকে জানা যায়, তৎকালীন সময়ে রুশ ও কস্যাক সৈন্যরা নিজেদের বিনোদনের খোরাক যোগাতে বিভিন্ন নৃশংস পন্থা অবলম্বন করতো। যেমনঃ গর্ভবতী মহিলাদের পেট ছিড়ে ভিতরের বাচ্চা অপসারণ করে কুকুরকে খাওয়ানো।

গ্রিগরি জাসের মতো রাশিয়ান জেনারেল সার্কাসিয়ানদের "নোংরা উপমানব" হিসেবে অভিহিত করে তাদের হত্যা ও বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষায় ব্যবহারের পক্ষে যুক্তি দিয়েছিল।

রাশিয়া কর্তৃক প্রতিরোধ যুদ্ধে পরাজিত হওয়ার পর জাতিগত নিধন থেকে বাঁচতে জনসংখ্যার বৃহৎ অংশ উসমানী সাম্রাজ্যের বিভিন্ন অংশে আশ্রয় নেয়।

গণহত্যা আর নির্বাসনের ফলে মোট জনগোষ্ঠীর ৭৫% সার্কাসিয়ানই নিশ্চিহ্ন হয়ে যায়। নির্বাসনে ব্যর্থ লোকেরা জলাবদ্ধ স্থান ও পাহাড়ের গুহায় আত্মগোপন করে গণহত্যা থেকে বেঁচে যাওয়ার প্রয়াস চালায়।

১৮৬৪ সালের যুদ্ধ শেষ হওয়ার আগে অনেক সার্কাসিয়ান রাশিয়ার নির্যাতনের ভয়ে দেশত্যাগ করেন এবং ১৮৬৭ সালের পূর্বে এই নির্বাসন প্রক্রিয়া সমাপ্ত হয়। যারা নির্বাসিত হননি বা আত্মসমর্পণ করেননি তাদেরকে বর্বরভাবে নির্যাতন করে হত্যা করা হয়েছিল।

নির্বাসনকালীন সময়েই উল্লেখযোগ্য সংখ্যক সার্ক্যাসিয়ান মারা যান। প্রস্থানের জন্য অপেক্ষমান ভীড়ে কিংবা উসমানীয় কৃষ্ণ সাগরের বন্দরে মহামারীতে আক্রান্ত হয়ে সার্ক্যাস জাতিগোষ্ঠীর বিরাট অংশই প্রাণ হারায়। অন্যরা ঝড়ে জাহাজ ডুবে মারা গিয়েছিলেন। রাশিয়ান সরকারের সংরক্ষিত তথ্য অনুযায়ী ৮০-৯৭% সার্ক্যাসিয়ান জাতিগোষ্ঠীর নিশ্চিহ্নকরণ এভাবেই হয়েছে।

https://ibb.co/LxRj9dz

২০২১ সালে এসে একমাত্র জর্জিয়া সার্ক্যাসিয়ান গণহত্যার স্বীকৃতি দেয়। চেচনিয়া ও জর্ডানের রাষ্ট্র নেতারা সার্ক্যাস গণহত্যার নিন্দা জানিয়েছেন।

তবে সাম্রাজ্যবাদী রাশিয়া বরাবরই সার্ক্যাস গণহত্যার দায় অস্বীকার করে এসেছে। সার্কাস জাতিগোষ্ঠীর বিতাড়িতকরণকে "অনুন্নত বর্বর লোকদের সাধারণ দেশান্তর" বলে নিজের অন্যায়কে চেপে রাখার প্রপাগাণ্ডা চালিয়েছে ।

ককেশাস অঞ্চলে দখলদার রাশিয়ান জাতীয়তাবাদীরা প্রতিবছর ২১ শে মে দিনিটিতে "পবিত্র বিজয় দিবস" হিসাবে পালন করে থাকে, যেদিন থেকে রাশিয়া কর্তৃক ককেশাস অঞ্চল থেকে সার্কাস জনগোষ্ঠীর উপর ইতিহাসের জঘন্যতম নিশ্চিহ্নকরণ প্রক্রিয়া শুরু হয় করা হয়। অন্যদিকে সার্ক্যাসিয়ানরা গণহত্যার স্মরণে প্রতিবছর দিনটিকে শোক দিবস হিসাবে পালন করে থাকেন। সারা বিশ্বের নির্বাসিত সার্ক্যাসিয়ানরা এই দিনে রাস্তায় নেমে দখলদার রাশিয়ান সরকারের প্রতিবাদ জানান।

বর্তমান মধ্যপ্রাচ্যের তুরস্ক, সিরিয়া, জর্ডান, মিশর, ফিলিস্তিন ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে নির্বাসিত সার্ক্যাসিয়ানরা বসতি গড়েছেন। কিছু সার্কাসিয়ান কুবান ও লুবা নদীর তীরবর্তী কাজাখ গ্রামে এখনো বসবাস করেন।

অত্যাচারী রুশ শাসক কর্তৃক সার্কাসিয়ানদের উপর চালানো জাতিগত নির্মূলাভিযান একবিংশ শতাব্দীতেও মনুষ্যত্বের ভিত নাড়িয়ে দেয়!

পরিশেষে, আমাদের সার্ক্যাসিয়ান ভাইদের মাতৃভূমি থেকে নিশ্চিহ্নকরণে হৃদয়ের গভীর থেকে প্রচন্ড ব্যাথা অনুভব করি, যারা প্রাণ হারিয়েছেন তাদের জন্য আল্লাহর রহমত কামনা করি।

আল্লামা জুনায়েদ বাবুনগরী হাফিহুল্লাহ এর ব্যক্তিগত সহকারী গ্রেফতার

হেফাজতে ইসলামের বিলুপ্ত কমিটির আমির ও বর্তমান আহ্বায়ক কমিটির আহ্বায়ক আল্লামা জুনায়েদ বাবুনগরীর ব্যক্তিগত সহকারী মাওলানা ইনামুল হাসান ফারুকীকে গ্রেফতার করেছে সন্ত্রাসী র‍্যাব।

শুক্রবার রাত সাড়ে ১০টার দিকে হাটহাজারীর ফতেয়াবাদ থেকে তাকে গ্রেফতার করে র‍্যাব।

র‍্যাব ৭ চট্টগ্রামের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মশিউর রহমান শনিবার সকালে গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, এনামুলকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জিজ্ঞাসাবাদ শেষে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হবে।

উল্লেখ্য, গ্রেফতার ইনামুল হাসান ফারুকী হাটহাজারী উপজেলা হেফাজতে ইসলামের বিলুপ্ত কমিটির প্রচার সম্পাদক ছিলেন।

পাকিস্তানে ফিলিস্তিনের পক্ষে বের হওয়া মিছিলে বোমা হামলা, নিহত ৬

ফিলিস্তিনের পক্ষে বের হওয়া একটি মিছিলে বোমা হামলার ঘটনা ঘটেছে পাকিস্তানে।

হামলায় এখন পর্যন্ত ৬ জন নিহত হবার খবর পাওয়া গেছে এবং ১৪ জন আহত হয়েছে। শুক্রবার (২১ মে) পাকিস্তানের দক্ষিণপশ্চিমে আফগানিস্তান সীমান্তবর্তী চমন নগরীতে এ ঘটনা ঘটে।

বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, পাকিস্তানে মুসলিমদের একটি ধর্মীয় দল ফিলিস্তিনের পক্ষে ওই মিছিলের আয়োজন করেছিল।

ওই দলের নেতার গাড়ি লক্ষ্য করে একটি মোটরসাইকেল চালিয়ে দেওয়া হয়, যেটিতে বোমা রাখা ছিল। মিছিল শেষে লোকজন যখন ফিরে যাচ্ছিলেন, তখনই বোমার বিস্ফোরণ ঘটে।

এবার ফিলিস্তিনের প্রতি সমর্থন দেয়ায় এপি'র সাংবাদিক বহিষ্কার

ইহুদিবাদী ইসরাইলের বর্বর আগ্রাসনের মুখে অসহায় ফিলিস্তিনিদের প্রতি সমর্থন জানানোর কারণে বার্তা সংস্থা এসোসিয়েটেড প্রেস বা এপি'র একজন নারী সাংবাদিককে বহিষ্কার করা হয়েছে। এমিলি উইল্ডার নামের এ সাংবাদিককে বহিষ্কারের পর সারা বিশ্বের সাংবাদিকদের মধ্যে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

চরমপন্থী ইহুদীবাদী কয়েকটি গণমাধ্যম উইল্ডারকে টার্গেট করার পর তাকে এপি কর্তৃপক্ষ বহিষ্কার করে। তার আগ পর্যন্ত এমিলি উইল্ডার নিউইয়র্ক শহরের প্রধান কার্যালয়ে কর্মরত ছিলেন।

ইহুদিবাদী গণমাধ্যমগুলো অভিযোগ তুলেছে যে, কলেজ জীবনে ফিলিস্তিনের প্রতি সমর্থন জানিয়ে উইল্ডার নানামুখী কর্মকাণ্ডে জড়িত ছিলেন।

ব্রিটিশ পত্রিকা দৈনিক গার্ডিয়ানকে উইল্ডার জানিয়েছেন, বার্তা সংস্থা এপি'র সামাজিক যোগাযোগ মাধ্যমের নীতি লঙ্ঘন করার অভিযোগ তুলে তাকে বরখাস্ত করা হয়েছে তবে কোন টুইটার পোস্টে এপি'র নীতি লঙ্ঘন করা হয়েছে সে বিষয়ে তাকে বিস্তারিত কিছু জানানো হয় নি।

এ সম্পর্কে উইল্ডার বলেন, `কোনো সন্দেহ নেই যে, আমাকে বরখাস্ত করা হয়েছে।' তবে তার কর্মকাণ্ডে বার্তা সংস্থা এপি'র জন্য কোন সমস্যা হয়নি বলে জানিয়েছেন সংস্থাটির সম্পাদক।

চলতি সপ্তাহে ইহুদিবাদী গণমাধ্যমগুলো উইন্ডার সম্পর্কে নানা ধরনের স্টোরি প্রকাশ করে যাতে উইন্ডারের ইসরাইল ও ইহুদিবাদ বিরোধী তৎপরতার কথা প্রকাশ করা হয়েছে। এরপরই তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিল এপি কর্তৃপক্ষ।

এমপির দখলবাজির বিরুদ্ধে নিউজ করায় ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেফতার

মেহেরপুরের গাংনী আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে সংবাদ প্রকাশের জেরে ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় সাংবাদিক আল আমিন হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার ভোরে গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

আল আমিন হোসেন বাঁশবাড়িয়া গ্রামের মৃত আব্বাস আলীর ছেলে ও ঢাকা থেকে প্রকাশিত বিজনেস বাংলাদেশ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি এবং স্থানীয় মেহেরপুর প্রতিদিনের সাবেক যুগ্ম সম্পাদক।

মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই সুমন জানান, ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় আদালতের পরোয়ানা থাকায় সাংবাদিক আল আমিন হোসেনকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য, ২০২০ সালের ১১ মে স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় ‘গাংনীর সাবেক এমপি মকবুলের কাণ্ড, ২৬ বছর দখলে রেখেছে পরের বাড়ি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হয়।

এরপর গাংনী আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মো. মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন বাদী হয়ে গাংনী থানায় মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন ও যুগ্ম সম্পাদক আল আমিনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করেন। মামলা নং ১২, তাং ১৩-০৫-২০২০ইং।

যুদ্ধবিরতির পরও আল-আকসায় ইসরায়েলি হামলা, আহত ২০

জেরুজালেমের আল-আকসা মসজিদে ফিলিস্তিনিদের ওপর আবারও হামলা চালিয়েছে অভিশপ্ত ইসরায়েলি পুলিশ। শুক্রবার (২১ মে) ফিলিস্তিন ও ইসরায়েলি বাহিনীর মধ্যকার যুদ্ধবিরতির পর এ ঘটনা ঘটে।

আলজাজিরা জানায়, মিশরের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকরের কয়েক ঘণ্টার মধ্যেই আবারও জেরুজালেমে উত্তেজনা দেখা দিয়েছে। শুক্রবার জুম্মার নামাজের পর আল-আকসা মসজিদের প্রাঙ্গণে ফিলিস্তিনিরা যুদ্ধবিরতি উদযাপন করতে জড়ো হন। সেখানে ফিলিস্তিনিদের লক্ষ্য করে টিয়ার গ্যাস ছুড়েছে চরম হিংসুটে ইহুদিরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার জুমার নামাজের পর যুদ্ধবিরতি উদযাপন করতে অনেক ফিলিস্তিনি আল-আকসা প্রাঙ্গণে অবস্থান করেছিলেন। এসময় পাশের একটি প্রাঙ্গণ থেকে ইসরায়েলি পুলিশ ফিলিস্তিনিদের উদযাপনের প্রাঙ্গণে চলে আসে এবং তাদের ওপর হামলা চালায়। পুলিশ তাদের ওপর স্টান গ্রেনেড, স্মোক বোমা ও টিয়ার গ্যাস নিক্ষেপ করেছে।

স্থানীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, দখলদার বাহিনীর এ হামলায় প্রায় ২০ জন আহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন আরও দু'জন। তাদেরকে কাছের একটি হাসপাতালে নেওয়া হয়েছে।

গত ১১ দিনে গাজা উপত্যকায় সন্ত্রাসী ইসরায়েলের হামলায় ৬৬ জন শিশুসহ ২৪৩ জন ফিলিস্তিনি শহিদ হয়েছেন।

সূত্র : কুদুস নিউজ নেটওয়ার

২১শে মে, ২০২১

খোরাসান | তালিবান কর্তৃক জলরেজ জেলা বিজয় এবং ১৫০ সেনার আত্মসমর্পণ

জলরেজ জেলার আঞ্চলিক জেলা সদর, পুলিশ সদর দফতর, সামরিক দফতর এবং সমস্ত সরকারী অধিদফতর বিজয় করে নিয়েছেন তালিবান মুজাহিদিন। এছাড়াও কয়েক ডজন সেনা তাদের অস্ত্র ও গোলাবারুদ সহ তালিবানের কাছে আত্মসমর্পণ করেছে।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের কেন্দ্রীয় একজন তালিবান মুখপাত্র, মুহতারাম জবিহুল্লাহ মুজাহিদ (হা.) সাংবাদিকদের সাথে টেলিফোন সাক্ষাৎকারে বলেছেন যে, আজ (২১ মে) সকালেই তালিবানরা জলরেজ জেলা কেন্দ্রের নিয়ন্ত্রণ নিয়েছেন।

এদিকে জলরেজ জেলার স্থানীয় একটি তালিবান সূত্র টোল নিউজকে বলেছে যে, মুজাহিদিনরা গতরাতে জলরেজ জেলার জাতীয় সুরক্ষা অধিদপ্তর (এনডিএস) ভবন অবরোধ করে রেখেছেন। আর মুজাহিদগণ যখন হামলার প্রস্তুতি নিচ্ছিলেন তখন জেলা সদরের দুটি প্রতিরক্ষামূলক পোস্টের ১৫০ সেনা সদস্যসহ ৩ কমান্ডার সামরিক বাহিনীর জন্য থাকা ১৬টি রেঞ্জার গাড়ি, ৬টি ট্যাঙ্ক, ৩টি গাড়ি ও তাদের সমস্ত সরঞ্জাম নিয়ে তালিবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছে।

এটি গত দু'দিনে তালেবানদের কর্তৃক বিজয় করা দ্বিতীয় জেলা। গত বৃহস্পতিবার সকালে সংক্ষিপ্ত সংঘর্ষের পরে তালেবান মুজাহিদিন লগমন প্রদেশের দৌওলত-শাহ জেলা দখল করে নিয়েছেন। এদিকে আলিশাং জেলা কেন্দ্রেও এখন তুমুল লড়াই চলছে।

https://alfirdaws.org/2021/05/21/49428/

সোমালিয়া | মুজাহিদদের তীব্র হামলায় ১৬ মুরতাদ সৈন্য নিহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় আল-কায়েদা মুজাহিদদের বীরত্বপূর্ণ এক সফল অভিযানে ১০ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৬ মুরতাদ সৈন্য আহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গত ২০ মে বৃহস্পতিবার, আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের নিয়ন্ত্রিত মধ্য শাবেলী রাজ্যের জোহার শহরে অভিযান চালাতে আসে দেশটির মুরতাদ বাহিনী। কিন্তু হারাকাতুশ শাবাব খুবই রণকৌশলে মুরতাদ বাহিনীর আক্রমণ প্রতিহত করেন এবং সেনাদের অবরুদ্ধ করে হামলা চালাতে থাকেন। এসময় মুজাহিদদের হামলায় ৭ মুরতাদ সৈন্য নিহত এবং আরো কতক মুরতাদ সৈন্য আহত হয়। নিহত সৈন্যদের মাঝে এক কর্নেল ও এক সেনা কমান্ডারও রয়েছে।

মুজাহিদদের হামলার শিকারে পরিণত হওয়া এই দলটিকে সহায়তা ও উদ্ধার করতে কেন্দ্র থেকে আরো একটি কাফেলা প্রেরণ করা হয়, কিন্তু সাহায্যকারী দলটি রাজী-আইল জেলার কাছাকাছি আসলে এই সেনা কাফেলাটিও মুজাহিদদের হামলার শিকার হয়। যার ফলে মুরতাদ বাহিনীর আরো ৩ সৈন্য নিহত এবং ৬ এরও বেশি সৈন্য আহত হয়।

ভারত | এবার শতবর্ষী মসজিদ গুঁড়িয়ে দিল হিন্দুত্ববাদী যোগী আদিত্যনাথ প্রশাসন

ভারতের উত্তরপ্রদেশের বরাবাঁকিতে হিন্দুত্ববাদী মালাউন যোগী আদিত্যনাথ প্রশাসন শতবর্ষী আরো একটি প্রাচীন মসজিদ বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দিয়েছে।

ব্রিটিশ সংবাদপত্র দ্যা গার্ডিয়ান জানায়, উত্তর প্রদেশের স্থানীয় প্রশাসন রাজ্যের উচ্চ আদালতের নির্দেশ তোয়াক্কা না করে শতবর্ষের পুরাতন গরীব নেওয়াজ আল মারুফ মসজিদ বুলডোজার দিয়ে গুড়িয়ে দিয়েছে। মসজিদটি উওর প্রদেশের রাম সানেহি ঘাটে প্রায় একশো বছর পূর্বে নির্মিত হয়েছিল।

জানা যায়, গত ১৭ মে সোমবার, ভারতের মালাউন পুলিশ ও কথিত নিরাপত্তা কর্মীরা ঘটনাস্থলে পৌছে এলাকার লোকেদের সেখান থেকে সরিয়ে দেয়। পরে বুলডোজার নিয়ে এসে মসজিদটি গুড়িয়ে দেয়। এরপর

মসজিদের ধ্বংসাবশেষ পাশের নদীতে ফেলে দেয়। ঐ সময় মসজিদ এলাকার এক মাইলের মধ্যে মুসলিমদের প্রবেশ রোধ করতে মালাউন বাহিনী কড়া পাহারায় মোতায়েন করে শত শত সদস্যকে।

মসজিদ কমিটির সম্মানিত সদস্য মাওলানা আব্দুল মোস্তফা গার্ডিয়ানকে জানান, "মসজিদটি একশো বছরের পুরনো এবং হাজার হাজার মুসলিম প্রতিদিন ৫ ওয়াক্ত নামাজ আদায়ের লক্ষে নিয়মিত মসজিদটিতে আসতেন।"

অপর এক বিবৃতিতে অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সাধারণ সম্পাদক মাওলানা খালিদ সাইফুল্লাহ রেহমানী বলেন, "আইনগত কোন সমর্থন ছাড়াই এই মসজিদটি ভেঙ্গে ফেলা হয়েছে।"

উত্তর প্রদেশের আইন বিভাগের ছাত্র ও বিশিষ্ট সমাজ কর্মী সৈয়দ ফারুক আহমদ আল জাজিরাকে জানান,"হিন্দুত্ববাদী যোগী আদিত্যনাথের প্রশাসন গত এক মাস ধরে মসজিদটিতে নামাজ পড়তে বাঁধা দিয়ে আসছিল।"

স্থানীয় বাসিন্দারা বলেন,"হিন্দুত্ববাদী যোগী প্রশাসন ১৯ শে মার্চ মসজিদের প্রবেশ পথে মুসল্লীদের বাঁধা দেয়ার জন্য একটি দেয়াল নির্মাণ শুরু করে। যারা প্রতিবাদ করে তাদেরকে প্রহার করা হয়, এমনকি অনেকে গ্রেফতারও হয়েছে।"

আহমদ জানান,"যারা তাদের বিরোধিতা করেছিল, তাদেরকে পিটিয়ে গ্রেফতার করা হয়। মুসলিমদের ভয় দেখানোর জন্য গ্রেফতারকৃতদের নামে বিভিন্ন ধারায় মামলা দেয়া হয়েছে। তারা প্রায় ৩০ জন মুসলিমকে গ্রেফতার করেছে। স্থানীয় মুসলিমদের অনেকে উগ্র হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের হেনস্থা থেকে বাঁচতে অন্যত্র পালিয়ে গেছেন।"

আহমদ আরো বলেন," লোকেরা মসজিদ ভাঙ্গার সময় ভয়ে এমনকি জানালা পর্যন্ত খুলেনি। তারা এতোটাই ভীত-সন্তস্ত্র ছিলো যে, কেউ "টু" শব্দও করেনি।"

দ্যা গার্ডিয়ান জানায়, এই ধ্বংসাভিযান ২৪ শে এপ্রিলে জারি হওয়া উচ্চ আদালতের আদেশের লঙ্ঘন ছিল, যেটিতে বলা হয়েছিল ৩১ শে মে অবধি মসজিদটিকে উচ্ছেদ বা ধ্বংস করা থেকে রক্ষা করা হবে।

কিন্তু স্থানীয় হিন্দুত্ববাদী প্রশাসন মসজিদটির উপস্থিতি চ্যালেঞ্জ করে ১৫ ই মার্চ মসজিদ কমিটির নিকট কারণ দর্শানোর নোটিশ পাঠায়। নোটিশে কীভাবে মসজিদের স্থান নির্বাচন করা হয়েছে এবং এটি একটি অবৈধ কাঠামো উল্লেখ করে ভেঙ্গে ফেলার ইচ্ছা পোষণ করা হয়।

আহমদ জানান,"কারণ দর্শানোর নোটিশে উল্লেখিত জমির প্লট নাম্বার মসজিদের অন্তর্গত নয়। তিনি দাবি করেন, মসজিদটি সড়ক থেকে ১০০ ফুটেরও অধিক দূরে অবস্থিত এবং কোন যানজটকেও ব্যহত করেনি।"

নোটিশের জবাবে মসজিদ কমিটি একটি বিস্তারিত প্রতিক্রিয়া প্রেরণ করে, যেখানে নথিপত্রে দেখানো হয় ১৯৫৯ সাল থেকেই মসজিদটিতে সরকারি বিধিমালা মেনে বিদ্যুৎ সংযোগ আছে। কিন্তু স্থানীয় প্রশাসন তাদের প্রতিউত্তর আমলে নেয়নি।

বরাবাঁকি জেলার প্রধান নেতা মাওলানা আব্দুল মোস্তফা জানান,"বরাবাঁকিতে গরীব নেওয়াজ আল মারুফ মসজিদ ব্রিটিশ শাসনামলে নির্মিত হয়। অত্র এলাকার মুসলিমরা মসজিদটি ভেঙ্গে ফেলায় খুবই মর্মাহত হয়েছেন।"

তিনি আল জাজিরাকে আরো বলেন,"মসজিদটি রাজস্ব বোর্ডের রেকর্ডে আছে। এটি সম্পূর্ণই বৈধ ছিল। মুসলিমরা যুগযুগ ধরে মসজিদটিতে নামাজ আদায় করে আসছিলেন। এটি ভেঙ্গে ফেলা মুসলিমদের উপর স্পষ্ট অত্যাচার।
আমাদের ধর্মীয় অনুভূতিতে আঘাত করা হয়েছে। যারা মসজিদটি ভেঙ্গেছে তাদের জবাবদিহি করা উচিত।"

https://alfirdaws.org/2021/05/21/49422/

খুনের পর আউয়ালকে ফোন, 'স্যার, ফিনিশ'

সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখা যায়, দুই তরুণ দুই পাশ থেকে এক ব্যক্তিকে ধারালো অস্ত্র দিয়ে কোপাচ্ছেন। একপর্যায়ে ওই ব্যক্তি মাটিতে লুটে পড়েন। এরপর হামলাকারী একজন চলে যান। অপরজন ওই ব্যক্তির ঘাড়ে কোপাতে থাকেন মৃত্যু হওয়া পর্যন্ত।

রোমহর্ষ এ ঘটনা ঘটে গত রোববার বিকেলে রাজধানীর পল্লবীর ডি–ব্লকের ৩১ নম্বর রোডে। খুন হওয়া ব্যক্তির নাম সাহিনুদ্দিন (৩৩)। তাঁর বাসা পল্লবীর বুড়িরটেক।

৩১ সেকেন্ডের ভিডিও ফুটেজে যে দুজন হামলাকারীকে দেখা গেছে, তাঁদের শনাক্ত করা হয়েছে। একজনের নাম মানিক ও আরেকজন মনির। এ খুনের মূল পরিকল্পনাকারী লক্ষ্মীপুর-১ আসনের সাবেক সাংসদ ও তরীকত ফেডারেশনের সাবেক মহাসচিব এম এ আউয়াল। তাঁর নির্দেশে স্থানীয় সন্ত্রাসী মনির, মানিক, সুমন ব্যাপারী, হাসানসহ অন্যরা ৫ থেকে ৭ মিনিটের মধ্যে রামদা ও চাপাতি দিয়ে কুপিয়ে সাহিনুদ্দিনকে হত্যা করেন। এরপর সুমন মুঠোফোনে সাবেক সাংসদ আউয়ালকে জানান, 'স্যার, ফিনিশ'।

পল্লবী এলাকায় আউয়ালের আবাসন ও জমির ব্যবসা রয়েছে। সাহিনুদ্দিনের জমি দখল নিতে না পেরে তাঁকে ভাড়াটে খুনি দিয়ে হত্যা করা হয়।

এম এ আউয়াল তরীকত ফেডারেশনের মহাসচিব থাকাকালে ২০১৪ সালের ৫ জানুয়ারির নির্বাচনে ১৪-দলীয় জোটের প্রার্থী হিসেবে লক্ষ্মীপুর-১ আসনে নৌকা প্রতীকে সাংসদ হন। ২০১৮ সালে জাতীয় সংসদ নির্বাচনের

আগে তাঁকে তরীকত ফেডারেশনের মহাসচিব পদ থেকে অব্যাহতি দিলে তিনি ইসলামী গণতান্ত্রিক পার্টি নামে নতুন রাজনৈতিক দল গঠন করেন। তিনি এর চেয়ারম্যান।

কেন এ খুন

সাহিনুদ্দিন গত রোববার বিকেলে ৭ বছরের ছেলে নিয়ে মোটরসাইকেলে ঘুরতে বের হন। তাঁর পূর্বপরিচিত সুমন ব্যাপারী ও টিটু মুঠোফোনে সাহিনুদ্দিনকে পল্লবীর ডি-ব্লকে ডাকেন জমিজমা নিয়ে বিবাদ মীমাংসার জন্য। সাহিনুদ্দিন সেখানে গেলে সুমন ব্যাপারী লাথি মেরে মোটরসাইকেল থেকে তাঁকে ফেলে দেন। এরপর ছেলের সামনেই তাঁকে সন্ত্রাসীরা কুপিয়ে হত্যা করে।

এ ঘটনায় সাহিনুদ্দিনের মা আকলিমা বেগম বাদী হয়ে সাবেক সাংসদ আউয়ালসহ ২০ জনের নাম উল্লেখ করে পল্লবী থানায় হত্যা মামলা করেন।

সাহিনুদ্দিনের মা আকলিমা বেগম গতকাল বলেন, পল্লবীর ১২ নম্বর সেকশনের বুড়িরটেকে (আলীনগর) তাঁর ও তাঁদের স্বজনদের ১০ একর জমি রয়েছে। আশপাশের কিছু জমি দখল করে সেখানে হ্যাভেলি প্রোপার্টিজ ডেভেলপার লিমিটেড নামের আবাসন প্রকল্প গড়ে তোলেন আউয়াল।

আকলিমা বেগমের অভিযোগ, তাঁদের জমি জবরদখলে ব্যর্থ হয়ে আউয়াল ভাড়াটে সন্ত্রাসী দিয়ে সাহিনুদ্দিনকে কুপিয়ে হত্যা করেছেন। তিনি বলেন, গত বছরের নভেম্বরেও সন্ত্রাসীরা সাহিনকে কুপিয়ে আহত করেছিল। সেই ঘটনায় করা মামলায় পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি। উল্টো আউয়ালের দেওয়া মিথ্যা মামলায় সাহিনুদ্দিনকে গ্রেপ্তার করে পুলিশ। সপ্তাহখানেক আগে সাহিনুদ্দিন জামিনে মুক্তি পান। প্রথম আলো

গাজায় হাসপাতালের ওপর ইসরায়েলি হামলা বৈধ করতে সিএনএনের প্রোপাগান্ডা

গাজায় হাসপাতালের ওপর সন্ত্রাসী ইসরায়েলি হামলা বৈধ করতে সিএনএন তাদের সংবাদকর্মীদের প্রপাগান্ডা চালানোর নির্দেশ দিয়েছে। তারা ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেয়া তথ্যগুলোকে বলছে সন্ত্রাসী নিয়ন্ত্রিত গাজা স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেয়া তথ্য। এমনকি সরাসরি সম্প্রচারের সময় তারা তাদের সংবাদকর্মীদেরও এমন মিথ্যা তথ্য দিতে নির্দেশ দিয়েছে।

গাজায় হাসপাতাল ও বেসামরিক স্থাপনায় ইসরায়েল যাতে কোনো কারণ ছাড়াই হামলা চালাতে পারে তার জন্য মার্কিন সংবাদ সংস্থা সিএনএন নতুন এ ধরনের প্রচারণার কৌশল হাতে নিয়েছে। ইসরায়েলি হামলায় নিহত ও আহতদের সংখ্যা প্রকাশ করার ক্ষেত্রে এবং ফিলিস্তিনিদের স্বাস্থ্য সেবা প্রদানে যে সংস্থাটি অগ্রণী ভূমিকা পালন করে সেটি ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয়।

বর্তমানে এ সংস্থার প্রকাশিত তথ্যের মাধ্যমে বিশ্বের সকল গণমাধ্যম ও জনগণ জানতে পারে যে বর্বর ইসরায়েলি হামলায় ফিলিস্তিনের কতজন মানুষ প্রাণ হারালেন। ইসরায়েলের সামরিক স্বেচ্চাচারিতা আর মানবাধিকার লঙ্ঘনের খবরও বিশ্ববাসী জানতে পারে এ সংস্থার মাধ্যমে।

গাজার সরকারি স্বাস্থ্যখাত ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত। কিন্তু মার্কিন গণমাধ্যম সিএনএন তাদের ভাষ্যে বলতে চায় যে এটা ফিলিস্তিনি সন্ত্রাসীদের নিয়ন্ত্রিত স্বাস্থ্যখাত। এর মাধ্যমে তারা গাজার সকল হাসপাতালগুলোতে আক্রমণ করার বৈধতা দিচ্ছে অভিশপ্ত ইসরায়েলকে। কারণ ফিলিস্তিনি প্রতিরোধকামী সংগঠনগুলো মসজিদুল হারাম ও শেখ জাররাহ বসতিতে ইসরায়েলের দখলদারিত্বের প্রতিবাদ করে।

তারা পশ্চিম তীরে ফিলিস্তিনিদের ওপর অত্যাচার হলে বা সেখানকার ফিলিস্তিনি ভূমি দখল করা হলে তার প্রতিবাদ করে। একারণে পশ্চিমা গণমাধ্যমগুলো এমনভাবে প্রচারণা চালায় যেন এ ফিলিস্তিনি প্রতিরোধ সংগঠনগুলো সন্ত্রাসী সংগঠন এবং তাদের কাজই হলো ইসরায়েলে বিনা কারণে রকেট হামলা চালানো।

পশ্চিমা গণমাধ্যমগুলোর মতে, ইসরায়েলের আত্মরক্ষার অধিকার আছে, তাই ইসরায়েল ফিলিস্তিন নিয়ন্ত্রিত গাজার হাসপতাল আর আবাসিক এলাকায় হামলা চালাতেই পারে।

অথচ ইসরায়েল কর্তৃক চলমান অবৈধ অবরোধ ও ফিলিস্তিনিদের ভূমি দখলই হলো বর্তমান সঙ্ঘাতের মূল কারণ। এটা তারা প্রচার করে না। বছরের পর বছর ধরে ফিলিস্তিনি রাষ্ট্রকে অবৈধভাবে দখল ও আগ্রাসনের ব্যাপারে কিছুই বলে না। ইসরায়েল কর্তৃক অসংখ্য ফিলিস্তিনিকে হত্যা করার বিষয়েও তারা কোনো কিছু বলে না। এখন তারা ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয়ের নাম বদলিয়ে জঙ্গি কর্তৃক চালিত গাজা স্বাস্থ্য মন্ত্রণলায় বলে প্রচার চালাতে চায়। যার উদ্দ্যেশ্য হলো গাজার হাসপাতালগুলোর ওপর ইসরায়েলি হামলাকে জায়েজ করা। যদিও ফিলিস্তিন স্বাস্থ্য মন্ত্রণালয়ই এ হাসপাতালগুলোকে পরিচালনা করে থাকে।

এ বিষয়ে আল-জাজিরা প্লাসের উপস্থাপক দিনা তাকরুরি বলেন, 'পশ্চিমাদের এমন প্রচারণা গাজার চিকিৎসা খাতের অবকাঠামো ও সাধারণ মানুষের ওপর হামলা চালানোর ক্ষেত্রে ইসরায়েলকে এক ধরনের বৈধতা দিচ্ছে।'

এ ছাড়া তিনি মার্কিন সংবাদ সংস্থা সিএনএনের অভ্যন্তরীণ এক নির্দেশনার ছবিও তার টুইটারে শেয়ার করেন। যেখানে সিএনএন তাদের সংবাদকর্মীদের নির্দেশ দিচ্ছে যে গাজার ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়কে ফিলিস্তিনের সন্ত্রাসী নিয়ন্ত্রিত স্বাস্থ্য মন্ত্রণালয় বলে অভিহিত করতে। এ নির্দেশনায় আরো বলা হয়েছে, গাজায় ইসরায়েলি হামলায় নিহতদের সংখ্যা বলার সময় ও যেন তারা বলে যে এ তথ্যগুলো সন্ত্রাসী নিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় দিয়েছে। এসব নির্দেশনাগুলো দেন সিএনএনের ইসরায়েলি (জেরুসালেম) ব্যুরো চিফ এন্ড্রু ক্রে।

এ বিষয়ে দিনা তাকরুরি আরো বলেন, 'এ মার্কিন সংবাদ মাধ্যমটি (সিএনএন) ইসরায়েলি ষড়যন্ত্র অনুসারে চলছে।

সূত্র : আল-জাজিরা

গাজা দখলের ইচ্ছা প্রকাশ নেতানিয়াহুর

ফিলিস্তিনের গাজা উপত্যকায় বিমান হামলা অব্যাহত রেখেছে দখলদার ইসরায়েলের বিমান বাহিনী। এদিকে ভয়াবহ বিমান হামলার মধ্যেই ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহু ফিলিস্তিনের গাজা উপত্যকা দখলের বিষয়টি সামনে এনেছে। ফরাসি বার্তা সংস্থা এএফপি জানায় বুধবার তেল আবিবে বিদেশি রাষ্ট্রদূতদের এক ব্রিফিংয়ে সে এমন কিছু মন্তব্য করেছে তাতে স্পষ্ট যে গাজা দখলের ইচ্ছা নেতানিয়াহুর রয়েছে।

এ সময় গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে চলমান অভিযান সম্পর্কে অভিশপ্ত নেতানিয়াহু বলে, তাদেরকে হয় দখল করতে হবে, এই পরিকল্পনা সবসময় রয়েছে। অথবা তাদের বাধা দিতে হবে। এই মুহূর্তে আমরা তাদেরকে শক্তি প্রয়োগের মাধ্যমে বাধা সৃষ্টি করছি। কিন্তু আমি কোনও কিছুরই সম্ভাবনা বাদ দিচ্ছি না।

এদিকে ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি হামলার এগারোতম দিনে এখন পর্যন্ত অন্তত ২৩২ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে প্রায় ১০০ জন নারী ও শিশু। হামলায় আহত হয়েছেন প্রায় দেড় হাজার ফিলিস্তিনি।

খোরাসান | প্রাদেশিক রাজধানী দৌওলত-শাহ জেলা কেন্দ্র দখলে নিয়েছে তালিবান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালিবান মুজাহিদিন লগমনের প্রাদেশিক রাজধানী দৌওলত-শাহ এর জেলা কেন্দ্র দখলে নিয়েছেন।

লাগমানে কাবুল সরকারের নিযুক্ত গভর্নর রহমতউল্লাহ ইয়ারমাল সংবাদটির সত্যতা নিশ্চিত করে বলেছে, গত কয়েক দিন ধরে জেলাটি তালেবান যোদ্ধারা অবরোধ করে রেখেছিল, যার ফলে সরকারী সৈন্যরা জেলা কেন্দ্র থেকে সরে যেতে বাধ্য হয়েছে।

এদিকে, স্থানীয় এক সূত্র নাম প্রকাশ না করার শর্তে টলিউনিউজকে জানিয়েছে যে, সরকারী সৈন্যদের গত এক সপ্তাহ ধরে জেলা কেন্দ্রে ঘেরাও করে রেখেছিল তালিবান, গতকাল সকালে তালিবান যখন জোরদার হামলা চালিয়েছে, তখন সামরিক শক্তির অভাবে আধাঘণ্টাও তালিবানদের বিরুদ্ধে যুদ্ধ করতে সক্ষম হয়নি কাবুল বাহিনী। যার ফলে সকাল সাতটার মধ্যে জেলা কেন্দ্রে অবরোধের শিকার সমস্ত সেনা ও পুলিশ সদস্য সামরিক যানবাহন ও অস্ত্র নিয়ে তালেবানের কাছে আত্মসমর্পণ করে।

এদিকে গত ৪৮ ঘণ্টার মধ্যে আলিশাং জেলার ৭টি সামরিক ঘাঁটি দখলে নিয়েছেন তালেবান মুজাহিদিন। বর্তমানে আলিশাং জেলা কেন্দ্রটিও তালিবানদের অবরোধের মধ্যে রয়েছে।

অবরুদ্ধ গাজায় ইসরাইলি বিমান হামলার পক্ষে সমর্থন দিয়ে যাচ্ছে যুক্তরাজ্য

যখন অবরুদ্ধ গাজায় দখলদার ইসরাইলিরা দৈনিক ভিত্তিতে শতশত বিমান হামলা চালিয়ে ফিলিস্তিনি মুসলিমদের নির্বিচারে হত্যা করছে, তখন যুক্তরাজ্যের মন্ত্রীরা ব্রিটিশ পার্লামেন্টে দাঁড়িয়ে ইসরাইলের পক্ষে সমর্থন দিয়েছে।

গণমাধ্যমগুলো জানায়, ব্রিটিশ সরকার গাজায় ইসরাইলের বিমান হামলার পক্ষে শক্তিশালী বক্তব্য দিয়ে বলে, দেশটির নিজেদের রক্ষায় বৈধ অধিকার রয়েছে।

গত ১৯, মে বুধবার ব্রিটিশ সংসদ "হাউজ অফ কমন্সে" বক্তব্য দানকালে যুক্তরাজ্যের মধ্য প্রাচ্য বিষয়ক পররাষ্ট্র মন্ত্রী জেমস ক্লিভারলি সংক্ষিপ্তভাবে উল্লেখ করে বলে, "ইসরাইলের সমস্ত হামলা সমানুপাতিক ভাবে বেসামরিক ক্ষয়ক্ষতি এড়িয়েই হচ্ছে!"

সে হামাসের প্রতিরোধ মূলক হামলাকে সন্ত্রাসবাদী কাজ আখ্যা দিয়ে নিন্দা জানিয়ে বলে,"হামাসের উস্কানিতে ইসরাইল শুধু প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।"

মিঃ ক্লিভারলি বলে,"যুক্তরাজ্য জেরুজালেম ও ইসরাইলের অন্যান্য শহরগুলোতে ফিলিস্তিনি রকেট হামলার দ্ব্যর্থহীন নিন্দা জানায়।"

সে আরো বলে, "আমরা হামাস ও অন্যান্য দলগুলির এসব সন্ত্রাসবাদের তীব্র নিন্দা জানাই। তাদের উস্কানি প্রদান ও ইসরাইলে রকেট নিক্ষেপ চিরতরে বন্ধ করা উচিত! তাদের বেসামরিক ইহুদিদেরকে লক্ষ্যবস্তু বানানোর কোন যৌক্তিকতা নেই।"

"ইসরাইলের নিজেদের প্রতিরক্ষা ও তার নাগরিকদের উপর আক্রমণ প্রতিহত করার অধিকার আছে। এজন্য আন্তর্জাতিক মানবাধিকার আইনের সামঞ্জস্যতা বজায় রেখে বেসামরিক নাগরিকদের ক্ষয়ক্ষতি এড়িয়ে ইসরাইলের সব ধরণের সমানুপাতিক আক্রমণ বৈধ।"

উল্লেখ্য, এক সপ্তাহ ধরে অবরুদ্ধ গাজায় দখলদার ইসরাইলের ক্রমাগত বিমান হামলার সর্বশেষ তথ্যমতে কমপক্ষে ২৩১ জন ফিলিস্তিন মুসলিম নিহত হয়েছেন, যাদের মধ্যে ৬৫ জন শিশু। আহত হয়েছেন প্রায় ১৭১০ অধিক মুসলিম।

লিবারেল ডেমোক্রেটিক পার্টির বৈশ্বিক সম্পর্ক বিষয়ক মুখপাত্র লায়লা মুরান বলে,"আমার হৃদয় ভেঙে গিয়ে ছিন্নভিন্ন হয়ে গেছে।

সংসদে এক মন্ত্রীর বক্তব্যের জবাবে মিঃ ক্লিভারলি সর্বশেষ সংঘাতের ধারাবাহিকতা উল্লেখ করে বলে,"ইসরাইলের এই বিমান হামলা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সন্ত্রাসী সংগঠনের নির্বিচারে রকেট হামলার বিরুদ্ধে প্রতিক্রিয়া হিসেবে ছিল।"

উল্লেখ্য, ফিলিস্তিনের পূর্ব জেরুজালেম থেকে মুসলিম বসতি উচ্ছেদের বিক্ষোভে ইহুদিদের দমন-পীড়ন ও রাজধানী জেরুজালেমে মসজিদুল আক্বসায় নামাজরত মুসল্লীদের উপর দখলদার ইসরাইলি সেনাদের বর্বরোচিত আক্রমণের জবাবে ফিলিস্তিনি প্রতিরোধ যোদ্ধারা এই রকেট হামলা চালায়।

যুক্তরাজ্যের সংসদে সন্ত্রাসী ইসরাইলকে অস্ত্র রপ্তানির চ্যালেঞ্জ করা হলে পররাষ্ট্র মন্ত্রী মিঃ ক্লিভারলি বলে,"যুক্তরাজ্যের একটি শক্তিশালী অস্ত্র রফতানির লাইসেন্স রয়েছে এবং সমস্ত রফতানি সে লাইসেন্সের বিধিমালা মেনেই করে।"

অস্ত্র বানিজ্যে নীতিমালা লঙ্ঘন করে অস্ত্র রপ্তানির দাপ্তরিক প্রতিবেদনে দেখা যায়, ২০১৫ সালের মে মাসে যুক্তরাজ্যে প্রধানমন্ত্রী বরিস জনসনের "কনজারভেটিভ পার্টি" ক্ষমতায় আসার পর থেকে ৪০০ মিলিয়ন পাউন্ডের অধিক অস্ত্র যুক্তরাজ্য ইসরাইলকে রফতানি করেছে, যার মধ্যে অত্যাধুনিক জঙ্গি বিমান, প্রাণঘাতী বোমা, সাঁজোয়া যান ও গোলাবারুদ রয়েছে।

এভাবেই ক্রুসেডার রাষ্ট্রগুলো সবসময়ই মধ্যপ্রাচ্যে সন্ত্রাসবাদের জন্মদাতা অভিশপ্ত ইহুদীদের অবৈধ রাষ্ট্র ইসরাইলকে সমর্থন দিয়ে যাচ্ছে।

২০শে মে, ২০২১

মুরতাদ পুলিশের রিমান্ডে মাওলানা ইকবাল হুসাইন সাহেব নিহত

পুলিশী রিমান্ডে অসুস্থ হয়ে হেফাজত নেতা মাওলানা ইকবাল হুসাইন সাহেব আজকে শাহাদাত বরণ করেছেন। ইন্না-লিল্লাহ ওইন্না ইলাইহি রাজিউন।
সোনারগাঁও থানার হেফাজতের দায়িত্বশীল বাংলাদেশ খেলাফত মজলিস সভাপতি মাওলানা ইকবাল হুসাইন সোহরাওয়ার্দী হাসপাতালে শাহাদাত বরণ করেছেন।

রিমান্ডে প্রচণ্ড জুলুম না করা হলে এমনটা হওয়ার কথা না। জুলুমের কারণে অতিমাত্রায় অসুস্থ হলেও প্রশাসন উন্নত চিকিৎসার ব্যবস্থা করেনি। পরিবারকেও করতে দেয়নি।

ফটো রিপোর্ট | শহিদ আবু দু'জানাহ (রহি.) মিলিটারি ক্যাম্প- খোরাসান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালিবান নিয়ন্ত্রিত নানগারহার প্রদেশের শহিদ আবু দু'জানাহ (রহ.) মিলিটারি ক্যাম্প থেকে স্নাতক হয়েছেন ৩০ জন মুজাহিদ।

https://alfirdaws.org/2021/05/20/49397/

কেনিয়া | শাবাব মুজাহিদিনের বীরত্বপূর্ণ হামলায় ৩৪ এরও বেশি ক্রুসেডার সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ কেনিয়ার লামু রাজ্যে দেশটির ক্রুসেডার বাহিনীর উপর বীরত্বপূর্ণ ৩টি সফল হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। এতে ২২ ক্রুসেডার সৈন্য নিহত এবং আরো ১২ ক্রুসেডার সৈন্য আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজের রিপোর্ট অনুযায়ী, গত ১৯ মে বুধবার, কেনিয়ার উপকূলীয় লামু রাজ্যের কেন্দ্রীয় জেলার ম্যাঙ্গাই অঞ্চলে শাবাব মুজাহিদদের হামলার শিকার হয় ক্রুসেডার কেনিয়ান বাহিনীর একটি সামরিক কাফেলা। এসময় মুজাহিদদের হামলায় ২ ক্রুসেডার সৈন্য নিহত এবং কতক সৈন্য আহত হয়, বাকি সৈন্যরা মুজাহিদদের অবরোধের শিকার হয়। পরে এই তাদেরকে মুজাহিদদের থেকে উদ্ধার করতে আরো একটি সামরিক বহর উক্ত অঞ্চলে প্রেরণ করা হয়।

কিন্তু এই দলটিও অন্যদের উদ্ধার করতে এসে নিজেরাই মুজাহিদদের হামলার শিকারে পরিণত হয়। মুজাহিদদের তীব্র আক্রমণে কেনিয়ান ক্রুসেডার বাহিনীর আরো ২০ সেনা নিহত হয়, আহত হয় আরো অনেক। ধ্বংস করা হয় সেনাদের একটি সাঁজোয়া যান এবং মুজাহিদদের লাগানো একটি বিস্ফোরক বিস্ফোরণে আরো ২ ট্যাঙ্কার ধ্বংস হয়। অভিযান শেষে মুজাহিদগণ প্রচুরসংখ্যক অস্ত্র ও সামরিক সরঞ্জাম গনিমত লাভ করেন।

একইদিন সকাল নয়টার দিকে কেনিয়ার লামু অঞ্চলেই ক্রুসেডার বাহিনীর একটি সামরিক স্থাপনায় মুজাহিদদের অন্য একটি বোমা হামলায় আরো ১২ কেনিয়ান ক্রুসেডার সেনা আহত হয়েছে। অঞ্চলটির কাউন্টির কমিশনার ইরুনগো মাচারিয়া বলেছিল যে, অঞ্চলটি প্রত্যন্ত হওয়ায় নিহতদের সংখ্যা এখনও জানা যায়নি। কারণ সেখানে আমাদের উদ্ধার দল এখনো গিয়ে পৌঁছায়নি।

এই অঞ্চলটিতে ক্রুসেডার কেনিয়ান এবং আমেরিকান কর্তৃপক্ষ তাদের স্বার্থ সুরক্ষার জন্য দুর্গ ও ভারী সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও হারাকাতুশ শাবাব মুজাহিদিন দাপোটের সাথে এই অঞ্চলগুলিতে এখনও আক্রমণ চালিয়ে যাচ্ছেন।

এটি লক্ষণীয় যে কেনিয়ার উপকূলীয় প্রদেশ লামুতে হারাকাতুশ শাবাব মুজাহিদদের সর্বাধিক আলোচিত হামলা ছিল মান্দা বেতে মার্কিন বাহিনীর ঘাঁটিতে হামলা। যাতে ক্রুসেডার আমেরিকানদের প্রচুর পরিমাণ ক্ষয়ক্ষতি এবং সেনা সদস্য হতাহত হয়েছিল।

এদিকে হারাকাতুশ শাবাব মুজাহিদিন কেনিয়ান বাহিনীকে সোমালিয়া থেকে তাড়ানোর জন্যেও সেনাদের উপর তীব্র হামলা করে চলছেন।

আর কত মৃত্যু হলে বিশ্বের বিবেক জেগে উঠবে?

ফিলিস্তিনে চলছে ইহুদি সন্ত্রাসীদের বর্বরতা। বেড়েই চলেছে হতাহতের সংখ্যা। নারী, শিশু কেউ তাদের পৈশাচিক হামলা থেকে রেহাই পাচ্ছে না।

হুইলচেয়ারে বসেছিলেন ৩৩ বছরের ইয়াদ সালেহ। নিজের বাড়িতে মধ্যাহ্নভোজের জন্য অপেক্ষা করছিলেন তিনি। এ সময় ইসরায়েলের ছোড়া ক্ষেপণাস্ত্র এসে পড়ে। মুহূর্তেই বদলে যায় সবকিছু। প্রাণ যায় ইয়াদ সালেহ, তাঁর অন্তঃসত্ত্বা স্ত্রী, তাঁদের তিন বছরের কন্যা ও ভাইয়ের। লন্ডভন্ড হয়ে যায় সবকিছু। খবর এএফপির।

বিস্ফোরণের পর ইয়াদ সালেহর লিভিং রুমের সবকিছু ভেঙেচুরে যায়। ধ্বংসস্তূপের মধ্যে পড়েছিল ছোট্ট মেয়েটির দুমড়েমুচড়ে যাওয়া লাল রঙের খেলনা সাইকেল। মধ্যাহ্নভোজের জন্য ফ্রিজ থেকে খাবার বের করছিলেন পরিবারের সদস্যরা। ভেঙে গেছে সেই ফ্রিজ। ভেঙে টুকরা টুকরা হয়ে গেছে টমেটো ভরা বাটিটি।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় বলছে, ১০ মে থেকে এ পর্যন্ত ইসরায়েলি বিমান হামলায় ২২৭ জন নিহত হয়েছে। তাদের মধ্যে ৬৪ জন শিশু।

দেইর-এল-বালা এলাকায় সাগরতীরে ছিল ইয়াদ সালেহর বাড়ি। বাড়িটির সব সদস্যের মরদেহ এখন মর্গে। ভাই ওমর সালেহ (৩১) জানান, ইয়াদ সালেহ ১৪ বছর ধরে হাঁটতে পারতেন না। তিনি কোনো যুদ্ধ বা সংঘর্ষের সঙ্গে যুক্ত নন। তিনি বলেন, 'আমার ভাই কী করেছিল? তিনি তো হুইলচেয়ারে বসা।' তিনি আরও বলেন, 'আমার ভাইয়ের মেয়ে কী করেছে? তাঁর স্ত্রী কী করেছে। তাঁরা তো মধ্যাহ্নভোজের আয়োজন করছিল।'

ওমর সালেহ আরও বলেন, তাঁর ভাই ইয়াদ সালেহ বেকার। তিনি মা ও তিন ভাইয়ের সঙ্গে একটি ফ্ল্যাটে বসবাস করতেন। তাঁরা জাতিসংঘের শরণার্থী সংস্থার ত্রাণের ওপর নির্ভরশীল ছিলেন।

গাজার উপস্বাস্থ্যমন্ত্রী ইউসেফ আবু আল রশিদ বলেন, ‘ঘরের মধ্যে নির্দোষ ব্যক্তিদের হত্যা করা বড় অপরাধ। আর কত মৃত্যু হলে বিশ্বের বিবেক জেগে উঠবে?’

শুধু ইয়াদ সালেহ নন, এ রকম হামলার শিকার হতে হয়েছে অনেক গাজাবাসীকে। তবু যেন দেখার কেউ নেই।

৫৮ বছরের উম ইয়াদের বাড়িতে চালানো হামলায় তাঁর ছেলে নিহত হয়। বাড়িতে না থাকায় প্রাণে বেঁচে যান উম ইয়াদ।

পাকিস্তান | মুরতাদ বাহিনীর উপর পাক-তালিবানের পৃথক ৩টি হামলা

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) জানবায মুজাহিদিন দেশটির মুরতাদ বাহিনীকে টার্গেট করে ৩টি সফল হামলা চালিয়েছেন।

এরমধ্যে গত ১৯ মে বুধবার, একইদিনে বাজোর এজেন্সীর 'কিট-কোট সার' সীমান্তে মুরতাদ বাহিনীর ২টি পোস্টে হামলা চালান মুজাহিদগণ।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের কেন্দ্রীয় মুখপাত্র মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানান, সীমান্ত এলাকাটিতে মুজাহিদদের স্নাইপার দ্বারা চালিত হামলায় নাপাক সেনাবাহিনীর এক কর্মকর্তা নিহত হয়েছিল। এলাকাটিতে মুজাহিদগণ অন্য হামলাটি চালিয়েছেন একটি হ্যান্ড গ্রেনেড দ্বারা। এতে হতাহতের সম্ভাবনা রয়েছে, তবে হতাহতের সুনিশ্চিত কোনও তথ্য এখনো আমাদের কাছে পৌঁছেনি।

এর আগে গত ১৪ মে শুক্রবার, তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) সাহসী মুজাহিদিনরা লোয়ার-দির জেলার জাণ্ডোল এলাকার কাছে হালকা ও ভারী অস্ত্র নিয়ে মুরতাদ সেনাদের টার্গেট করে আক্রমণ করেছিলেন, যার ফলস্বরূপ বেশ কিছু মুরতাদ সেনা সদস্য হতাহতের শিকার হয়।

ফিলিস্তিনে এখন সবচেয়ে বড় আতঙ্ক ইসরাইলের বোমা

ফিলিস্তিনে এই মুহূর্তে করোনার ভয়কেও ছাড়িয়ে যাচ্ছে ইসরাইলি জঙ্গিবিমানের বোমার ভয়। ওপর থেকে পড়ছে বোমা, চারদিক থেকে আসছে গোলা। সেই বোমা হামলা থেকে বাঁচাই যেন এখন তাদের একমাত্র কাজ। খবর এএফপির।

ফিলিস্তিনে এ পর্যন্ত ৩ লাখ ৪ হাজার ৫৩২ জন করোনায় আক্রান্ত হয়েছে এবং মারা গেছেন ৩ হাজার ৪৪৮ জন। আক্রান্ত হওয়ার পর সুস্থ হয়ে উঠেছে ২ লাখ ৯৫ হাজার ৬৪৩ জন।

এই করোনার মধ্যেই চলতি মাসের প্রথম সপ্তাহে (১০ মে থেকে) ফিলিস্তিনে সামরিক অভিযান শুরু করে ইসরাইলি বাহিনী। ফিলিস্তিনিদের ওপর প্রতিদিনই হামলা জোরদার করছে ইসরাইল। কয়েকদিন ধরে চলা বিমান হামলার পাশাপাশি ফিলিস্তিনিদের ঘরবাড়ি লক্ষ্য করে গোলা নিক্ষেপ করা হচ্ছে। এই হামলায় এপি ও আলজাজিরার মতো গণমাধ্যমের অফিসসহ শত শত ভবন মাটির সঙ্গে মিশে গেছে। বিধ্বস্ত ভবনের ধ্বংসাবশেষের নিচে রাতদিন চলছে উদ্ধার অভিযান। এখন পর্যন্ত নিহত হয়েছে ২২০ ফিলিস্তিনি যার মধ্যে ৬৩ জনই শিশু। হামলা থামার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বরং হামলা আরও জোরদার করার ঘোষণা দিয়েছেন ইসরাইলি প্রধানমন্ত্রী সন্ত্রাসী বেঞ্জামিন নেতানিয়াহু।

এমন পরিস্থিতিতে করোনার ঝুঁকির চেয়ে বিমান হামলাকেই বেশি ভয় পাচ্ছে গাজাবাসী। জীবন বাঁচাতে দলে দলে ভিটেমাটি ছাড়ছে তারা। জাতিসংঘের তথ্য মতে, ইতোমধ্যে অর্ধ লক্ষাধিক ফিলিস্তিনি ঘরবাড়ি ছেড়েছে। অপেক্ষাকৃত নিরাপদ স্কুল-কলেজের আশ্রয়কেন্দ্রগুলোতে আশ্রয় নিচ্ছে তারা। কিন্তু এসব আশ্রয়কেন্দ্রে সামাজিক বা শারীরিক দূরত্ব মানার কোনো বালাই নেই। অল্প জায়গায় বহু মানুষ একসঙ্গে গাদাগাদি করে থাকছে।

হাজার হাজার এসব উদ্বাস্তুর একজন উম্মে জিহাদ ঘাবাইন। ইসরাইলি বিমান হামলা থেকে বাঁচতে চলতি সপ্তাহে তিন সন্তানসহ একটি আশ্রয়কেন্দ্রে এসেছেন তিনি। আরও অনেকের মতো তারও করোনার ভয় রয়েছে। কিন্তু এমন পরিস্থিতিতে তার কিছুই করার নেই। করোনার ঝুঁকি নিয়ে এএফপিকে এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'অবশ্যই আমি করোনাকে ভয় পাই। কিন্তু ইসরাইলি ক্ষেপণাস্ত্র এর চেয়েও বেশি ভয়ংকর।' তার আট বছর বয়সী ছেলে বলে, 'এই মুহূর্তে ক্ষেপণাস্ত্রই আমাদের বেশি মারছে।'

বাংলাদেশের স্বাস্থ্যখাতে চলছে দুর্নীতির মহোৎসব

বাংলাদেশের স্বাস্থ্যখাতে দুর্নীতি ও অনিয়মের অনেক আলোচিত একটি বিষয়। স্বাস্থ্যখাতে গত তিনমাসে নিয়োগে ঘুষ বাণিজ্য, কেনাকাটায় দুর্নীতি আর অনিয়মের অনেক খবর প্রকাশিত হয়েছে, যেসব খবরের কোন প্রতিবাদও আসেনি সংশ্লিষ্ট দপ্তর থেকে।

কিন্তু মহামারির সময়ে এই খাতে অনিয়ম ও দুর্নীতির পরিমাণ অনেক বেড়েছে। দুর্নীতিবিরোধী সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বা টিআইবি গত বছর একটি প্রতিবেদনে উল্লেখ করেছে।

টিআইবি বলছে, করোনাভাইরাস মহামারীকে কেন্দ্র করে স্বাস্থ্যখাতে দুর্নীতির মহোৎসব হচ্ছে।

বাংলাদেশের স্বাস্থ্যখাতের অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনা নিয়ে যে সাংবাদিক সবচেয়ে বেশি রিপোর্ট করেছেন, সেই রোজিনা ইসলামকে সম্প্রতি পাঁচ ঘণ্টা মন্ত্রণালয়ে আটকে রাখার পর অফিসিয়াল সিক্রেক্টস অ্যাক্টের এক মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে। স্বাস্থ্যখাতে ১৮০০ চাকরির নিয়োগ নিয়ে কোটি টাকার ঘুষের প্রস্তাব, স্বাস্থ্যের সাড়ে তিনশো কোটি টাকার

কেনাকাটায় অনিয়ম - এরকম অনেকগুলো প্রতিবেদন তৈরি করেছেন রোজিনা ইসলাম। কিন্তু গণমাধ্যমে প্রকাশিত সেসব অনিয়ম-দুর্নীতির অভিযোগের ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছে কর্তৃপক্ষ? সেসব অভিযোগের ব্যাপারে কি খতিয়ে দেখা হয়েছে?

স্বাস্থ্য খাতে দুর্নীতি আর অনিয়ম বাংলাদেশের স্বাস্থ্য খাতে দুর্নীতি এবং অনিয়মের অভিযোগ নতুন নয়। কিন্তু করোনাভাইরাস সংকট শুরু হওয়ার পর স্বাস্থ্য খাতের নাজুক অবস্থার চিত্রটি প্রকাশ্য হয়ে পড়েছে। দরকারি উপকরণের অভাব, স্বাস্থ্য ব্যবস্থাপনা নিয়ে অভিযোগ, হাসপাতালে সেবার অভাব, নিয়োগ আর কেনাকাটায় একের পর এক দুর্নীতির খবর যেন এই খাতের বেহাল দশাকেই তুলে ধরেছে। কিন্তু এসব অভিযোগ কতটা আমলে নিয়েছে স্বাস্থ্য খাতের কর্তাব্যক্তিরা? স্বাস্থ্যখাত সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আ ফ ম রুহুল হক বলছেন, ''দুর্নীতির কোন অভিযোগ আসলে সেটা দুর্নীতি দমন কমিশনে চলে যায়। এরপর আমরা সেখান থেকে কোন তথ্য আর পাই না। আর গত কিছুদিনে যেসব অনিয়ম, দুর্নীতির খবর হয়েছে, সেগুলো তো দুর্নীতি দমন কমিশন, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা দপ্তরের তদন্ত করে দেখার কথা।

দুর্নীতির তদন্ত কতটা হয়? মাস্ক কেলেঙ্কারি, কোভিড টেস্ট নিয়ে জালিয়াতি, জেকেজি আর রিজেন্ট হাসপাতালের মতো বড় আর আলোচিত ঘটনার পরেও, গত তিনমাসেই স্বাস্থ্য খাতে ১৮০০ জনবল নিয়োগে কোটি টাকা ঘুষের প্রস্তাব, শত শত কোটি টাকার কেনাকাটায় অনিয়ম ও দুর্নীতির খবর আবার বাংলাদেশের গণমাধ্যমে শিরোনাম হয়েছে। যে সাংবাদিক এই প্রতিবেদনগুলো করেছিলেন, সেই রোজিনা ইসলামকে পাঁচ ঘণ্টা আটকে রাখার পর অফিসিয়াল সিক্রেক্টস অ্যাক্টের একটি মামলা করে কারাগারে পাঠিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়।

'রুই-কাতলা সবসময়ে ধরাছোঁয়ার বাইরে থেকে যায়' বাংলাদেশের স্বাস্থ্য খাতে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ নতুন নয়। ২০১৯ সালে একটি প্রতিবেদনে স্বাস্থ্যখাতে কেনাকাটা, নিয়োগ, পদোন্নতি, বদলি, পদায়ন, চিকিৎসাসেবা ইত্যাদি মিলিয়ে দুর্নীতি বেশি হয়, এমন ১১টি খাত চিহ্নিত করে প্রতিবেদন দিয়েছিল দুর্নীতি দমন কমিশন।

